क्काल्यालिती ७ ख्य

(মূল, টীকা ও বঙ্গান্তবাদ সমেত)

बीज्राधानाथ गान्ती अधापक वर्षमान विविद्यालह

নবভারত



পাবলিশার্স

৭১ মহাতা গাতী বোদ । কলিকালা-:

Digitized by Google

Original from

কঙ্কালমালিনীতন্ত্ৰম্

বিষ্ণুক্বরিষ্ঠো দেবানাং হ্রদানামুদ্ধির্যথা।
নদীনাঞ্চ যথা গঙ্গা পর্বতানাং হিমালয়ঃ॥
অশ্বত্থঃ সর্ববৃক্ষাণাং রাজ্ঞামিদ্রো যথা বরঃ।
দেবীনাঞ্চ যথা ছুর্গা বর্ণানাং ব্রাহ্মণো যথা।
তথা সমস্তশাস্ত্রাণাং তন্ত্রশাস্ত্রমমুত্তমম্॥

যদৃগৃহে নিবসেতন্ত্রং তত্র লক্ষ্মীঃ স্থিরায়তে।
রাজদ্বারে শ্মশানে চ সভায়াং রণমধ্যতঃ॥
নির্চ্চনে চ জলে ঘোরে শ্বাপদৈঃ পরিভূষিতে।
মাহাত্ম্যাত্তস্থ দেবেশি চমৎকারী ভবেৎ প্রিয়ে ॥
—বৃহন্দীলতম্মে

অস্থাস্থশাস্ত্রেষু বিনোদমাত্রং, ন তেষু কিঞ্চিছুবি দৃষ্টমন্তি।
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ, পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

— মৎস্যস্থত্তে

क्काल्यालिती ७ खम्

(মূল, টীকা ও বঙ্গানুবাদ সমেত)

শ্রীঅযোধ্যানাথ শাস্ত্রী অধ্যাপক, বর্ধনান বিশ্ববিদ্যালয়

-নবভারত



পাবলিশার্স

- বং মহাত্মা গান্ধী রোড। কলিকাতা-১

Digitized by Google

Original from UNIVERSITY OF VIRGINIA ৰবভারত প্রথম সংস্করণ আয়াঢ়, ১৩৮৬

সর্বাসত্ব সংরক্ষিত।

BL 1142 .6.19/27 B46

প্রকাশক: বুণজিৎ সাহা, নবভারত পাবলিশার্স: ৭২, মহান্দ্রা পান্ধী রোড, কলিকাতা-১

মুদ্রাকর: আর, সাহা, প্যারট প্রেস: ৭৬৷২ বিধান সরণী (ব্লক কে ওয়ান), কলিকাডা-৬

ভূমিকা

তন্ত্র শব্দটি বিস্তারার্থক তন্ ধাতুর উত্তর উণাদি 'ফ্রন্' প্রত্যয় করিয়া নিষ্পন্ন হইরাছে। যাহার দ্বারা জ্ঞানের বা সাধনার বিস্তার করা হয়, তাহাই ইহা যুক্তিশাস্ত্র নয়, ইহাতে প্রমাণ, অপ্রমাণ সম্বন্ধে কোনো আলোচনা নাই। ইহাতে আছে কেবল সাধনা। কি করিয়া মন্ত্রসিদ্ধি হইতে পারে এবং কি করিয়া ইফ্টদেবের সাক্ষাংকার করা যাইতে পারে এই সকল বিষয় ভ্তে বিস্তৃত-ভাবে আলোচিত হইয়া থাকে। তন্ত্রে বাগ্-বিতণ্ডার কোন অবকাশ নাই। ইহা প্রত্যক্ষ ফলপ্রদ শাস্ত্র, অনলস হইয়া নিরন্তর সাধনা করিলে প্রত্যক্ষ ফল লাভ হইয়া থাকে। যেমন অগ্নির দাহিকা শক্তি স্বতঃসিদ্ধা, জ্ঞানে অথবা অজ্ঞানে, বিশ্বাস করিয়া অথবা অবিশ্বাসী বুদ্ধি লইয়া, যেই ভাবেই হউক না কেন, হস্ত প্রক্ষেপ করিলেই, উহাকে দগ্ধ করিবে, এইভাবে তন্ত্রও কাহারও বিশ্বাস ও অবিশ্বাসের উপর মুখাপেক্ষা নয়। বিশ্বাসী হউক অথবা অবিশ্বাসী হউক গুরুর উপদেশ অনুসারে সাধনা করিলে অবশ্যই ফল প্রাপ্তি হইয়া থাকে। তবে ইহা গুরুগম্য শাস্ত্র, সদ্গুরুর উপদেশ ব্যতীভ তম্ত্রশাস্ত্রের গভীরতত্ব অথবা সাধনার গৃঢ় রহস্য কেহ বুঝিতে সক্ষম হইতে পারে না। সাধনায় গুরুই একমাত্র সহায় ; এই কারণেই তন্ত্রশান্ত্রের বেশীর ভাগই সঙ্কেত ভাষায় বা হেঁয়ালী ভাষায় লেখা।

ভব্তকে আগমও বলা হয়। রুদ্রযামলে লিখিত হইয়াছে যে শিবমুখ হইতে আগত, গিরিজামুখে গত ও বাসুদেবের সন্মত বলিয়া ভব্তকে আগম আখ্যাদেওয়া হয়। আগতম্, গতম্ ও মতম্—এই তিনটি পদের আলক্ষর ধরিয়া আগম পদটি গঠিত হইয়াছে। "আগতং শিববস্তে ভো গতঞ্চ গিরিজামুখে। মতং শ্রীবাসুদেবহা তন্মাদাগম উচ্যতে"—রুদ্রযামলবচন। সম্প্রদায়ভেদে আগম অনেক প্রকার—শৈব, শাক্ত, সৌর, গাণপত্য, বৈষ্ণব, পাশুপত, বীরশৈব, চাল্র, যায়জুব, শাবর, ঘোর, মায়াকাপালিক, বৌদ্ধ, জৈন, কৌল ইত্যাদি (দ্রাইব্য শক্তিসঙ্গম তন্ত্রে)।

অনেকে আগমকে বৈদিক ও অবৈদিক ভেদেও গুইভাগে বিভক্ত করিয়া থাকেন। যে ভল্লে বেদের প্রামাণ্য স্বীকার করা হয়, তাহা বৈদিক এবং যাহাতে বেদের প্রামাণ্য স্বীকৃত হয় নাই, তাহা অবৈদিক। যথা বাম, পাশুপভ সোম, লাকুল ও ভৈরব প্রভৃতি আগমগুলিকে বেদবাহ্য বা অবৈদিক বলা হয়—

বামং পাশুপতং সোমং লাকুলঞ্চৈব ভৈরবম্।

অসেব্যমেত কথিতং বেদৰাহাং তংথতরম্ । কুর্মপুরাণ, ৩৭, ১৪৭।



আমাদের মনে হয় যে চিরদিন হইতেই আর্য্যদের মধ্যে গুইটি দল ছিল 🗠 একদল বেদের আচার অনুষ্ঠানগুলিকে মানিয়া চলিত এবং আর একদল উক্ত আচার অনুষ্ঠান মানিয়া চলিত না অর্থাৎ বাহ্যানুষ্ঠানের পক্ষপাতী তাঁহারা ছিলেন না, ইহা বৈদিক সাহিত্যেই ব্রাত্যদের বর্ণনা দেখিলে মনে হয়। ব্রাত্যরা বৈদিক আচারে বিশ্বাসী ছিলেন না, অথচ তাঁহারা জ্ঞানী ছিলেন, শিব বা পশুপতিকে তাঁহারা দেবভা বলিয়া মানিতেন। পূর্বে এঁদের হীন বা নিন্দিভ বলিয়া গণ্য করা হইত, পরে আবার তাঁহারই প্রশংসাভাজন হইয়াছিলেন। ষে তন্ত্রে বৈদিক আচার অনুষ্ঠান এক সময়ে গৃহীত হয় নাই, আবার সেই ভল্লেই বিবিধ প্রকার আচার অনুষ্ঠানের প্রাচুর্য্য দেখা গেল। পরবর্তী যুগো: বৈদিক অনুষ্ঠানগুলিতেও তন্ত্রের প্রভাব দেখা গিয়াছিল, যেমন অশ্বমেধ, মহারত প্রভৃতি অনুষ্ঠানে নৃত্য, গীত পুংশুলীদের সঙ্গে নানাপ্রকার অশ্লীক উপহাস, এমনকি ভন্তের পঞ্চম মকার মৈথুনেরও আচরণ করা হইত। ভন্তের মধ্যেও নানাপ্রকার বৈদিক অনুষ্ঠান অনুষ্ঠিত হইতে লাগিল ষেমন—কারণ, মাংস,মংস্য প্রভৃতি দ্রব্যের শোধন করার যে মন্ত্র সে সবগুলিই বৈদিক। এই প্রকারে কোন ভন্ত্রটি বৈদিক বা কোন ভন্ত্রটি অবৈদিক ইহার পরিচয় করা সম্ভব ছিল না।

কেবল বৈদিক আচার অনুষ্ঠানেই ভান্ত্রিক প্রভাব বিস্তার লাভ করে নাই।
পুরাণ ও স্মৃতি নিবন্ধ-সাহিত্যেও যথেষ্ট ভান্ত্রিক প্রভাব পরিলক্ষিত হইয়া
থাকে। স্মৃতি-নিবন্ধকার শূলপাণি এবং রঘুনন্দনের গ্রন্থে ভান্ত্রিকপ্রভাব
অধিক পরিমাণে দেখিতে পাওয়া যায়। অনেক স্মৃতিকার বেদের মতই
ভল্তেরও প্রামাণ্য স্বীকার করিয়াছেন—উভয়ের প্রামাণ্যই তুল্যমূল্য। বিচার
করিলে এইরপ নিষ্কর্ষে আসিতে পারা যায়। ভল্তসম্বন্ধে সাধারণতঃ ভিন
প্রকার মত দৃষ্ট হইয়া থাকে।

(১) বেদ ও তন্ত্র—উভরেরই প্রামাণ্য বিষয়ে সমান মূল্য, ষেমন হারীত ও অন্যান্য স্মৃতিনিবন্ধকারের গ্রন্থে, (২) বেদমূলক তন্ত্রই প্রমাণরূপে গৃহীত, ষাহার বেদমূলক নয় এরূপ তন্ত্র প্রমাণ বিলয়া গৃহীত নয়, ষথা—পাশুপত, কাপালিক প্রভৃতি। ভাঙ্কররায়, রাঘবভট্ট প্রভৃতি ইহাই স্বীকার করিয়াছেন। (৩) তন্ত্র বেদমূলক হইলেও প্রমাণরূপে গৃহীত হইবে না, যেমন কুকুরের চর্মে গঙ্গাজন প্রিল্ল হইতে পারে না।—ইহা কুমারিল ভট্টের মত।

যাঁহারা গোঁড়া বেদপ্রামাণ্যবাদী তাঁহাদের মতে তন্ত্র ষতই ভাল হউক, উহাতে বেদের প্রামাণ্য স্বীকৃত হইলেও উহা ত্যাজ্য—তন্ত্র-বার্ত্তিক ১৩। মনুসংহিতার ভাষ্যকার মেধাতিথি, যাজ্ঞবল্ক্য সংহিতার টীকাকার অপরার্ক এবং প্রসিদ্ধ তান্ত্রিকাচার্য্য ভাষ্কররায় প্রভৃতি বেদবিরুদ্ধ তন্ত্রেরই অপ্রামাশুরূপে শ্বীকার করিয়াছেন। তান্ত্রিকাচার্য্য ভাষ্কররায় বলেন, কামিকাদি অফাবিংশতি শৈবতন্ত্র বেদানুযায়ী, আর কপালভৈরবাদি তন্ত্র বেদবিরুদ্ধ—'অথবা সন্তিবেদানুযায়ীনি শৈবতন্ত্রাণি কামিকাদীশুফাবিংশতিঃ বেদবিরুদ্ধানি কপালভিরবাদীনি চ'।

রাঘা ভট্টের মতে শ্রুতি তিন কাণ্ডে বিভক্ত—কর্মকাণ্ড, উপাসনাকাণ্ড ও বিলক্ষাণ্ড। উপাসনাকাণ্ডই হইল আগমশাস্ত্র—'ভত্ত সর্বাস্থ শ্রুতিষু কাণ্ডত্রয়ং কর্মোপাসনা-ব্রহ্মভেদেন, অত এতহ্পাসনাকাণ্ডমেবাগমশাস্ত্রাত্মকং গরীয় ইভি সিদ্ধম্—সা তি-১।১

স্বন্ধপুরাণের মতে বেদবাহা হইলেও তন্ত্র অশাস্ত্র বা অপ্রমাণ নয়, সূত-সংহিতার যজাভৈরব-খণ্ডে দাবিংশ অধ্যায় দ্রাইব্য।

প্রকারান্তরে আগমকে ভিনভাগে বিভক্ত করা যাইতে পারে। তন্ত্র, যামল ও ডামর। তন্ত্র—ভামস, রাজস ও সন্থিক ভেদে ভিন্প্রকার। যামলের সংখ্যা আট—যথা, রুদ্র, স্কন্দ, ব্রহ্ম, বিষ্ণু, যম, বায়ু, কুবের ও ইন্দ্র। ডামর হয় প্রকার—যথা, যোগডামর, শিবডামর, হুর্গাডামর, সারস্বডামর, ব্রহ্মডামর, ও গন্ধর্বডামর।

সমগ্র তন্ত্রকে আবার পাঁচ ভাগে বিভক্ত করা যাইতে পারে অর্থাং পাঁচটি আয়ায়ে তন্ত্রকে বিভক্ত করা হইরাছে—পূর্ব, পশ্চিম, দক্ষিণ, উত্তর ও উর্দ্ধ । কথিত হইরা থাকে যে শিবের পঞ্চম্খ হইতে উপরি উক্ত পাঁচটি আয়ায় উদ্ভূত হইরাছে। শিবের পঞ্চমুখের নাম হইল—সদ্যোজ্ঞাত, অঘোর, তংশুরুষ, বামদেব ও ঈশান। সদ্যোজ্ঞাত মুখ হইতে পশ্চিমায়ায়, বামদেব হইতে উত্তরায়ায়, অঘোর হইতে দক্ষিণায়ায়, তংপুরুষ হইতে পূর্বায়ায় এবং ঈশান হইতে উদ্ধায়ায় বহির্গত হইরাছে।

আয়ারভেদে দেবতা ও মন্ত্রাদিরও ভেদ দেখা যায়। সময়াচার তন্ত্রমতে প্রায়ারে শ্রীবিদ্যা ও তাঁহার বিভিন্ন ভেদ—যথা, তারা, ত্রিপুরা, ভ্বনেশী, অন্নপ্রা। পশ্চিমায়ারে—মহাসরষতী বিদ্যা ও তাঁহার ভেদ—যথা, বাগ্-বাদিনী, প্রত্যঙ্গিরা, ভবানী। উর্ত্রায়ায়ে কালিকা ও তাঁহার ভেদ, তারা ও তাঁহার ভেদ, মাতঙ্গী, ভৈরবী, ছিল্লা, ধ্মাবতী। দক্ষিণায়ায়ে—বগলাম্থী, বিশিনী, ত্রিভা, ধনদা, মহিষদ্মী, মহালক্ষী। উর্দ্ধায়ায়ে—পরা এবং প্রসাদমন্ত্র বর্ণিত হইয়াছে (প্রাণ, তো, কাও ১, সময়াচার-বচন)।

উপরি উক্ত দক্ষিণায়ায়ের অন্তর্গতই এই 'কল্পানালিনীতন্ত'। তান্ত্রিক সমাজে প্রবাদ আছে যে এই তন্ত্র পৃত্তকটি পূর্বে ৫০ সহস্রশ্লোকে নিবদ্ধ ছিল; কিন্তু কালক্রমে ইহার অধিকাংশ ভাগই লুগু হইরা গিরাছে। দিতীর পটলের শেষে যে colophon বা প্রন্থিকা দৃষ্ট হইরা থাকে যথা, 'ইতি দক্ষিণায়ারে সার্দ্ধাক্ষপ্রত্থে কল্পানালিনীতন্ত্রে দিতীয়ঃ পটলঃ'—ইত্যাদির দারাও অনুমান করা যাইতে পারে যে এই তন্ত্রটি অর্দ্ধাক্ষপ্রত্থে অর্থাং ৫০ সহস্র প্লোকে নিবদ্ধ ছিল।

ৰকাল-শব্দের অর্থ Skeleton বা অন্থিপঞ্জর, কিন্তু এন্থলে নরমুগু অর্থে ব্যবহৃত হইয়াছে। কল্পালার অর্থ নরমুশুমালা—যাঁহার গলায় মুশুমালা আছে, তাঁহাকেই বলা হয় 'কঙ্কালমালিনী' অর্থাৎ ভগবতী কালিকাই কঙ্কাল-মালিনী। ধ্যানে আছে—'ধ্যায়েং কালীং করালাস্তাং মুগুমালাবিভূষিতাম্'— এই ধ্যান অনুসারে কঙ্কালমালিনীর অর্থ মুশুমালিনী কালী। কিন্ত এই ভন্তখানির আদন্ত পাঠ করিলে মনে হয় কঙ্কালশব্দের দ্বারা এই ভন্তে বর্ণ অভিপ্রেত এবং কঙ্কালমালার অর্থ বর্ণমালা অর্থাৎ যাঁহার গলায় বর্ণমালা শোভায়মান, তিনিই হইলেন 'কঙ্কালমালিনী' মূলাধার-নিবাসিনী ভগবতী কুণ্ডলিনী দেবীই হইলেন 'কঙ্কালমালিনী'। কম্ সুখং কলয়ভি দদাভি ষা— যিনি সুখ প্রদান করেন—এই অর্থে কঙ্কালশব্দের অর্থ বর্ণ। যদ্যপি ধাতুপাঠে 'কল সংখ্যানে' এইরূপ সংখ্যান অর্থে কল ধাতুর পাঠ করা হইয়াছে, তথাপি 'অনেকার্থা অপি ধাতবো ভবস্তি' এই নিয়ম অনুসারে কল ধাতুর অর্থ দান করাও হইতে পারে। এ-স্থলে দানার্থেই কল ধাতুর প্রয়োগ করা হইয়াছে। সৃতরাং কঙ্কালমালার অর্থ হইল বর্ণমালা এবং কঙ্কালমালিনীর অর্থ—ফাঁহার গলায় বর্ণমালা শোভায়মান এইরূপ হইবে। মূলাধারস্থিতা কুগুলিনী দেবী হইলেন কক্ষালমালিনী শ্মশানবাসিনী শ্যামা। জাগ্রতা কুগুলিনী সুযুমাপথ দ্বারাই যাতায়াত করেন। সুষ্মা হইল শ্মশান এবং সুষ্মার মূলে অবস্থান করেন বলিয়া কুণ্ডলিনী হইলেন শ্মশানবাসিনী শ্যামা। হঠযোগপ্রদীপিকাতে সুষুমাকে শাশান বলা হইয়াছে —

> 'সুষুমা শৃশাপদবী ব্রহ্মরন্ধু: মহাপথঃ, শাশানং শাস্তবী মধ্যমার্গন্ডেকেবাচকাঃ।'—হ-প্র-৩।৪

পূর্বে এই তন্ত্রপুস্তকটি ৫০ সহস্র শ্লোকে নিবদ্ধ ছিল; কিছ তাহার অধিকাংশ ভাগই লুপ্ত হইরা গিয়াছে। সম্প্রতি যে পুস্তকটি আমরা পাইরাছি, তাহাতে সাকলো পাঁচটি পটল বিদ্যান রহিয়াছে। কঙ্কালমালিনীতজ্ঞের

হই খানি ছাপা পুস্তক আমাদের সামনে উপস্থিত। একখানি কুলভ্যণ পণ্ডিত রমাদত্ত শুক্র এম, এ মহাশরের দ্বারা সম্পাদিত এবং দেবনাগরী অক্ষরে প্রকাশিত। ইহাতে কোন ব্যাখ্যা বা অনুবাদ নাই। কেবল সম্পাদকের একটি ক্ষুদ্র ভূমিকা রহিয়াছে। আর একখানি পুস্তক পাইয়াছি, যাহা শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন মহাশরের দ্বারা সম্পাদিত ও বঙ্গাক্ষরে প্রকাশিত। এই বঙ্গাক্ষরে ছাপা বইখানিতেও কোনরূপ টীকা-টিপ্লনী বা ব্যাখ্যা নাই, মূলমাত্র রহিয়াছে। বঙ্গাক্ষরে ছাপা এবং দেবনাগরী অক্ষরে ছাপা এই হুই বইয়ের মধ্যে কোনরূপ পার্থক্য দেখিলাম না। ছুইটিতেই একই অশুদ্ধি বা ভুল বিদ্যমান। যখনই আমার মনে সম্পেহ উপস্থিত হইয়াছে তংনই ছুইটি বই মিলাইয়া দেখিয়াছি; কিছ তাহাতে কোনরূপ সন্দেহের নিরুদ্ধন হইতে পারে নাই। কাজটি ছোট হইলেও বেশ কঠিন, কারণ একে সাক্ষেতিক ভাষার বুয়হ ভেদ করিয়া রহস্য উদ্ঘাটন করা, ভাহার উপর আবার স্থলে স্থলে অশুদ্ধির বাছল্য। দেবনাগরী অক্ষরে প্রকাশিত পুশুকের সম্পাদক কুলভূষণ মহাশয়ও ইহার হুরহতা স্বীকার করিয়াছেন।

এই তন্ত্রের প্রথম পটলে বর্ণমালার ব্যাখ্যা করা হইরাছে। আমি প্রথমে বিলিয়াছি যে বর্ণমালাই হইল কঙ্কালমালা এবং কুণ্ডলিনীদেবীই হইলেন কঙ্কালমালিনী। স্বৃতরাং এই তন্ত্রে বর্ণমালার একটি বিশেষ স্থান রহিয়াছে। 'অ' হইতে 'অং' পর্যান্ত ১৬টি স্বরবর্ণ আছে—এইগুলিকে সত্ত্বমর বলিয়া ধরা হইয়াছে। অবশিষ্ট ৩৫টি ব্যঞ্জনবর্ণের মধ্যে 'ক' হইতে 'অ' পর্যান্ত ১৭টি বর্ণসমন্তিকে রজোগুণমর বলা হইয়াছে এবং 'দ' হইতে 'ফ' পর্যান্ত ১৮টি বর্ণসমন্তিকে তমোগুণমর বলিয়া ধরা হইয়াছে। এই ৫১টি বর্ণমালার সাঙ্কেতিক নামের একটি তালিকাও দেওয়া হইয়াছে। মাহার দ্বারা নানাপ্রকার মন্ত্রের বীজোদ্বার করা ঘাইতে পারে—মথা; 'ওঁ' এর বাচক বিষবীজ, ভ্রুতিমুখ, গ্রুব এবং হলাহল। 'ক্লী" মন্ত্রের বাচক হইল কামবীজ, ত্রিমূর্ত্তি, মন্মথ ও বৈলোক্যমোহন। 'হ্লী" মন্ত্রের তান্ত্রিক নাম হইল লজ্জা। 'হ্ল" এর তান্ত্রিক নাম হইল কুর্চ, কাল এবং ক্রোধবীজ। 'ঐ" এর তান্ত্রিক নাম হইল ভৌতিক, সারস্বত, বাগ্ভববীজ ইত্যাদি।

দ্বিতীয় পটলে মন্ত্রের অর্থ, মন্ত্রচৈতন্য, যোনিমুদ্রার বিবরণ, মন্ত্রসিদ্ধির জন্ম যোনিমুদ্রার রহস্য এবং পরিশেষে যোনিকবচ বিবৃত করা হইয়াছে।

তৃতীয় পটলে শুরুদেবের ও তাঁহার পূজার বিধির বিশদভাবে বিবরণ করার পর শুরুকবচ ও শুরুগীতা প্রদত্ত হইয়াছে। চতুর্ব পটলে মহাকালীর মন্ত্র এবং তাহার মাহাজ্যের বর্ণনা করার পর একাক্ষর ও ত্রাক্ষর মন্ত্রের উদ্ধার করা হইয়াছে। পরিশেষে চতুর্থ পটলের শেষভাগে বিশদভাবে মহাকালীর পূজাবিধি কথিত হইয়াছে।

পঞ্চম পটলটি বেশ বড়। ইহাতে পুরশ্চরণের বিধান এবং উহার মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। কলিযুগে অল্লায়ু মনুদ্যের জন্য পুরশ্চরণই একমাত্র সাধন, যাহার দ্বারা অনায়াসেই মন্ত্রসিদ্ধি হইতে পারে। কঠিন তপশ্চর্য্যার দ্বারা যাহা হয় না, তাহা পুরশ্চরণের দ্বারা অবশ্যই সম্ভব। যে কোন সময়েই হউক না কেন কালের বিচার না করিয়াই পুরশ্চরণ-অনুষ্ঠান করিতে প্রস্তুত**্** হওরা উচিত। দিনে রাত্রে বা মহানিশিতে যে কোন সময়ে পুরশ্চরণের**ু** অনুষ্ঠান করিতে বাধা নাই। ইহাতে অনেক প্রকার পুরশ্চরণের আলোচনা করা হইয়াছে। পুরশ্চরণের বিধিপ্রসঙ্গেই প্রাভঃকৃত্য, স্নান, সন্ধ্যা, তর্পণ প্রভৃতির উল্লেখ করা হইয়াছে। গণপতি, ভৈরব, ক্ষেত্রপাল এবং ইন্দ্র প্রভৃতি দেবতার উদ্দেশ্যে কিভাবে বলি দিতে হইবে, তাহাও বিস্তৃতভাবে বণিত হইয়াছে। পরে ভূতভদ্ধি ভাস প্রভৃতির অনুষ্ঠান সমাপন করিয়া **ভস্মের** তিলক ধারণ করতঃ রুদ্রাক্ষ ধারণ করিবার বিধান দেওয়া হইয়াছে। ভস্মের তিলক ত্রিপুণ্ডু ধারণ করিয়া রুদ্রাক্ষ ধারণ করার মাহাদ্যা এত বেশী বর্ণিত হইরাছে যাহাতে স্থিরমতি পাঠকেরও ধৈর্য্যচ্যুতি হওরা সম্ভব। পঞ্চাশদ্বর্ণের প্রত্যেকটির পূজা, ধ্যান, ধারণা প্রভৃতি উল্লেখ করার পর ডাকিনী, রাকিণী, লাকিনী, কাকিনী, শাকিনী ও হাকিনীর বীজোদ্ধার প্রদন্ত হইয়াছে। মাতৃকাবীজের রহস্তও সৃন্দরভাবে উদ্ঘাটিত হইয়াছে। পরিশেষে শারদীয়া মহাপূজা এবং তংসম্বন্ধী পুরশ্চরণের বিশেষরূপে বিবরণ আছে, যাহা জিজাসু সাধকের পক্ষে বিশেষ উপযোগী।

নবভারত পাবলিশার্স-এর কর্তৃপক্ষ তন্ত্রাদি হর্লভ প্রাচীন সাধনশান্ত্রের প্রকাশন করিয়া প্রচার করিবার জন্ম বিশেষ আগ্রহী। তাঁহারাই আমাকে এই কক্ষালমালিনী তন্ত্রের ব্যাখ্যাদহ সম্পাদন করিবার জন্ম প্রোৎসাহিত করিলেন। আমার মত লোককে তিনি এইরূপ হ্রুহ কার্য্যভার কেন অর্পণ করিলেন জানি না। আমি একজন বৈয়াকরণ, চিরজীবন কেবল ব্যাকরণ চর্চায় কালাভিপাত করিয়াছি এবং আজ পর্যান্ত ভাহাই করিয়া চলিতেছি। কেবল বৈয়াকরণী বৃদ্ধির দারা তন্ত্রের এই হ্রুহ সাল্কেতিক ভাষার মধ্যে প্রবেশ করা যায় না। তবে কয়েক বংদর কুলাচার্য্য সাধকশিরোমণি শ্রীমদ্ কালীকৃষ্ণানন্দ গিরির সান্ধিধ্যে বিদিয়া তাঁহারই মুখারবিন্দ হইতে কুলাচার ও কুলানুষ্ঠানের

উপদেশ শ্রবণ করিবার সুযোগ পাইয়াছি, সেই উপদেশের উপর নির্ভর করিয়া এবং তাঁহারই করুণার শরণাপন্ন হইয়া এই কার্য্যে অগ্রসর হইলাম এবং শেষপর্যান্ত সমাপ্তও করিতে পারিলাম। একমাত্র তাল্ত্রিক সাধক পাঠকপণই ইহার সমৃচিত মর্ম বুঝিতে পারিবেন এবং ইহাতে বর্ণিত সাধনারও উপলব্ধি করিতে পারিবেন। যদি এই তল্পখানি সাধক পাঠকগণের হস্তগত হয় তাহা হইলে জানিব আমার পরিশ্রম সার্থক-হইয়াছে।

> শ্রীতবেষধ্যানাথ শান্তী অধ্যাপক, সংস্কৃত বিভাগ বর্ধমান বিশ্ববিদ্যালয়।

কঙ্কালমালিনীতন্ত্ৰম্

প্রথমঃ পটলঃ

ে ওঁ নমঃ শ্রীগুরবে।

ভৈরব্যুবাচ---

ত্রিপুরেশ মহেশান পার্ব্বতীপ্রাণবল্পত। জগদ্বন্দ্য শূলপাণে বর্ণানাং কারণং বদ॥ ১

শ্রীভৈরব উবাচ---

কথয়ামি বরারোহে বর্ণানাং ভেদম্তমন্।
ন প্রকাশ্যং মহাদেবি তব স্নেহাৎ স্থভাষিণি॥ ২
যজ্জাত্বা যোগিনো যান্তি নিশু গত্বং মম প্রিয়ে।
তচ্ছুণুদ্ব স্বরূপেণ মহাযৌবনগর্বিতে॥ ৩
শব্দব্রহ্মস্বরূপন্তদ্ আদি-ক্ষান্তং জগৎপ্রভূং।
বিহ্যজ্জিহ্বা করালাস্থা গর্জিনী ধূমভৈরবী॥ ৪
কালরাত্রিবিদারী চ মহারৌজী ভয়্তর্রী।
সংহারিণী করালিনী উর্দ্ধকেশ্চাগ্রভৈরবী॥ ৫

ভৈরবী বলিলেন—হে ত্রিপুরেশ, হে মহেশ, হে পার্বজীর প্রাণবল্পভ, হে জগদ্বন্দ্য শুলপাণি, বর্ণসমূহের কারণ বর্ণন কর। ১

শ্রীভৈরব বলিলেন—হে বরারোহে, সুভাষিণি মহাদেবী, ভোমার প্রভি আমি স্নেহপরবশ হইয়া বর্ণসমূহের উৎকৃষ্ট রহস্য বর্ণন করিভেছি, যাহা (কাহারও নিকটে) প্রকাশ্ত নয়। ২

হে আমার প্রিয়ে, মহাযোবনের গর্বে গর্বিভে, যাহা জানিয়া যোগিগণ নিভ'ণত প্রাপ্ত হইয়া থাকেন ভাহার স্বরূপ শ্রবণ কর। ৪

জকারাদি ক্ষকারান্ত যাহা শব্দত্রক্ষ-শ্বরূপ, তাহাই জগতের প্রভু। (অ) বিহাজিহবা, (আ) করালাফা, (ই) গর্জিনী, (ঈ) ধূমভৈরবী। ৪

(উ) কালরাজি, (উ) বিদারী, (ঝ) মহারোজী, (ঝ) ভয়ঙ্করী, (১) সংহারিণী, (এ) উর্জকেশী, (ঐ) উগ্রভৈরবী। ৫

ভীমাক্ষী ডাকিনী রুদ্র**ডাকিনী চণ্ডিকেতি** চ। এতে বর্ণাঃ স্বরাঃ জ্বেয়াঃ কৌলিনি ব্যঞ্জনা শৃণু ॥ ৬ ক্রোধীশো বামনশ্চণ্ডো বিকার্য্যুমন্তভৈরবঃ। ত্বালামুখো রক্তদংষ্ট্রোহসিতাকো বড়বামুখ:॥ ৭ বিহ্যুমুখো মহাজ্বালঃ কপালী ভীষণো রুরুঃ। সংহারী ভৈরবো দণ্ডী বলিভুগুগ্র-শূলধৃক্।। ৮ সিংহনাদী কপদী চ করালাগ্রিভয়ন্বর:। বছরূপী মহাকালো জীবাত্মা ক্ষডজোক্ষিতঃ॥ ৯ বলভেদো রক্তশ্চ চণ্ডীশো জ্বলনধ্বজঃ। বৃষধ্বজো ব্যোমবজু-স্ত্রৈলোক্য-গ্রসনাত্মকঃ ॥ ১০ এতে চ ব্যঞ্জনা জ্বেয়াঃ কাদি-ক্ষান্তাঃ ক্রমাদিতাঃ। অকারাদি-ক্ষকারাস্তা বর্ণাস্ত শিবশক্তয়ঃ ॥ ১১ পঞ্চাশচ্চ ইমে বর্ণা ব্রহ্মরূপাঃ সনাতনাঃ। যেষাং জ্ঞানং বিনা বামে সিদ্ধিন্ স্থাদ্ গুরুজ্বনি ।। ১২ তে বর্ণসাগরাঃ প্রোক্তা গুণত্রয়ময়াঃ শুভে। বিহ্যাজ্জিহ্বামুখং কৃত্বা চণ্ডিকান্তং নগাত্মজে ॥ ১৩

অকারাদি ক্ষকারান্ত বর্ণগুলি শিবশক্তি-শ্বরূপ এই পঞ্চাশং বর্ণসমষ্টিই সনাতন ব্রহ্মরূপে বিরাজমান। হে বামে, যাহার জ্ঞান ব্যতীত সিদ্ধি প্রাপ্তি

⁽ও) ভীমাক্ষী, (ও) ডাকিনী, (অং) রুদ্রডাকিনী, (অঃ) চণ্ডিকা এইঙলি স্বর্বর্ণ (ইহু:) জানিবে। হে কোলিনী, এইবার ব্যঞ্জনবর্ণ শ্রবণ কর। ৬

ক) ক্রোধীশ, (খ) বামন, (গ) চণ্ড, (ঘ) বিকারী, (ঙ) উন্মন্তভৈরব, (চ) জ্বালামুখ, (ছ) রক্তদংস্ট্র, (জ) অসিতাঙ্গ, (ঝ) বডবামুখ। ৭

⁽ঞ) বিহ্যামুখ,(ট) মহাজ্বাল, (ঠ) কপালী, (ড) ভীষণ, (ঢ) রুরু, (৭) সংহারী, (ভ) ভৈরব, (থ) দণ্ডী, (দ) বলিভুক, (ধ) উগ্রশূলধৃক্। ৮

⁽ন) সিংহনাদ, (প) কপদী, (ফ) করালাগ্নি, (ব) ভয়ঙ্কর, (ভ) বছরপী, (ম) মহাকাল, (ষ) জীবাদ্মা, (র) ক্ষতজোক্ষিত। ১

[্]ল) বলভূদ, (ব) রক্ত, (শ) চণ্ডীশ, (ষ) জ্বলনধ্যজ, (স) বৃষধ্যজ, (হ) ব্যোমবজ্তু, (ক) ত্রৈলোক্যগ্রসনাম। ককারাদি ক্ষকারাভ এই বর্ণগুলিকে ব্যঞ্জনবর্ণরূপে জানিবে। ১০

সত্তণময়া বর্ণা রজোগুণময়ান্ শৃণু।
কোধীশাদ্দিত-পর্যান্তা ব্যঞ্জনা রাজসাঃ স্মৃতাঃ॥ ১৪
বিলভুগর্ণমারভ্য বৈলোক্য-গ্রসনাবধি।
জ্য়োস্তমঃ-স্বরূপান্তে তেভ্যো জাতান্ শৃণু প্রিয়ে॥ ১৫
গুশবশ্চান্ধকারঃ স্যাক্র-শব্দস্তরিরোধকং।
অন্ধকারবিরোধিত্বাদ্ গুরুরিত্যভিধীয়তে॥ ১৬
গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তো রকারঃ পাপহারকঃ।
উকারস্ত ভবেদ্বিষ্ণু-স্ত্রিত্যাত্মা গুরুঃ স্বয়ম্।। ১৭
আদাবসৌ জায়তে চ শব্দব্রহ্ম-সনাতনঃ।
বস্থুজিহ্বা কালরাত্র্যা রুদ্র-ডাকিন্সলঙ্কতা।
বিষবীজং শ্রুতিমুখং ধ্রুবং হালাহলং প্রিয়ে॥ ওঁ। ১৮

সম্ভব নয়। হে শুরুস্তনি শুভে, এইশুলিকে শুণত্রয়ময় বর্ণসাগর বলা হয়। বিহ্যাজ্জিহা অর্থাৎ অকার হইতে আরম্ভ করিয়া চশুকা অর্থাৎ বিসর্গ পর্যান্ত বর্ণগুলি সম্বশুণামুক্ত ৷ ১১-১৩

হে নগাত্মজে, এইবার রজোগুণযুক্ত বর্ণের কথা প্রবণ কর। ক্রোধীশ অর্থাৎ ককার আরম্ভ করিয়া দণ্ডী অর্থাৎ থকার পর্যান্ত ব্যঞ্জনসমন্টিকে রজোগুণযুক্ত জানিবে। ১৪

বলিভুক্ অর্থাৎ দকার হইতে আরম্ভ করিয়া তৈলোক্যগ্রসনাত্মক বর্ণ ক্ষকার পর্যান্ত যে বর্ণসমষ্টি সেগুলি তামস (তমোগুণযুক্ত)। হে প্রিয়ে, সেই সত্ম প্রভৃতি গুণ হইতে উৎপত্তি শ্রবণ কর। ১৫

গুরু শব্দের অর্থ 'গু' শব্দের দ্বারা অন্ধকারকে বুঝায়। এবং উহার নিরোধকারী অর্থ 'রু' শব্দের দ্বারা প্রকাশ পায়। যিনি (অজ্ঞানরূপ) অন্ধকারকে নিরোধ করেন, তিনিই গুরু। ১৬

গকারের অর্থ সিদ্ধিদাতা এবং রকারকে পাপহারক বলা হয়, আর উকারের দারা বিষ্ণুকে বুঝায়, সুতরাং গুরু স্বয়ং তিন রূপ-বিশিষ্ট। ১৭

'ওঁ' শক্টি ভিনটি বর্ণের দারা গঠিত—বসুজিহ্বা অকার, কালরাত্রি উকার এবং রুদ্রভাকিনী অনুষার। হে প্রিয়ে, এই শক্তরক্ষরপী বীজমন্ত্রটি জগদ্-প্রপঞ্চের পক্ষে বিষয়রপ অর্থাৎ বিষের স্থায় মায়াপ্রপঞ্চকে নষ্ট করিতে সমর্থ এবং শ্রুভির মুখ্যরপ। ১৮

চণ্ডীশঃ ক্ষতজারতো ধূম-ভৈরব্যলয়তঃ।
নাদবিন্দুসমাযুক্তং লক্ষ্মীবীজং প্রকীন্তিতম্ ॥ প্রীঁ। ১৯
ক্রোধীশং ক্ষতজারাতং ধূমভৈরব্যলয়তম্ ।
নাদবিন্দুযুতং দেবি নামবীজং প্রকীন্তিতম্ ॥ ক্রীঁ। ২০
ক্রোধীশো বলভূদ্ বলিভূগ্ ধূম-ভৈরবীনাদবিন্দুভিঃ।
ক্রিমূর্ত্তির্মন্মধঃ কামবীজং ক্রেলোক্যমোহনম্ ॥ ক্রীং। ২১
ক্ষতজ্বস্থো ব্যোমবক্ত্রো ধূম-ভৈরব্যলয়তঃ।
নাদবিন্দু-স্থোভাত্যং মায়া-লজ্জাদ্বয়ং স্মৃতম্ ॥ ক্রীঁ। ২২
ব্যোমাস্তঞ্চ বিদারীস্থং নাদবিন্দু-বিরাজিতম্।
কূর্চকালং ক্রোধবীজং জানীহি বীরবন্দিতে ॥ হুঁ। ২০
ব্যোমাস্তঃ কালরাত্র্যাত্যে বর্ম্ম-বিন্দিন্দু-সংযুতঃ।
ক্রিণ্ডং বচনং বীজং কুলাচার-প্রিয়েহ্মলে ॥ হুঁ। ২৪

শ্রীং মন্ত্রের বর্ণন—চণ্ডীশ-শকার, ক্ষতক অর্থাৎ র' কারে আরু চুইয়া ধ্রতিরবী—ঈকারের দারা অলঙ্কত এবং নাদবিন্দু-সংযুক্ত এই মন্ত্রটি লক্ষী-দেবীর বীক্ষমন্ত্ররূপে ভান্ত্রিক পশ্তিতগণ দারা কীর্ত্তিত হইয়া থাকে। ১৯

ক্রীং মন্ত্র—ক্রোধীশ অর্থাং ক'কার, ক্ষতজ্ব অর্থাং র'কারে আরুচ হইরা ধূমভৈরবী—ঈকারের ঘারা শোভিত এবং নাদ-বিন্দু-সংষ্ঠ । ইহাকে নাম-বীজ অর্থাং কালিকাবীজ বলা হয়। ২০

ক্লীং মন্ত্র-ক্রোধীশ অর্থাৎ ককার বলভূদ্ বা লকারের সহিত ধৃত্রভৈরবী অর্থাৎ ঈকারের দ্বারা অলঙ্কত হইয়া নাদবিন্দু সংযুক্ত হইলে ত্রিমূর্ত্তি হইয়া থাকে (ক্ লু ঈ)—এই ত্রিমূর্ত্তিরূপ কামবীজ যাহা ত্রৈলোক্যকে মুগ্ধ করিতে সমর্থ। ২১

হীং মন্ত্র—ব্যোমবস্ত্রের অর্থাৎ 'হ'-কার এবং ক্ষতজ্বের অর্থ 'র'কার—'হ'-কার ও 'র'-কার—এই ঘুইটি বর্ণ ধূমভৈরবী অর্থাৎ ঈকারের ঘারা শোভায়মান হইয়া নাদ-বিন্দু সংযুক্ত হইলে হ্রীং মন্ত্রে পরিণত হয়। ইহা মায়াবীজ ও লজ্জাবীজ নামে প্রসিদ্ধ। ২২

'হু'' মস্ত্র। ব্যোমাস্য—'হ'কার এবং বিদারী-উকার, ব্যোমাস্য বিদারীস্থ হইয়া অর্থাৎ উকারের উপরে 'হ'কার নাদ ও বিন্দু যুক্ত হইলে হু' মন্ত্রে পরিণত হয়। হে বীরবন্দিতে পার্ব্বতি, এই হু' মন্ত্রটি ক্রোধবীজ এবং ইহা কালের প্রভাবকেও বিদ্রিত করিয়া দেয়, ইহা জানিবে। ২৩

'ছ'' মন্ত্র। ব্যোমাস্ত 'হ'কার এবং কালরাত্রি উকার। ব্যোমাস্ত কাল-

ব্যোমাস্থাং ক্ষতজারাত্থ ডাকিন্সা নাদবিন্দু ভি:।
জ্যোতির্মন্ত্রং সমাখ্যাতং মহাপাতক-নাশনম্ ॥ হ্রোঁ। ২৫
নাদবিন্দু-সমাযুক্তাং সমাদায়োগ্র=ভৈরবীম্।
ভৌতিকং বাগ্ভবং বীজং বিদ্ধি সারস্বতং প্রিয়ে॥ এই:। ২৬
প্রলয়াগ্রির্মহাজালঃ খ্যাত অস্ত্র-মহুঃ শিবে।
রক্ত-ক্রোধীশ-ভীমাখ্যোহঙ্কু শোহয়ং নাদবিন্দু মান্ ॥ ক্রোই:। ২৭
দি-ঠঃ শিবো বহ্নিজায়া স্বাহা জ্বনবল্পভা॥ স্বাহা।
সংযুক্তং ধূমভৈরব্যা রক্তন্তং বিশিভোজনম্।
নাদবিন্দু-সমাযুক্তং কিঙ্কিণী-বীজমুন্তমম্ ॥ ক্রীং। ২৮
নাদবিন্দু-সমাযুক্তং বিশিকাখ্যং মহামহুম্॥ জাং। ২৯
বিদার্য্যা নেক্ষিতো গুন্থো বিভিত্নক্ ক্ষতজো ক্ষিতঃ।
নাদবিন্দু-সমাযুক্তো বিজ্বেয়ং পিশিতাশনঃ।। দুং। ৩০

রাত্রির বারা ভূষিত হইয়া চক্রবিন্দুরূপ বর্ম আচ্ছাদিত হই**লে 'হ'ঁ' বীজে** পরিণ্ড হয়। হে কুলাচারপ্রিয়ে যচ্ছরূপিণি, ইহাকে বাগ্বীজ বলা হয়। ২৪

হোঁ ব্যোমাস্ত হ্কার, ক্ষতজ্ঞ র্কার, ডাকিনী—ঔকার। হ্কার রেফের সঙ্গে সংযুক্ত হইয়া ঔকার ও নাদ-বিন্দু সহ জ্যোতির্মন্তে পরিণত হয়; যাহা সকল প্রকার মহাপাতকের নাশক। ২৫

ঐং—উগ্রভৈরবীর অর্থ ঐকার! উগ্রভৈরবী 'ঐ'কার নাদ ও বিন্দুর সহিত মিলিত হইয়া সরস্বতীর বীব্দে পরিণত হইয়া থাকে। ২৬

ক্রোং –হে শিবে, প্রলয়কালীন অগ্নিক্বালার স্থায় ভয়ঙ্কর এই মন্ত্রটি রক্ত-ক্রোধীশরূপে নাদ ও বিন্দুযুক্ত হইরা স্থামাবীকে পরিণ্ড হয়। ২৭

ষাহা—সুন্দররূপে মর্যাদা সহকারে ওই মন্ত্রটির উচ্চারণ করিয়া অগ্নিভে হব্য মব্যের তাগে করা হয়, সেইজগুই ইহা জ্বলন অর্থাৎ অগ্নির বল্লভা অথবা জায়া। স্বীং—ধ্যুভৈরবী ঈকার, ইহার ঘারা সংযুক্ত হইয়া বলিভোজন অর্থাৎ 'দ'কার, নাদ ও বিন্দুযুক্ত হইলে উত্তম কিল্পিনী-বীজরূপে পরিণত হইয়া থাকে। ২৮

দ্রাং—নাদবিন্দু সমাযুক্ত হইয়া বলিভোজন দ্কার আকার যুক্ত হইলে এইরূপে বীজ পরিণত হয় এবং বিশিকারূপ মহামন্ত্রে খ্যাত। করালায় অর্থাৎ আকারযুক্ত হইলে দাং বীজে পরিণত হয়। ২৯ ধ্মোজ্জল-করালাগ্নি উদ্ধ-কেশীন্দ্বিন্দ্ভিঃ।

বৃগাস্তকারকং বীজং বীরপত্নি প্রকাশিতম্।। কেঁ। ৩১

সংহারিণ্যা স্থিতধ্যের্দ্ধ-কেশিনস্ত কপদ্দিনম্।

নাদবিন্দ্-সমাযুক্তং বীজং বৈতালিকং স্মৃতম্।। পঁ৯। ৩২

সনাদবিন্দ্-ক্রোধীশং গুছে সংহারিণী স্থিতম্।

কম্পিনীবীজমিত্যুক্তং চণ্ডিকাখ্যং মনোহরম্॥ কঁ৯। ৩৩

কপদ্দিনং সমাদায় ক্ষতজাক্ষিত-সংস্থিতম্।

সংযুক্তং ধূমতৈরব্যা ধ্বাজ্কোহয়ং নাদবিন্দুমান্॥ প্রীং। ৩৪

কপলীত্বয়মাদায় মহাকালেন মণ্ডিতম্।

সনাদ-শুনমিত্যুক্তং চণ্ডিকাখ্যং প্রোধরম্॥ ঠং ঠঁ। ৩৫

দৃং—বলিভূক্ দকার, ক্তজোকিত-রকার-এই সৃইটি উকার ও নাদবিক্ সমাষ্ঠ হইলে পিশিভাশন অর্থাৎ মাংস ভক্করূপ ভীষণ বীক্ষে পরিণত হয়। বিদারী—উকার। ৩০

ফে —হে বীরপত্নি! ধৃমের ঘারা উচ্ছল করালাগ্নি চন্ত্র ও বিন্দু ঘারা উদ্ধ-কেশী হইলে মুগান্তকারক বীজরূপে প্রকাশিত হইরা থাকে। করালাগ্নির অর্থ ফকার এবং ইন্দুবিন্দুর অর্থ চন্দ্রবিন্দু। উদ্ধ্ কেশী একার। (ক্, এ ৮ = কে)। ৩১

পঁ_১—সংহারী ১কার এবং উদ্ধকেশী একার ১কার অথবা একারযুক্ত কপর্দী পকার, নাদ-বিন্দুসহ মিলিভ হইলে বৈতালিক বী**লে পরিণত থাকে।** প_১পে_১। ৩২

কঁ,—ক্রোধীশ ক্কার এবং সংহারিণী ১কার। (ক্) কারের নিয়প্রদেশে ১কার থাকিবে এবং নাদবিন্দু যুক্ত হইবে, ভাহা হইলে মনোহর চণ্ডিকা নামে কম্পিনীবীজে পরিণত হইরা থাকে। ৩৩

প্রী'ং—কপদী পকার, ক্ষডজোক্ষিড 'র'কার এবং ধৃষ্ণছৈর বী-ঈকার। রেফ সংস্থিত পকার ইকার মৃক্ত হইয়া নাদবিন্দু মিলিড হইলে সৃন্দর প্রীং মন্ত্রে পরি-পত হইয়া থাকে। ৩৪

ঠম্ ঠং—কপালী—ঠকার এবং মহাকাল মকার। মকার ও ছইটি ঠকার নাদ বিন্দুযুক্ত হইয়া মহামন্ত্রে পরিণত হয়। ইহা চণ্ডিকার স্তনম্বরূপ (ঠ্ ঠ্ম*)%

প্রশারি স্থিতা ব্রধ্বজা গুছে সবিন্দুমান্।
সংষ্জো ধূমভৈরব্যা স্মৃতা ফেংকারিণী প্রিয়ে ॥ স্ফীং। ৩৬
ক্ষিতজস্থং ব্যোমবজুং বিন্দুখণ্ডেম্বলক্কতম্।
খত্যোতমিতি বিখ্যাতং গ্রাসিনী কালরা ত্রিষ্ক্ ॥ *] জ্বীং।
ক্ষতজ্ঞা ক্ষিতমারাঢ়ং নাদবিন্দুসমন্বিতম্।
বিদারীভূষিতং দেবি বীজং বৈবস্বতাত্মকম্॥ ৩৭

ইতি দক্ষিণায়ায়ে সাদ্ধ লক্ষপ্রন্থে কন্ধালমালিনীতন্ত্রে প্রথম: পটল: ॥

স্ফীং—করালাগ্নি ফকার, ধ্মধ্যজ্ঞ—সকার, ধ্রভৈরবী ঈকার। সকার ও ক্কার রেফ সংযুক্ত হইয়া ঈকার ও নাদবিন্দু যোগে ফেংকারিণীর মন্ত্ররূপে পরিণত হইয়া থাকে। ৩৬

রং—ক্ষতজোক্ষিত—'র'কার, বিদারী উকার হইয়া ক্ষতজোক্ষিতে আরুচ লাদ ও বিন্দু সময়িত এবং বিদারী দারা ভূষিত হইলে, হে দেবি। বৈবন্ধত কার্বাং সূর্য্যবরূপ মন্ত্রে পরিণত হইরা থাকে। ৩৭

দক্ষিণান্নায়ে কন্ধালমালিনীভন্তে প্ৰথম পটল সমাপ্ত।

🝅। করালাগ্নিছিতো।

শ্লোকোহয়ং সৰ্বত্ৰ ন দৃশ্যতে।

দ্বিতীয়ঃ পটলঃ

শ্রীপার্ব্বভূয়বাচ—

দেবদেব মহাদেব নীলকণ্ঠ তপোধন। যোনিমুদ্রাং মহাদেব তত্ত্ত্ত্রয়ং পরাৎ পরম্। এতদেব মহাদেব কথ্যতাং মে পিনাকধ্বক্॥ ১

ঈশ্বর উবাচ—

শৃণু বক্ষ্যামি দেবেশি দাসোহহং তব স্বত্তে।
অতিগুহাং মহৎ পুণ্যং তত্ত্ত্ত্ত্মং বরাননে ॥ ২
সারাৎ সারং পরং গুহামতিগোপ্যং স্থানিশ্চতম্।
শক্ষাপি জায়তে দেবি কথং তৎ কথ্যাম্যহম্।। ৩
কথ্যামি মহেশানি আজ্ঞয়া তব ভাবিনি।
ন চেত্তৎ কথ্যতে দেবি তব ক্রোধঃ প্রজায়তে॥ ৪
ত্থ্যা ক্রোধে বৃত্তে দেবি হানিঃ স্থান্মম কামিনি।
মন্ত্রার্থং মন্ত্রচৈতন্ত্যং ধ্যার্থকামদং প্রিয়ে।। ৫

শ্রীপার্বতী বলিলেন—হে দেবদেব মহাদেব! হে ছপোধন নীলকণ্ঠ। পরজ্ঞানের অপেক্ষাও উৎকৃষ্ট তত্ত্বায় অর্থাৎ ইচ্ছা, জ্ঞান, ক্রিয়া অথবা পরা, পশ্যন্তী, মধ্যমা যাহাতে আছে—এইরূপে যোনিষ্দ্রা; হে পিনাকধৃক্, উহা আমাকে বল। ১

ঈশ্বর বলিলেন—হে শোভনব্রতশালিনি দেবেশি। আমি তোমার দাস। সুতরাং হে বরাননে। অতি গোপনীর হইলেও অতি পবিত্র সেই তত্ত্ত্রয়মূত যোনিমুদ্রা তোমার বলিব, শোন। ২

ষাহা সকল তন্ত্রের সার, অভিশুহ্ এবং সুনিশ্ভিরণে অভি গোপনীয় সেই মুদ্রাকে আমি ভোমায় কিভাবে বলি এইরূপ সংশয় উৎপন্ন হয়। ৩

হে ভাবিনি! হে মহেশানি! ভোমার আদেশ অনুসারে ভাহা (সেই মুদ্রা)
আমি ভোমার বলিভেছি। হে দেবি! যদি আমি ভোমার উহা না বলি,
ভাহা হইলে ভোমার অবশ্যই ক্রোধ হইবে। ৪

হে দেবি। হে কামিনি। তুমি ক্রোধ করিলে আমার ক্ষতি হইবে। ছে প্রিয়ে। ধর্ম-অর্থ-কামপ্রদ মন্ত্রের অর্থ, মন্ত্রচৈভয়। ৫ যোনিমুদ্রা মহেশানি তৃতীয়ং ব্রহ্মরূপিণী।
অজ্ঞাত্বা যো জপেন্মন্ত্রং নহি সিদ্ধিঃ প্রজায়তে॥ ৬
জ্ঞাত্বা প্রারভ্য কুর্ব্বীত হাকুর্ব্বাণো বিনশ্যতি।
যোনিমুদ্রা মহেশানি সাক্ষান্মোক্ষ-প্রসাধিনী॥ ৭
তব যোনির্মহেশানি প্রিয়া মম যথা প্রিয়ে।
সততং পরমেশানি দাসোহহং তব যোনিন।॥ ৮
তব যোনিপ্রসাদেন মৃত্যুং জিত্বা বরাননে।
মৃত্যুঞ্জয়োহহং দেবেশি সততং কমলাননে॥ ৯
তব যোনে মহেশানি ব্রহ্মান্তং সচরাচরম্।
তিষ্ঠন্তি সততং দেবি ব্রহ্মান্তান্ত্রিদিবৌকসঃ॥ ১০
ময়ুরস্থ মহেশানি পুচ্ছে কৃত্বা চ অন্তুত্রম্।
যোন্যাকারং মহেশানি দৃষ্ট্রা কৃষ্ণঃ শুচিস্মিতে।
শিরে ধৃত্বা বরারোহে ত্রৈলোক্যং বশমানয়েৎ।। ১১

এবং তৃতীয় যে ব্রহ্মরূপিণী যোনি-মুদ্রা; হে মহেশানি! যে সাধক না ভানিয়া কেবল মন্ত্রভূপ করে, তাহা সিদ্ধ হয় না। ৬

় এই মুদ্রা জানিয়াও যে করে না সে বিনাশপ্রাপ্ত হয়। কারণ হে মহেশানি! যোনি-মুদ্রা সাক্ষাং মোক্ষ-প্রদায়িনী অর্থাং এই মুদ্রার অনুষ্ঠান করিলে অচিয়েই মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে। ৭

হে প্রিয়ে মহেশানি ! যেরূপ তুমি আমার প্রিয় ; সেইরূপ ভোমার যোনিও আমার প্রিয় । কারণ হে পরমেশানি ! ভোমার যোনির জন্মই আমি সর্বদা ভোমার দাস হইয়াছি । ৮

হে বরাননে। ভোমার যোনির কৃপাভেই আমি মৃত্যুকে জয় করিয়া হে দেবেশি কমলাননে। সর্বদা মৃত্যুঞ্জররূপে প্রসিদ্ধ হইয়াছি। ১

হে মহেশানি! তোমার যোনিতে সচরাচর ব্রহ্মাণ্ড নিবাস করে এবং ব্রহ্মা প্রভৃতি দেবগণও তোমার যোনিতেই সতত বাস করিয়া থাকে। ১০

হে মহেশানি! যোনির আকারের মত ময়্রের পুচছ অভূত দেখিয়া, হে শুচিস্মিতে, হে বরারোহে! কৃষ্ণ (যোনির আকারের মত) ময়্রপুচছ মস্তকে শারণ করিয়া তৈলোক্যকে বশীভূত করেন। ১১ তব যোনিং মহেশানি ভাবয়ামীত্যহনিশম্॥
তবৈব দৃষ্ট্যা ব্রহ্মাণ্ডং নাস্তং পশ্যামি কামিনি।
কপ্রপুলকোন্ড্রতং তব যোনিপুরং পরম্॥ ১২
তব যোনির্মহশোনি তত্ত্বর-স্থপ্জিতম্।
রেতোরজঃসমাযুক্তং সাক্ষান্মর্যথ-মন্দিরম্॥ ১৩
ন জানে কিং কৃতং কর্ম কালিকে কমলেক্ষণে।
তব যোনো মহাদেবি অতএব বরাননে।
যোনিমুদ্রাং যোনিবীজং সততং পরমেশ্বরি।। ১৪
অহং মৃত্যুঞ্জয়ো দেবি যোনিমুদ্রা-প্রসাদতঃ।
যোনিবীজং মহেশানি নিগদামি শৃণু প্রিয়ে।। ১৫
প্রথমে পরমেশানি যোগিনীং রুদ্রযোগিনীম্।
উদ্ধৃত্য বছ্যত্বেন বলবীজস্বুতং কুরু।
বিন্দর্জ-চন্দ্র-সংযুক্তং বীজং ত্রৈলোক্য-মোহনম্॥ ১৬
বধ্বা তু যোনিমুদ্রাং বৈ প্রেবাক্তক্রমতঃ প্রিয়ে।
যোনিবীজং মহেশানি অস্তোত্তরশতং জপেৎ॥ ১৭

হে মহেশানি! আমি অহোরাত্র ভোমার যোনির ধান করিয়া থাকি। হে কামিনি! ভাহার মধ্যেই সকল ব্রহ্মাণ্ড দেখিয়া অন্ত কিছুই দেখিনে। ভোমার যোনিমণ্ডল যেন কর্পুরপুলক হইভে উদ্ভূত। ১২

হে মহেশানি! তোমার যোনি তত্ত্ত্ত্তের ছারা (পৃথিবী, জল ও ভেজ)
মদ্য, মাংস, মৈথুন—এই তিন তত্ত্বের ছারা সৃন্দরতাবে পৃজিত। যাহা তক্ত ও
রজ সমন্ত্রিত এবং সাক্ষাং কামদেবের মন্দির। ১৩

হে কমলনয়নে কালিকে । জানিনা আমি কি কর্ম তোমার যোনি-সম্পর্কে করিয়াছি। সেইজগুই হে বরাননে মহাদেবি । হে পরমেশ্বরি । আমি সর্বদাই যোনিমুদ্রা ও যোনিবীজের সাধন করিয়া থাকি । ১৪

যোনিমুদ্রার অনুগ্রহেই আমি আজ মৃত্যুগ্ধর হইয়াছি। হে প্রিয়ে মহেশানি! আমি যোনিবীজ বর্ণন করিতেছি, তাহা শ্রবণ কর। ১৫

হে পরমেশানি! প্রথমে যোগিনীও রুদ্র-যোগিনীবীজ উদ্ধার করিয়া উহাতে বলবীজ যুক্ত করিবে এবং তংসক্ষে চক্সবিন্ধুযুক্ত করিলেই তৈলোক্য÷ মোহন যোনিবীজে পরিণত হইবে। ১৬ অষ্টোত্তরশতং জপ্তা যথ ফলং লভতে প্রিয়ে।
মাহাত্ম্যং তস্ত দেবেশি বক্তুং কো বা ক্ষমো ভবেং॥ ১৮
যঃ করোতি প্রসন্নাত্মা রহস্তে যোনিরূপিণীম্।
ব্রহ্মাণ্ডং পৃজ্য়েত্তেন ব্রহ্মাতা-ব্রিদিবৌকসঃ॥ ১৯
তব যোনির্মহেশানি পরংব্রহ্ম-স্বরূপিণী।
তব যোনির্মহেশানি ভবস্ত মোহিনী প্রিয়ে॥ ২০
তব যোনির্মহেশানি সিদ্ধিস্ত্রেণ বেষ্টয়েং।
সিদ্ধিস্ত্রং মহেশানি ব্রিপ্রকারং বরাননে॥ ২১
ঈড়া চ পিঙ্গলা চৈব স্ব্যুমা ব্রিভয়ং তথা।
সদানন্দময়ীং যোনিং নানাস্থবিলাসিনীম্॥ ২২
শৃঙ্গারসময়ে দেবি নাস্তং গচ্ছামি পার্ব্বতি।
মম লিঙ্গো মহেশানি ভিনন্তি সকলং জগং॥ ২০
তথাপি পরমেশানি নাস্তং গচ্ছামি কামিনি।
তব যোনির্মহেশানি ন জানে কীদৃশীং গতিম্॥ ২৪

পূর্বোক্তক্রমে যোনিমুদ্রা বন্ধনপূর্বক হে মহেশানি ! যোনিবাজ অফোন্তর
শত জপ করিবে। অফোন্তর শতবার যোনিবীজ জপ করিলে যে ফললাভ

হইরা থাকে, হে দেবেশি! তাহার মাহাত্ম্যবর্ণন করিতে কেই বা সক্ষম। ১৭-১৮

যে ব্যক্তি প্রসন্নতিত হইরা রহস্যে যোনিরূপিণী যোনিমুদ্রার অনুষ্ঠান করে

সেই সাধকের ঘারা ব্রহ্মা প্রভৃতি দেবগণও পৃঞ্জিত হইয়া থাকে। ১৯

হে মহেশানি ! ভোমার যোনি পরবক্ষরক্ষপিণী, হে প্রিয়ে ! ভোমার যোনি সংসারকে মুগ্ধ করিয়া থাকে । ২০

হে মহেশানি! ভোমার যোনিকে সিদ্ধি-সূত্তের দারা বেফীন করিতে হয়। হে বরাননে! সেই সিদ্ধিসূত্ত হইল ভিনপ্রকার। ২১

ইড়া, পিঙ্গলা এবং তৃতীয় হইল সুষুয়া। এই যোনি নানাপ্রকার সুখ ও বিলাসযুক্তা এবং সদানন্দপ্রদায়িনী। ২২

হে দেবি ! রমণকালে উহার অন্ত পাইনে । হে মহেশানি ! আমার লিক্স সকল জগৎ বিদীর্ণ করিয়া দেয় । ২৩

হে কামিনি। তথাপি উহার কোন অন্ত পাইনে। হে পরমেশানি! আমি জানিনা ভোমার যোনির গভি কি প্রকার ? ২৪ তব যোনির্মহেশানি আতা প্রকৃতিরূপিণী।
সদা কৃগুলিনীং যোনিং মহাকৃগুলিনীং পরাম্।। ২৫
যঃ সদা পরমেশানি যোনিং দৃষ্ট্রা বরাননে ।
জপেদ্বীজং বরারোহে ভগাখ্যং ভগরূপিণম্॥ ২৬
যোনিং বধ্বা মহেশানি ভগ-বীজেন পার্বতি।
অষ্টোত্তরশতং জপ্ত্রা মম তুল্যো ভবেৎ প্রিয়ে॥ ২৭
তব যোনো মহেশানি রমণং যত্নতশ্চরেৎ।
তত্যা রমণমাত্রেণ ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
স এব ধনবান্ বাগ্যী বাগীশ-সমতাং ব্রজেৎ॥ ২৮

শ্রীদেব্যুবাচ—

নীলকণ্ঠ মহাদেব রহস্তাং কৃপয়া বদ। যদি নো কথ্যতে দেব বিমুঞ্চামি তদা তহুম্॥ ১৯

ঈশ্বর উবাচ---

শৃণ, পার্বতি কৃষ্ণাঙ্গি খঞ্জনাক্ষি স্থলোচনে। গোপনীয়ং রহস্তং হি সর্বকামফলপ্রদম্॥ ৩০

হে পরমেশানি! তোমার যোনি আদা প্রকৃতিরূপিণী, কুণ্ডলিনী ও মহাকুণ্ডলিনীয়রপা। সাধককে যোনি দর্শনপূর্বক যোনিয়রপ যোনিবীজ জপ
করিতে হয়। ২৫-২৬

ষোনিকে বাঁধিয়া হে পার্বতি! যে সাধক অফৌন্তরশতবার যোনিবীক ক্ষপ করে, হে প্রিয়ে! সে সাধক আমারই তুল্য হইয়া যায়। ২৭

হে মহেশানি! ভোমার যোনিতে ষত্বপূর্বক রমণ করিতে হয়। ভাহাতে রমণ করা মাত্রই ব্রহ্মা, বিষ্ণুও শিব হইয়া যায় এবং সেই সাধকই ধনবান ও ৰাগ্মী হইয়া বৃহস্পতির সমান হইয়া যায়। ২৮

দেবী বলিলেন—হে নীলকণ্ঠ মহাদেব। কৃপা করিয়া আমাকে রহস্ত বর্ণন কর, যদি আমাকে উহা বর্ণন না কর, তাহা হইলে হে দেব। আমি আমার এই শরীর ত্যাগ করিব। ২৯

শিব বলিলেন—হে কৃষ্ণাঙ্গি, হে সুলোচনে, হে খঞ্চনাক্ষি পার্বভি! সকল প্রকার মনোরথপূর্ণকারক এই যোনিরহস্ত অবশ্যই গোপন করা উচিত। ৩০ তিত্র: কোট্যন্তদর্দ্ধন শরীরে নাড়িকা মতা:।
তাস্থ মধ্যে দশ প্রোক্তা-ন্তাস্থ ভিত্রো ব্যবস্থিতা:॥৩১
প্রধানা মেরুদণ্ডাত্রে চন্দ্রস্থ্যাগ্নি-রূপিণী।
মচ্চায়িত্বা স্থ্যাগ্নামহং যোগী স্থরেশ্বরি॥৩১
ষ্ট্চক্রে পরমেশানি ভাবয়েদ্ যোনিরূপিণীম্।।৩৩
প্রথমং পরমেশানি আধারষ্গ-পত্রকম্।।৩৪
বাদি-সান্ত্যৈশ্চতুর্বেণি-ন্তু ভহেমসমপ্রভং।
ভড়িৎকোটি-প্রভাকরং স্থানং পরমন্তল্ল ভ্রম্॥৩৫
ভৎকণিকাগ্নাং দেবেশি ত্রিকোণমভিস্কলরম্।
ইচ্ছাজ্ঞানং ক্রিয়ারূপং ব্রন্ধবিষ্ণু-শিবাত্মকম্॥৩৬

মানব শরীরে সাড়ে ভিন কোটি নাড়ি বিদ্যমান আছে, ভন্মধ্যে দশটি এবং শশটির মধ্যেও ভিনটি প্রধানরূপে ব্যবস্থিত। ৩১

মেরুদণ্ডের মূলপ্রদেশে চন্দ্র, সূর্য্য ও অগ্নিরূপিণী প্রধানরূপে বর্ত্তমান রহিন্নাহে (ইড়া—চন্দ্র, পিঙ্গলা—সূর্য্য ও সূত্র্যা—অগ্নি)। হে সুরেশ্বরি ! আমি সুত্র্যাতে ডুব দিয়াই যোগী হইয়াছি ৷ ৩২

শরীরের মধ্যে যে ষট্চক্র আছে; হে পরমেশানি উক্ত ষট্চক্রে যোনি-রূপিণী ভগবভীর ভাবনা—ধ্যান করিবে। (ষট্চক্র—মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা)। ৩৩

হে পরমেশানি ! ষট্চক্রের মধ্যে প্রথম চক্র হইল আধার চক্র। উহা চারিটি পত্র বা পাপড়ি বিশিষ্ট একটি পদ্মের আকারে বর্ত্তমান । (চারিটি পত্রে বা পাপড়িতে যথাক্রমে 'ব' 'স' 'ষ' ও 'শ' এই চারিটি বর্ণ শোভায়মান এবং উহার কান্তি পলিত সুবর্ণের সমান)। ৩৪

চারিটি পত্রে বা পাপড়িতে যথাক্রমে 'ব' 'শ' 'ষ' 'স' এই চারিটি বর্ণ শোভারমান এবং সেই আধারচক্রটি গলিত সুবর্ণের সমান কান্তিযুক্ত। কেবল ইহাই নয় বরং কোটি বিহাতের সমান উহার কান্তি—ইহা বলা উচিত। এই স্থানটি পরম হুর্লভ। ১৫

হে দেবেশি! তাহার কর্ণিকার একটা অভি সুন্দর ত্রিকোণ আছে, যাহা ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়াশক্তিরপে—ব্রহ্মা, বিষ্ণু ও শিবাত্মক। ৩৬ মধ্যে স্বয়্নভূলিদ্বঞ্চ ক্ণুলীবেষ্টিভং সদা।

ত্রিকোণাখ্যং তু দেবেশি লক্কারং চিন্তয়েত্রথা॥ ৩৭

বক্ষাণং তত্র সঞ্চিন্ত্য কামদেবঞ্চ চিন্তয়েই।

বীজং তত্ত্রিব নিশ্চিন্ত্যং পানাবাদানমেব চ।। ৩৮
পদে চ গমনং পায়ৌ বিসর্গং নিস কামিনি।
ভ্রাণং সংচিন্ত্যং দেবেশি মহেশি প্রাণবল্লভে॥ ৩৯
ডাকিনীং পরমারাধ্যাং শক্তিঞ্চ ভাবয়েত্ততঃ।
এতানি গিরিজে মাতঃ পৃথীং নীত্বা গণেশ্বরি॥ ৪০
তন্মধ্যে লিঙ্করূপং হি ক্ণুলীবেষ্টিভং প্রিয়ে।
তত্র ক্ণুলিনীং নিত্যাং পরমানন্দ-রূপিণীম্॥ ৪১
তত্র ধ্যানং প্রক্বীত সিদ্ধিকামো বরাননে।
কোটিচন্দ্র-প্রভাকারাং পরংব্রন্ধ-স্বরূপিণীম্॥ ৪২
চতুর্ভূ জাং ত্রিনেত্রাঞ্চ বরাভয়করস্তথা।
তথা চ পুস্তকং বীণাং ধারিণীং সিংহবাহিনীম্॥ ৪৩

মধ্যে কুণ্ডলীবেন্টিভ স্বয়স্ত্ব লিঙ্গ শোভায়মান রহিয়াছেন। হে দেবেশি। সেই ত্রিকোণের মধ্যে 'লং' এই মন্ত্রটির চিন্তা করিবে। ৩৭

ব্রহ্মাকে চিন্তা করিয়া কামদেবকেও চিন্তা করিবে। বীজকেও সে ছলে চিন্তা করিবে। ৩৮

চরণে গমন, পায়ুতে বিসর্জন, নাসিকায় গন্ধ। হে কামিনি। হে দেবেশি। হে প্রাণবল্পভে। পূর্বোক্ত ইন্দ্রিয়ে উহার পূর্বোক্ত বিষয়ের চিন্তা করিবে। ৩৯ পরমারাধ্যা ডাকিনীশক্তিকে সেম্বলে ভাবনা করিবে। হে পণেশ্বরি

গিরিছে। মাতঃ। পূর্বোক্তবিষয়গুলিকে পৃথিবীতত্ত্বে লইরা যাইবে। ৪০

ত্রিকোণের মধ্যে মৃলাধারে হে প্রিয়ে! কুগুলীবেন্টিত লিক্সরপ বিরাজমান রহিয়াছেন। সেম্বলে নিত্যা পরমানন্দস্বরূপিণী কুগুলিনীও বিরাজ-করিতেছেন। ৪১

হে বরাননে! সিজিকামী সাধক যেন সেম্বলে সর্বদা ধ্যান করেন। কোটি চন্দ্রের সমান যাঁহার প্রভা, এইরূপ পরব্রহ্মপ্রকাপিণী কুণ্ডলিনার ধ্যান করিবে। চতুত্বলা, ত্রিনেত্রা, বরাভয়দায়িনী এবং সিংহ্বাহিনী ও বীণাপুস্তক—ধারিণীকে ধ্যান করিবে। ৪২-৪৩

গচ্ছস্তি স্বাশনং ভীমাং নানারূপধরাং পরাম্ ॥ ৪৪
পূর্ব্বোক্তাং পৃথিবীং ধন্তাং গদ্ধে নীত্বা মহেশ্বরি ।
আকৃষ্য প্রণবেনৈব জীবাত্মানং নগেন্দ্রজে ॥ ৪৫
কৃণ্ডলিতা সহ প্রেমে গদ্ধমাদায় সাধকঃ ।
সোহহমিতি মহুনা দেবি স্বাধিষ্ঠানে প্রবেশয়েং ॥ ৪৬
তৎপদ্মং লিক্সমূলস্থং সিন্দূরাভঞ্চ ষড় দলম্ ।
স্কুরিফ্রিম-সন্ধানৈর্বাদি-লাস্তৈঃ স্থানাভিতম্ ॥ ৪৭
তৎকণিকায়াং বরুণং তত্রাপি ভাবয়েদ্ধরিম্ ।
যুবানাং রাকিণীং শক্তিং চিন্তয়িত্বা বরাননে ॥ ৪৮
রসনেন্দ্রিয়-পৃষ্পস্থং জলঞ্চ কাম-লালসে ।
এতানি গদ্ধঞ্চ শিবে রসে নীত্বা বিনোদিনীম্ ॥ ৪৯
জীবাত্মানং কৃণ্ডলিনীং রসঞ্চ মণিপুরকে ।
নীত্বা পরমযোগেন তৎপদ্মং দিগ্দলং প্রিয়ে ॥ ৫০

উৎকৃষ্ট বিবিধ রূপধারিণী ও ভীমদর্শনা দেবী সৃন্দর আসনে শোভারমান আছেন। ৪৪

হে মহেশ্বরি ! পূর্বোক্ত পৃথিবীতত্ত্বকে উহার বিষয়ে গদ্ধে লীন করিয়া ছে নগেব্রু জে ! ব্রণ মন্ত্রের দ্বারা জীবাত্মাকে আকর্ষণ করিয়া । ৪৫

কুণ্ডলিনীদেবীর সহিত সাধক গন্ধকে গ্রহণ করিয়া হে দেবি ! সোহহম্ এই মন্ত্রের হারা স্বাধিষ্ঠানে প্রবেশ করাইবে । ৪৬

সেই রাধিষ্ঠান পদাটি লিক্স্লেল বিরাজমান। উহার ছয়টি দল এবং সিন্দ্রের মত উহার কান্তি। দীপ্তিমান প্রবালের ক্যায় বকারাদি লকারাক্ত বর্ণের ঘারা উহা সুশোভিভ (বং ভং মং যং রং লং)। ৪৭

উহার কর্ণিকাতে বরুণ বিরাজমান রহিয়াছেন। সেম্বলে বিষ্ণুর চিন্তা করিবে। হে বরাননে। যাহাতে রাকিনী নামক শক্তি রহিয়াছে, উহার চিন্তা করিয়া। ৪৮

এই স্বাধিষ্ঠানচক্ষে যে রসনেশ্রির, জল ও উপস্থরণ কর্মেন্সির শোভায়মান আছে, এইগুলিকে এবং গন্ধকে রসে মিলিত করিয়া মণিপুর পদ্মে লইয়া বাইবে। ৪৯

মণিপুর নামক পদ্মে দ্বিভীয় চক্রস্থ রসকে এবং কুগুলিনীরূপ জীবাত্মাকে

নীলবর্ণং তড়িজ্রপং ডাদি-ফাস্তৈশ্চ মণ্ডিতম্।
তৎকর্ণিকায়াং স্ক্রোণি বহিং সংচিন্ত্য সাধকঃ॥ ৫১
তত্র রুদ্রং স্বয়ং কর্ত্তা সংহারে সকলস্ত চ।
লাকিনী-শক্তি-সংযুক্তং ভাবয়েত্তং মনোহরে॥ ৫২
তত্র চক্ষুরিন্দ্রিয়ঞ্চ কৃষা তেজোময়ং যজেৎ।
এতং রসঞ্চ স্কৃতগে রূপে নীষা মহাভগে॥ ৫৩
জীবাত্মানং কৃণ্ডলিনী-রূপঞ্চানাহতে নয়েৎ।
বন্ধুকপুষ্প-সন্ধাশং তৎপদ্মং দ্বাদশারকম্॥ ৫৪
কাদি-ঠাক্তিঃ ক্ষুরদ্বর্ণাঃ শোভিতাং হরবল্পভাম্।
তৎকর্ণিকায়াং বায়ু-ঞ্চাজীব-স্থান-নিবাসিনম্॥ ৫৫
তত্র যোনের্মগুল্ঞ বাণলিক্স-বিরাজিতম্।
কাকিনীশক্তিসংযুক্তং তত্র বায়োত্থগিন্দ্রিয়ম্॥ ৫৬

উৎকৃষ্ট যোগের হারা লইয়া যাইবে। হে প্রিয়ে! মণিপুর নামক পদাটি দশটি দলবিশিষ্ট। ৫০

এই পদাটির রং নীলবর্ণ ভড়িতের স্থায় এবং ডকারাদি ককারান্ত বর্ণসমস্টির দারা সুশোভিত। হে সুশ্রোণি! উহার কর্ণিকাতে সাধক যেন অগ্নিবীক্ত 'রং'-এর চিন্তা করে। (ড, চ, ণ, ড, থ, দ, ধ, ন, প, ফ)। ৫১

সেহলে সকললোকের সংহারকর্তা রুদ্র লাকিনী শক্তিসহ বিরাজমান রহিয়াছেন। হে মনোহরে। সেই লাকিনীশক্তিযুক্ত রুদ্রের ভাবনা করিবে। ৫২ তথার তৈজস চক্ষ্রিন্সিয় এবং উহার বিষয় 'রূপ' শোভায়মান। হে সৃতগে। হে মহাভাগে। স্বাধিষ্ঠান-স্থিত রুসকে রূপে মিলাইতে অনাহতচক্রে

লইয়া যাইবে। ৫৩

সেই অনাহত পদ্মে কুণ্ডলিনীয়রপ জীবান্মাকেও লইয়া যাইবে। এই অনাহত পদ্মটির রং বাঁধুলি ফুলের মত এবং এই পদ্মে দ্বাদশটি দল আছে। ৫৪

এই অনাহতচক্রটি ককারাদি ঠকারান্ত:(কং খং গং ঘং ধং চং ছং জং ঝং ঞং টং ঠং) দেদীপ্যমান বর্ণসমষ্টির দ্বারা সুশোভিত এবং উহার কর্ণিকাতে জীবস্থাননিবাসী বায়ুতত্ত্বও বিদ্যমান আছে। ৫৫

তথায় বাণলিক বিরাজিত একটি যোনিমণ্ডল রহিয়াছে, সেম্বলে কাকিনী-শক্তি, তৃক্ ইন্দ্রিয় এবং উহার বিষয় বায়ুতত্ত্বও বিদ্যমান আছে। ৫৬ এতৎ রূপঞ্চ সংযোজ্য স্বর্গে রমণ-কামিণী।

জীবক্গুলিনীং স্পর্লং বিশুদ্ধো স্থাপয়েন্ততঃ॥ ৫৭

ধূমবর্ণং কণ্ঠপদ্মং ষোড়শস্বরমণ্ডিতম্।

তৎকর্ণিকায়ামাকাশং শিবঞ্চ কাকিনীযুত্তম্॥ ৫৮
বাচং গ্রোত্রঞ্চ আকাশে সংস্থাপ্য নগনন্দিনি।

এতানি স্পর্লং শব্দে চ নীত্বা শঙ্করি মংপ্রিয়ে॥ ৫৯
জীবং কৃগুলিনীং শব্দঞ্চাজ্ঞাপত্রে নিধাপয়েৎ।

নেত্রপদ্মং শুকুবর্ণং দ্বিদলং হ-ক্ষ-ভূষিত্তম্॥ ৬০
তৎকর্ণিকায়াং ত্রিকোণঞ্চেদ্ বাণলিক্ষঞ্চ সঙ্গতম্।

মনশ্চাত্র সদা ভাতি হাকিনীশক্তি-লাঞ্ছিতং॥ ৬১
বৃদ্ধি-প্রকৃত্যহন্ধারালক্ষিতং তেজ্বসা পরম্।

জীবাত্মানং কৃগুলিনীং মনশ্চাপি মহেশ্বরি॥ ৬২
সহস্রারে মহাপদ্মে মনশ্চাপি নিয়োজ্বরেং।

সহস্রারং নিত্যপদ্মং শুকুবর্ণমধ্যেমুখ্য্ম্॥ ৬০

হে রর্গে রমণকামিনি । এইবার বিশুদ্ধাখ্য পদ্মে পূর্বোক্ত ছগিল্রিয়ের বিষয় স্পর্শকে যুক্ত করিয়া কুগুলিনীরূপী জীবকে সেম্বলে স্থাপন করিবে । ৫৭

এই পদ্মটি ধূম্রবর্ণ এবং যোড়শম্বরের দারা ভূষিত। ইহার কর্ণিকায় আকাশ-ভত্ত এবং কাকিনীপক্তিযুক্ত শিব বিরাজ্মান রহিয়াছেন। ৫৮

হে নগনন্দিনি ! তথার বাক্ ও শ্রোত্রেক্সিরকে সংস্থাপন করিয়া হে আমার প্রিয়ে শঙ্করি ! সেম্বলে শব্দের সহিত স্পর্শ যোগ করিয়া, কুণ্ডলিনীরূপী জীবকে এবং শব্দকে আজ্ঞাপত্রে লইয়া যাইবে । তথার যে নেত্রপদ্মটি রহিয়াছে উহার বর্ণ শুক্ল এবং 'হ' ও 'ক্ক' এই হুইটি দলের দ্বারা ভূষিত । ৫৯-৬০

উহার কর্ণিকাতে বাণলিঙ্গসংযুক্ত একটি ত্রিকোণ রহিয়াছে এবং তথায় হাকিনীশক্তিযুক্ত মন সর্বদা শোভায়মান। ৬১

হে মহেশ্বরি ! বৃদ্ধি, প্রকৃতি ও অহঙ্কারের দারা লক্ষিত উৎকৃষ্ট তৈজস মনকে এবং জীবাদ্মা সহ কৃগুলিনীকে তথায় যুক্ত করিবে । ৬২

আজাচক্রের উর্দ্ধে যে সহস্রার চক্র আছে, উহার বর্ণ শুক্ল এবং অধােমুখ হইরা বিরাজমান। সেই সহস্রার রূপ মহাপদ্মে মনোনিবেশ করিবে। ৬৩ অকারাদি-ক্ষকারান্তঃ ক্ষুরন্ধর্ণবিরাজিতম্।
তৎকণিকারাং দেবেশি অন্তরাত্মা ততো গুরু: ॥ ৬৪
ত্থ্যস্থ মণ্ডলন্ধৈর চন্দ্রমণ্ডলমের চ।
ততো বায়ুর্মহানাদো ব্রহ্মরন্ধ্রং ততঃ স্মৃতম্ ॥ ৬৫
তত্মিন্ রক্ষে বিসর্গঞ্চ নিত্যানন্দং নিরঞ্জনম্।
তদ্দ্ধে শন্ধিনী দেবী স্প্তিস্থিত্যস্তকারিণী ॥ ৬৬
তত্মাধংস্তা চচ দেবেশি চন্দ্রমণ্ডলমধ্যগম্।
ত্রিকোণং তত্র সংচিস্ত্য কৈলাসমত্র ভাবয়েৎ ॥ ৬৭
ইহ স্থানে মহাদেবি স্থিরচিন্তো বিধায় চ।
জীবজীবী গতব্যাধির্ন পুনর্জন্মসংভবঃ ॥ ৬৮
অত্র নিত্যোদিতা বৃদ্ধিক্ষয়হীনা অমাকলা।
তত্মধ্যে কৃটিলা নির্বাণাখ্যা সপ্তদশী কলা॥ ৬৯
নির্বাণাখ্যান্তরগতা বহিরূপা নিরোধিকা।
নাদোহব্যক্তস্তত্পরি কোট্যাদিত্যসমপ্রভা॥ ৭৩

অকার হইতে ক্ষকার পর্যান্ত দেদীপ্যমান সকল বর্ণসমষ্টি দ্বারা উহা ব্যাপ্ত। হে দেবেশি। উহার কর্ণিকাতে অন্তরাদ্মা এবং গুরুর আসন রহিয়াছে। ৬৪

উহার উপরে সূর্যমণ্ডল এবং চন্দ্রমণ্ডল বিরাজমান। ভত্পরি মহানাদযুক্ত বায়ু এবং তাহারও উপরে ব্রহ্মরক্স শোভায়মান। ৬৫

সেই ব্রহ্মরক্তে নিত্য আনন্দময় নির্পন বিসর্গ রহিয়াছে। কাহারও মডে ব্রহ্মরক্তের উর্জ্বভাগে এই বিসর্গমগুল শোভায়মান। তত্বপরি শন্থিনীদেবীর স্থান। এই শঙ্কিনী দেবীই সৃষ্টি-স্থিতি-প্রলয়কারিণী শক্তি। ৬৬

হে দেবেশি! উহার নিয়প্রদেশে চক্রমগুলের মধ্যে স্থিত যে ত্রিকোণ রহিয়াছে, তাহার চিন্তা করিয়া এই স্থলেই কৈলাসের ভাবনা করিবে। ৬৭

হে মহাদেবি। পূর্বোক্ত স্থানে শ্বীয় চিত্তকে স্থির অর্থাৎ নিরোণ করিকে সাধক বিগতব্যাধি হইয়া থাকে এবং জীব-জীবিভাব সম্বন্ধ নফ্ট হওয়ার পরে আর পুনর্জন্ম সম্ভব হয় না। ৬৮

এই স্থানেই বৃদ্ধি-ক্ষয়-রহিত অমাকলা নিত্য উদিত হইন্না থাকে। তাহারই মধ্যে কুটিল নির্বাণ নামক সপ্তদশী কলা বিদ্যমান রহিন্নাছে। ৬৯

সেই নির্বাণ নামী সপ্তদশী কলার অন্তর্গত বাহুরূপ নিরোধকারিণী একটি

নির্বাণশক্তিঃ পরমা সর্বেষাং যোনিরূপিণী।
অস্তাং শক্তো শিবং জ্বেয়ং নির্বিকারং নির্প্তনম্থা
অত্তৈব কৃণ্ডলীশক্তি মু দ্রাকারা স্থরেশ্বরি॥ ৭১
পুনস্তেন প্রকারেণ গচ্ছস্ত্যাধারপক্ষজে॥ ৭২
কথিতা যোনিমুদ্রেয়ং ময়া তে পরমেশ্বরি।
বিনা যেন ন সিদ্ধেন নিহরেৎ পরমাত্মনা॥ ৭৩
তদ্দিব্যামৃতধারাভি র্লাক্ষাভাভি র্মহেশ্বরি।
তর্পয়েদ্বেতাং যোগী যোগেনানেন সাধকঃ॥ ৭৪
কৃণ্ডলীশক্তিসিদ্ধিঃ স্থাম্বর্ণকোটিশতৈরপি।
তত্মান্ত্রাপি গিরিজে গোপনীয়ং প্রযত্নতঃ॥ ৭৫
মন্ত্ররূপাং কৃণ্ডলিনীং ধ্যাত্মা ষট্ চক্রমণ্ডলে।
কন্দমধ্যাৎ সুমধুরং কৃজন্তীং সততোপিতাম্॥ ৭৬
গচ্ছন্তীং ব্রহ্মরক্রেণ প্রবিশন্তীং স্বকেতনম্।
মূলাধারে চ তাং দেবীং সংস্থাপ্য বীরবন্দিতে॥ ৭৭

কলা রহিয়াছে; যেখানে সব সময় অব্যক্ত নাদ উত্থিত হইয়া থাকে; ভাহারই উর্দ্ধে কোটী আদিভ্যের সমান প্রভা বিরাজমান। ৭০

ইহাই যোনিরাপিণী সকলের নির্বাণশক্তি, এই শক্তিভেই নির্বিকার নিরঞ্জন শিব বিরাজমান রহিয়াছেন। হে সুরেশ্বরি! এই ছলে মুদ্রার আকারে কুণ্ডলীশক্তিও রহিয়াছে। এই কুণ্ডলীশক্তি পুনরার সেইভাবে আধারকমলে (মুলাধার চক্রে) চলিয়া যায়। ৭১-৭২

হে পরমেশ্বরি ! তোমায় আমি এই যোনিমুদ্রা বর্ণন করিলাম । "যাহার সিদ্ধি ব্যতীত পরমাত্মা-প্রাপ্তি হুর্লভ । ৭৩

শাক্ষারসের আভার সমান সেই দিব্য অমৃত ধারার হারা সাধক যোগী নিরন্তর আরাধ্য দেবতার তর্পণ করিবে। ৭৪

শতকোটি বর্ণের দারাও কুগুলীশক্তির সিদ্ধি হইতে পারে, স্তরাং হে পিরিজারা। প্রয়ত্পূর্বক ইহা গোপন রাখিবে। ৭৫

ষ্ট্চক্রমণ্ডলে মন্ত্ররূপা কুণ্ডলিনীর ধ্যান করিলে কন্দমধ্য হইতে সভত সুমধ্র কুল্পন করিতে করিতে কুণ্ডলিনী উত্থান করিতে থাকেন। ৭৬

মূলাধার হইতে উত্থান করিয়া ব্রহ্মরজের ছারা গমনপূর্বক স্বকীয় স্থানে

চিত্রিণীগ্রথিতা মালা জাপং ব্রহ্মাণ্ডস্বন্দরি।
রহস্যং পরমং দিব্যং মন্ত্রচৈতগ্রমীরতম্ ॥ ৭৮
মৃদ্রাচৈতগ্রহােজ্রানং বর্ণানাং জ্ঞানমেব চ।
মন্ত্রার্থং কথিতং দেবি তব স্বেহাৎ প্রিয়ন্থদে ॥ ৭৯
অস্ত জ্ঞানং বিনা ভদ্রে সিদ্ধিন স্থাৎ স্থলােচনে।
ইতি তে কথিতং দেবি যোনিক্রীড়নমুত্তমম্ ॥ ৮০

শ্রীঈশ্বরী উবাচ—

সুরাস্থরজগদ্বন্য পার্বেতীভগসেবক।
ইদানীং শ্রোতুমিচ্ছামি যোনেঃ কবচমুত্তমম্ ॥ ৮১
শ্রীমহাদেব উবাচ—

যদ্ ধূত্বা পঠনাৎ সর্ববাঃ শক্তয়ো বরদাঃ প্রিয়ে। এতস্থ কবচস্থাপি ঋষিশ্চ শ্রীসদাশিবঃ॥ ৮২ ছন্দোগায়ল্রীদেবতা যোনিরূপা সনাতনী। চতুর্বর্গেষু দেবেশি বিনিয়োগঃ প্রকীর্তিতঃ॥ ৮৩

(সহস্রারে) প্রবেশ করেন। হে বীরবন্দিতে দেবি। সেই স্থান হইতে কুণ্ডলিনীকে পুনরায় মৃগাধারে প্রভ্যাবর্ত্তন করাইয়া সংস্থাপন করিবে। ৭৭

হে ব্রহ্মাণ্ডস্ন্দরি! চিত্রিণী দ্বারা গ্রথিত মালা দ্পপে প্রযুক্ত হইলে মন্ত্রের চৈত্রত সাধিত হয়, যাহা সাধকের পরম দিব্য রহস্তবরূপ। ৭৮

হে প্রিয়ম্বদে। ভোমার স্নেহপরবশ হইয়া, মুদ্রার, মন্ত্রচৈডক্তের ও বর্ণের জ্ঞানোপায় এবং মন্ত্রার্থের বর্ণনা করিলাম। ৭৯

হে ভদ্রে ! হে সুলোচনে ! ইহার জ্ঞান ব্যতীত সিদ্ধিপ্রাপ্তি অসম্ভব—এই কারণেই হে দেবি ! তোমাকে উত্তম যোনিক্রীড়া বর্ণন করিলাম । ৮০

শ্রীপার্বতী বলিলেন—হে সুরাসুর-জগদ্বন্দ্য। পার্বতীর ভগসেবনকারী। এইবার উত্তম যোনিকবচ শ্রবণ করিতে ইচ্ছা করি।৮১

প্রীঈশ্বর বলিলেন—হে প্রিয়ে ! যাহা ধারণ করিলে বা পাঠ করিলে সকল শক্তিই বরদানে প্রযুক্ত হন। এই কবচের ঋষি শ্রীসদাশিব। ৮২

ছন্দ গায়ত্রী আর দেবতা শ্বয়ং যোনিরূপ। সনাতনী। হে দেবেশি। ইহার বিনিয়োগ হইল চতুর্বর্গে অর্থাৎ ধর্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ চতুর্বর্গে বিনিয়োগ করিতে হয়। ৮০

[যোনিকবচম্]

उँ भः भाः भिः भीः भूः भूः भः भः भाः भाः भाः भः भः। (দক্ষপাদঃ) মম শিরো রক্ষন্ত স্বাহা॥ ৮৪ **७ मः माः भिः मौः मूः मूः भः भः भाः भाः** মং মঃ ওঁ মাং ওঁ আকুটাং মম রক্ষন্ত স্বাহা মং মাং। **उँ मर मार मिर मीर मूर मूर त्मर त्मार त्मार** মং মঃ মম হৃদয়াদি দক্ষবাত্তং রক্ষপ্ত ॥ ৮৫ **७ मः माः मिः मौः मूः मूः माः माः मोः** মং মঃ মম হৃদয়াদি বামবাহুং রক্ষন্তী। **उँ मः मार मिः मीर मूर मूर त्मर त्मर त्मार त्मोर** মং মঃ দক্ষপাদং রক্ষন্ত মম ॥ ৮৬ उँ भर भार भिर भीर भूर भूर त्मर तेमर त्मार त्मोर भर भर । বামপাদং রক্ষন্ত মম সদা স্বাহা স্বাহা। **७ मः माः मिः मौः मूः मृः माः माः मोः** মং মঃ মম হাদাদিষু নাসাং রক্ষন্ত স্বাহা॥ ৮৭ **७** मः माः भिः भीः भूः भूः भः भः भाः भाः মং মঃ উপস্থং রক্ষন্ত মম সদা স্বাহা। ' य' मार मिर मीर मूर मूर त्मर त्मार त्मोर मर मः ইদং হি যোনিকবচং রহস্তাং পরমান্তুতম্ ॥ ৮৮

যোনিকবচ---

ওঁমং মাং মিং মীং মৃং মৃং মেং মৈং মোং মৌং মং মঃ—মম শিরোরকভঃ বাহা। ৮৪

ওঁ মং মাং.....মং মঃ ওঁ মাং ওঁ আকুটাং মম রক্ষন্ত বাহা মং মাং।

७ यर भार.....भर मह मम क्षम्झामि मक्क वाहर त्रकहा। ५७

ওঁ মং মাং.....মং মঃ মম জ্বদান বামবাহুং রক্ষন্ত।

ওঁ মং মাং.....মং মঃ দক্ষপাদং রক্ষন্ত মম। ৮৬

ওঁ মং মাং.....মং মঃ বামপাদং রক্ষন্ত মম সদা স্বাহা স্বাহা।

ওঁ মং মাং.....মং মঃ মম শ্রন্থাদি নাসাং রক্ষন্ত বাহা। ৮৭

ওঁ মং মাং · · · · মং মঃ উপস্থং রক্ষন্ত মম সদা বাহা।

অজ্ঞাত্বা যো জপেদান্ত্রং সর্বাং নিক্ষলতাং ব্রজেৎ।
রহস্তং পরমং দিব্যং সাবধানাবধারয়॥৮৯
মূলাধারে মহেশানি জপেদ্যস্ত বরাননে।
মূলাধারে মহেশানি বরারোহেহস্তরাত্মনি॥৯০
প্রতিচক্রে মহেশানি পঠেদ্ যোনিং সনাতনীম্।
চন্দ্রস্থ্যপরাগে চ পঠেদ্বা কবচং প্রিয়ে॥৯১
স্থনারীং রময়েৎ যস্ত পরনারীমথাপি বা।
কবচস্ত প্রসাদেন যোনিমুদ্রা হি সিধ্যতি॥৯২
ইদং হি কবচং দেবি পঠিত্বা কমলাননে।
মৈথুনং মহদাখ্যানং ত্বয়া সহ ময়া কৃতম্॥৯০
কবচস্ত প্রসাদেন জনা যান্তি পরাং গতিম্।
ভূজ্জপত্রে সমালিখ্য স্বরস্তৃ-কুসুমেন তু॥৯৪
শুরেন কুসুমেনাপি রোচনালক্তকেন চ।
স্বর্ণস্থাং গুটিকাং কৃত্বা ধারয়েদ্যস্ত মানবং॥৯৫

ওঁ মং মাং.....মং মঃ ইদং হি যোনিকবচং রহস্তপরমান্তুতং। ৮৮

যে সাধক এই যোনিকবচ না জানিয়াই জপ করে, তাহার সকল মন্ত্রজপই
নিক্ষল হইয়া থাকে, সূতরাং পরম দিব্য এই রহস্ত সাবধানপূর্বক মনে
রাখিবে। হে মহেশানি! হে বরাননে! যে সাধক স্লাধারে অন্তরাদ্ধার
কবচের জপ করে, তাহার মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। ৮৯-৯০

হে মহেশানি । প্রত্যেক চক্রে সনাতনী যোনির কবচ পাঠ করিবে অথবা হে প্রিয়ে । চক্তগ্রহণ কিম্বা সূর্য্যগ্রহণে কবচ পাঠ করিবে । ৯১

ষকীয়া নারীতে অথবা পরকীয়া নারীতে রমণ করো, কিন্তু কবচের অনুগ্রহে যোনিমুদ্রার সিদ্ধি প্রাপ্ত হইবে। ১২

হে কমলাননে ! হে দেবি ! এই কবচ পাঠ করিয়া ভোমার সহিভ মহৎ আখ্যানযুক্ত মৈথুন করিয়াছি । ৯৩

কবচের অনুগ্রহেই লোক পরমগতি প্রাপ্ত হইয়া থাকে। ভূর্জপত্তে কুছুমের ৰারা লিখিয়া। ১৪

শুত্র পুষ্পের ঘারা, গোরোচনা অথবা অলক্তের ঘারা লিখিয়া, সুবর্ণনির্মিত ভাবিজের মধ্যে শুটিকারূপে রাখিয়া যে মানুষ ধারণ করিয়া থাকে। ৯৫ ইহলোকে পরত্র চ স এব শ্রীসদাশিবঃ। অষ্টোত্তরশতঞ্চাস্ত প্রপঠেৎ সিদ্ধিবাঞ্চয়া॥ ৯৬ কিমত্র বহুনোক্তেন অস্মাৎ পরতরো নহি। নমো যোগৈত্য নমো যোগৈত কুগুলিকৈত্য নমোনমঃ॥ ৯৭

ইতি দক্ষিণামায়ে সাদ্ধ লক্ষপ্রন্থে কন্ধালমালিনীতন্ত্রে যোনিমুদ্রাদিকথনং দ্বিতীয়ঃ পটলঃ।

সে ইহলোকে এবং পরলোকেও শ্রীসদাশিবরূপে বিরাজ করে। সিদ্ধির আকাজ্ঞা যদি থাকে, তাহা হইলে প্রতিদিন অফৌত্তর শতবার যোনিকবচ পাঠ করিবে। ১৬

বিশেষ আর বক্তব্য কি থাকিতে পারে? ইহা অপেক্ষা শ্রেষ্ঠ অন্ত কিছুই
নাই। সৃতরাং ষোনিকে বার বার নমস্কার করি, তংসঙ্গে কুণ্ডলিনীদেবীকেও
বারস্বার নমস্কার করি। ১৭

দক্ষিণায়ায়ে সার্দ্ধলক্ষগ্রন্থে কঙ্কাল্যালিনীভয়ে যোনিমুদ্রাদি কথন নামক বিভীয় পটল সমাপ্ত।

তৃতীয়ঃ পটলঃ

[গুরুপুজন-কবচ-গীতকপনম্]

শ্রীদেব্যুবাচ— ইদানীং শ্রোতুমিচ্ছামি গুরুপুজনমৃত্তমম্ ॥ ১

শ্রীঈশ্বর উবাচ—

কথয়ামি মহাদেবি অপ্রকাশ্যং বরাননে।
নিশু পঞ্চ পরং ব্রহ্ম গুরুরিত্যক্ষরদ্বয়্য ॥ ২
মহামন্ত্রং মহেশানি গোপনীয়ং পরাৎ পরম্।
তত্র ধ্যানং প্রক্ষ্যামি শৃণু পার্বতি সাদরম্॥ ৩
সহস্রদলপদ্মস্থ-মন্তরাত্মানমুজ্জলম্।
তস্থোপরি নাদবিন্দোর্ম ধ্যে সিংহাসনোজ্জলে॥ ৪
চিন্তয়েরিজগুরুং নিত্যং রক্ষতাচলসন্নিভম্।
বীরাসনসমাসীনং মুদ্রাভরণভূষিতম্॥ ৫
শুলুমাল্যাম্বরধরং বরদাভয়পাণিনম্।
বামোরুশক্তি-সহিতং কারুণ্যেনাবলোকিতম্॥ ৬

[গুরুর পূজা, কবচগীতা কথন]

শ্রীদেবী বলিলেন—এখন আমি উত্তম যে গুরুপ্জন, ড়াহাই শ্রবণ করিজে ইচ্ছা করি। ১

মহাদেব বলিলেন—হে বরাননে! এই অপ্রকাশ্য বিদ্যা তোমায় বলিভেছি ; শুরু এই অক্ষর-গুইটি নিশু∸ণ পরব্রহায়রপ। ২

হে মহেশানি! এই মহামন্ত্রটি সর্বাপেক্ষা শ্রেষ্ঠ, সুতরাং গোপন করিয়া রাখিবে। হে পার্বভি! সর্বপ্রথম ধ্যান বলিব, তাহা আগ্রহ সহকারে শ্রুবণ কর। ৩

সহস্রদল কমলের মধ্যে জ্যোতিঃশ্বরূপ অন্তরাদ্মা বিরাজমান করিতেছেন।
ভত্বপরি নাদ ও বিন্দুর মধ্যে উজ্জ্বল সিংহাসনে শ্রীশ্রীগুরু বিরাজমান
করিতেছেন। ৪

রজভাচলের তার শুল্র সেই নিজের গুরুদেবকে নিত্য ধ্যান করিবে। ভথার গুরুদেব বীরাসনে সমাসীন এবং মুদ্রাভরণে ভৃষিত রহিয়াছেন। ৫ প্রিয়য়া সব্যহন্তেন ধৃতচারুকলেবরম্।। ৭
বামোনোৎপলধারিণ্যা রক্তাভরণভূষয়া।
জ্ঞানানন্দসমাযুক্তং স্মরেত্রয়ামপূর্বকম্॥ ৮
মানসৈরুপচারৈশ্চ সংপৃদ্ধ্য কল্পয়েৎ সুধীঃ॥ ৯
গন্ধং ভূম্যাত্মকং দত্তাদ্ ভাবপুল্পৈন্ততঃ পরম্।
ধূপং বাষ্বাত্মকং দেবি তেজসা দীপমেব চ॥ ১০
নৈবেত্মময়তং দত্তাৎ পানীয়ং বরুণাত্মকম্।
অত্মরং মুকুটং দত্তাদ্ বস্ত্রক্ষৈব মম প্রিয়ে॥ ১১
চামরং পাত্মকাচ্ছত্রং তথালঙ্কারভূষণৈঃ।
ভত্তমুদ্রাবিধানেন সংপৃদ্ধ্যাথ গুরুং যজেৎ।। ১২
যথাশক্তি জপং কৃত্যা সমর্প্য কবচং পঠেৎ।
[ইতি তে কথিতং সম্যুগ্ গুরুপুজনমূত্তমং] # ।। ১৩

শ্রীদেব্যুবাচ— দুর ক্ষরচং জুসা যে রুদ

ভূতনাথ মহাদেব কবচং তস্তা মে বদ॥ ১৪

ভিনি শুন্দ্রমাল্য ধারণ করিয়া আছেন, তাঁহার পরিধানে শুন্দ্র বসন, হস্তে বরদাভয় এবং বামোরুশক্তি সহ করুণার্দ্র নেত্রে অবলোকন করিভেছেন। ৬ রক্তাভরণে ভূষিতা ও হস্তে উৎপলধারিণী প্রিয়ার ঘারা দক্ষিণ হয়ে বাঁহার চারু কলেবর ধৃত। ৭

বামহন্তে উৎপলধারিণী এবং রক্তাভরণভূষিতা জ্ঞানানন্দপ্রদা শক্তির ছারা সদাযুক্ত—এইরূপ গুরুকে তাঁহার নামগ্রহণপূর্বক স্মরণ করিবে। ৮

সুধী সাধক মানস উপচারের দারা তাঁহার মানসপূজার কল্পনা করিবে। ৯
পৃথিবীতত্ত্বকে গদ্ধরূপে, বায়ৃতত্ত্বকে ধৃপরূপে, অগ্নিতত্ত্বকে দীপরূপে কল্পনা
করিয়া ভাবরূপীপুঞ্জের দারা তাঁহার পূজা করিবে। ১০

অমৃতকে নৈবেলরপে, বরুণকে পানীয়রপে, আকাশকে মৃকুটরপে এবং উহাকেই বস্তুরূপে কল্পনা করিয়া, হে প্রিয়ে! মানসপৃত্পা করিবে। ১১

চামর, পাছকা, ছত্ত ও অলঙ্কার প্রভৃতি তং তং মৃদ্রা দারা কল্পনা করিয়া শুরুপৃত্বন করিবে। ১২

মানসপৃক্ষার অনন্তর যথাশক্তি ইফীমন্ত্রের জপ ও জপ সমর্পণ করিয়া গুরুকবচ পাঠ করিবে। ১৩

^{*} শ্লোকোহরং সর্বত্ত ন দৃশ্যতে।

শ্রীঈশ্বর উবাচ---

অথ তে কথয়ানীশে কবচং মোক্ষদায়কম্।

যস্ত জ্ঞানং বিনা দেবি ন সিদ্ধির্ন চ সদ্গতিঃ ॥ ১৫

ব্রহ্মাদয়োহপি গিরিজে সর্বব্র জয়নঃ স্মৃতাঃ ।

অস্ত প্রসাদাৎ সকলা বেদাগমপুরঃসরাঃ ॥ ১৬

কবচস্থাস্থ দেবেশি ঋষিবিফুরুদাহতঃ ।

ছন্দো বিরাড্ দেবতা চ গুরুদেবঃ স্বয়ং শিবঃ ॥ ১৭

চতুর্বর্বেগ জ্ঞানমার্গে বিনিয়োগঃ প্রকীন্তিতঃ ।

সহস্রারে মহাপদ্মে কপুর্ধবলো গুরুঃ ॥ ১৮

বামোরুগতশক্তি র্যঃ সর্বব্রু পরিরক্ষতু ।

পরমাখ্যো গুরুঃ পাতু শিরসং মম বল্লভে ॥ ১৯

পরাপরাখ্যো নাসাং মে পরমেন্তিম্ম্ খং মম ।

কণ্ঠং মম সদা পাতু প্রহ্লাদানন্দ নাথকঃ ॥ ২০

বাহু দ্বৌ সনকানন্দঃ কুমারানন্দনাথকঃ ।

বশিষ্ঠানন্দনাথন্ট হাদয়ং পাতু সর্ববদা ॥ ২১

শ্রীশ্রীদেবী বলিলেন, হে ভূতনাথ মহাদেব। এইবার আমাকে তাঁহার কবচ বর্ণন কর। ১৪

শ্রীমহাদেব বলিলেন, হে দেবি! তাঁখার কবচ হ**ইল মোক্ষদায়ক, বা**হার জ্ঞান ব্যতীত সিদ্ধি ও সদ্গতি হয় না। ১৫

হে গিরিজে । এই কবচের প্রভাবেই সকল বেদ ও আগমের তত্ত্ত ব্রহ্মা প্রভৃতি দেবগণ সর্বত্রই বিজয়ী হইয়াছেন । ১৬

হে দেবেশি। এই কবচের ঋষি হইল বিষ্ণু, ছন্দঃ বিরাট্ এবং দেবভা হইলেন গুরুদেব শিব শ্বয়ং। ১৭

ধর্ম, অর্থ, কাম ও মোক্ষরপ চতুর্বর্গের মধ্যে জ্ঞানমার্গে সহস্রাররূপ মহাপদ্ধে কর্পুরের স্থায় শ্বেভবর্ণবিশিষ্ট গুরুই একমাত্র এই কবচের বিনিয়োগ। ১৮

বাম উরুতে উপবিষ্ট শক্তি যাঁহার এইরূপ পরম শিব সর্বত্ত রক্ষা করুন। হে প্রিয়ে ! পরমগুরু আমার মন্তককৈ রক্ষা করুন। ১৯

পরাপরগুরু আমার নাসিকা এবং পরমেষ্টিগুরু আমার মুখের রক্ষা করুন। পরম আহলাদ বা আনন্দের প্রভু আমার কণ্ঠের রক্ষা করুন। ২০ ক্রোধানন্দঃ কটিঃ পাতু সুখানন্দঃ পদং মম।

ধ্যানানন্দশ্চ সর্ব্রাঙ্গং বোধানন্দশ্চ কাননে॥ ২১
সর্ব্রে গুরবঃ পাস্ত সর্ব্রে ঈশ্বররাপিণঃ।

ইতি তে কথিতং ভদ্রে কবচং পরমং শিবে॥ ২৩
ভক্তিহীনে গুরাচারে দ্যান্ম্ ত্যুমবাপ্নুয়াৎ।
অস্ত্রৈব পঠনাদ্ দেবি ধারণাচ্ছুবণাৎ প্রিয়ে।
মন্ত্রাঃ সিদ্ধাশ্চ জায়ন্তে কিমন্তং কথয়ামি তে॥ ২৪
কপ্তে বা দক্ষিণে বাহো শিখায়াং বীরবন্দিতে।
ধারণান্নাশ্রেৎ পাপং গঙ্গায়াং কলুষং যথা॥ ২৫
ইদং কবচমজ্ঞাত্বা যদি মন্ত্রং জপেৎ প্রিয়ে।
তৎ সর্ব্বং নিক্তলং কৃত্বা গুরুর্যাতি স্থনিশ্চিতম্॥ ২৬
শিবে রুপ্তে গুরুত্রাতা গুরো রুপ্তে ন কশ্চনঃ॥ ২৭

যিনি সনক ঋষিকে আনন্দদান করেন এবং যিনি কুমারকেও আনন্দ দান করেন এইরূপ গুরু আমার ছইটি বাস্থর রক্ষা করুন। বশিষ্ঠকে যিনি আনন্দ প্রদান করেন, তিনিও আমার হৃদয় রক্ষা করুন। ২১

ক্রোধানন্দ কটি, সুখানন্দ চরণ এবং ধ্যানানন্দ আমার সর্বাঙ্গ আর বোধানন্দ কাননে আমাকে রক্ষা করুন। ২২

ঈশ্বরূপী সকল গুরুই আমাকে সকলস্থানে যেন রক্ষা করেন। হে প্রম-শিবে ভদ্রে। আমি ভোমার এইভাবে গুরুকবচ বর্ণন করিলাম। ২৩

হুরাচারী ও ভক্তিহীন মানুষকে এই কবচপ্রদান করিলে মৃত্যু প্রাপ্তি অবশ্যস্থাবী। হে দেবি! এই কবচের ধারণে ও শ্রবণে মন্ত্রসিদ্ধি হইরা থাকে; আমি ভোমাকে অশ্য কি বলিব। ২৪

হে বীরবন্দিতে ! কঠে, দক্ষিণ বাছতে অথবা শিখাতে ইহার ধারণ করিলে, সঙ্গাতে স্থান করিলে যেরপ পাপ নফ হয়, সেইরূপ সকল কলুষ নফ হইয়া ষাইবে। ২৫

হে প্রিয়ে। এই কবচের জ্ঞান ব্যতীতই যদি কেহ কেবল মন্ত্র জপ করে, ভাহা হইলে গুরু তাহার সকল জপ নিজ্ফল করিয়া দেন, ইহা সুনিশ্ভিত। ২৬

শিব যদি রুফী হন, ভাহা হইলে গুরুই রক্ষা করেন; কিন্তু গুরু রুফী হইলে জগতে কেহই রক্ষা করিতে পারে না। ২৭

শ্রীপার্ব্বভূ্যবাচ---

লোকেশ কথ্যতাং দেব গুরুগীতা ময়ি প্রভো॥ ২৮ শ্রীশিব উবাচ—

শৃণু তারিণি বক্ষ্যামি গীতাং ব্রহ্মময়ীং পরাম্।

শুনু ভারিণ বন্দ্যান সাভাং প্রস্থানরং পরান্।
গরুত্বং সর্বশাস্ত্রাণামহমেব প্রকাশকঃ ॥ ২৯

ত্বমেব গুরুর্রপেণ লোকানাং ত্রাণকারিণী।
গরা গঙ্গা কাশিকা চ ত্বমেব সকলং জগং॥ ৩০
কাবেরী যমুনা রেবা করতোয়া সরস্বতী।
চন্দ্রভাগা গৌতমী চ ত্বমেব কুলপালিকা॥ ৩১
ব্রহ্মাণ্ডং সকলং দেবি কোটিব্রহ্মাণ্ডমেব চ।
ন হি তে বজ্বুমহামি ক্রিয়াজালং মহেশ্বরি॥ ৩২
উজ্বা উজ্বা ভাবয়িত্বা ভিক্সুকোহয়ং নাগাত্মজে।
কথং তং জননী ভূত্বা বধৃত্বং মম দেহিনাম্॥ ৩০
তব চক্রং মহেশানি অভীতঃ পরমাত্মনঃ।
ইতি তে কথিতা গীতা গুরুদেবস্য ব্রহ্মণঃ॥ ৩৪

শ্রীপার্বতি বলিলেন, হে লোকেশ, হে দেব, হে প্রভো! আমাকে ওরু-গীতার বর্ণন কর। ২৮

শীশীশিব বলিলেন—হে তারিণি! তুমি শ্রবণ কর। আমি ভোমার উৎকৃষ্ট ব্দামরী শুরুগীতার বর্ণন করিব। তুমি সকল শাস্ত্রের শুরু; কিছু আমিই উহার প্রকাশক। তুমিই শুরুরপে জগতের আণ করিয়া থাক। গয়া, গঙ্গা ও কাশী সকলই তুমি।২৯-৩০

কাবেরী, নর্মদা, ষম্না, করভোয়া, সরস্বতী, চক্রভাগা ও গোভমীরপে তুমিই কুলপালিকা। হে দেবি! নিখিল ব্রহ্মাণ্ড কি কোটি ব্রহ্মাণ্ডকেও, হে মহেশ্বরি! ভোমার সাধন ক্রিয়াসমূহ বলা যায় না। ৩১-৩২

হে নগাত্মতে । সেই সব ক্রিয়াসমূহ বলিতে বলিতেও ভাবিতে এই শিব ভিক্ষুক হইয়া গিয়াছে। তুমি সকল প্রাণীর জননী হইয়াও কি করিয়া আমার বধুরূপে বিরাজ কর। ৩৩

হে মহেশানি! তোমার চক্র পরমাত্মারও জ্ঞানাজীত। এইভাবে ব্রহ্মব্রূপ গুরুদেবের গীতা কথিত হইয়াছে। ৩৪ সংক্ষেপেণ মহেশানি প্রভুরেব গুরুঃ স্বয়ম্।
জগৎ সমস্তমস্থাং গুরুস্থোয়া হি কেবলম্॥ ৩৫
তং তোষয়িত্বা দেবেশি নতিভিঃ স্তুতিভিন্তথা।
নানাবিধদ্রব্যদানৈঃ সিদ্ধিঃ স্থাৎ সাধকোত্তমঃ।। ৩৬

ইতি শ্রীদক্ষিণায়ায়ে সান্ধ লক্ষগ্রন্থে কন্ধালমালিনীতন্ত্রে শ্রীগুরুপুজন-কবচ-গীতাকথনং নাম তৃতীয়ঃ পটলঃ।

হে মহেশানি ! সংক্ষেপে ইহার মর্মকথা যে গুরুই শ্বয়ং প্রভু। এই নিখিল জ্বগং অস্থির ; কিন্তু একমাত্র গুরুই স্থির বস্তু। ৩৫

হে দেবেশি। সেই গুরুকে প্রণতি ও স্তুতির দারা এবং নানাপ্রকার দ্রব্য প্রদানের দারা সম্ভুষ্ট করিলে সাধকোত্তম সত্বর সিদ্ধিলাভ করিয়া থাকেন। ৩৬

শ্রীদক্ষিণায়ায়ে সার্দ্ধলক্ষগ্রন্থে কঙ্কালমালিনীতন্ত্রে শ্রীশুরুর পূজন শুরুকবচ ও শুরুগীতা কথন নামক তৃতীয় পটল সমাপ্ত।

চতুৰ্বঃ পটলঃ

[মহাকালী মন্ত্ৰ-পূজা-কথনম্]

শ্রীপার্ব্বভূয়বাচ—

ক্পয়স্ব বিরূপাক্ষ মহাকালীমহুং প্রভো ॥ ১

শ্রীঈশ্বর উবাচ—

অথাতঃ সংপ্রবক্ষ্যামি মহাকালীমহুং প্রিয়ে।
যস্ত বিজ্ঞানমাত্রেণ সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ ॥ ২
প্রিয়া বিষ্ণুং সমঃ কাস্ত্যা ষণ্মুখেন সমঃ স্থুখী।
শৌচেন শুচিনা তুল্যো বলেন পবনোপমঃ ॥ ৩
বাগীশ্বরসমো বাচি ধনেন ধনপঃ স্বয়ম্।
সার্বজ্ঞে শস্তুনা তুল্যো দানে দধিচিনা সমঃ ॥ ৪
আজ্ঞয়া দেবরাজোহসৌ ব্রাহ্মণ্যেন প্রজ্ঞাপতিঃ।
ভূগোরিব তপস্বী চ চন্দ্রবং প্রীতিবর্দ্ধনঃ। ৫
তেজসাগ্নিসমো ভক্ত্যা নারদঃ শিবকৃষ্ণয়োঃ।
ক্রপেণ মদনঃ সাক্ষাৎ প্রতাপে ভাতুসন্নিভঃ ॥ ৬
শাস্ত্রচর্চাস্বাক্ষিরসো জামদগ্যঃ প্রতিজ্ঞয়া।
সিদ্ধানাং ভৈরবঃ সাক্ষাৎ গঙ্কেব মলনাশকঃ ॥ ৭

[মহাকালীর মন্ত্র ও পূজা কথন]

শ্রীপার্বতী বলিলেন—হে বিরূপাক্ষ প্রভো! মহাকালী মন্ত্রের বর্ণনা কর। ১
শ্রীঈশ্বর বলিলেন—এইবার আমি ভোমায় মহাকালী মন্ত্র বলিব। যাহারং
বিশেষ জ্ঞানমাত্রেই সিদ্ধীশ্বর হইরা যায়। ২

শ্রীতে বিষ্ণুর মত এবং কান্তিতে কার্ত্তিকের মত সৃখী, শৌচে (পবিত্রতায়) অগ্নির তুল্য এবং বলে পবনের তুল্য, বাণীতে বাগীশ্বের তুল্য, ধনে স্বয়ং কুবেরই। সর্বত্তে, শস্তুর তুল্য, দানে দধীচির তুল্য। ৩-৪

আজ্ঞা পালনে যেন স্বয়ং দেবরাজ, ব্রাক্ষণ্যে ব্রহ্মা, ভৃগুর মত তপস্থী এবং চল্রের মত প্রীতিবর্ধক। অগ্নির সমান তেজ, শিব ও কৃষ্ণের প্রতি নারদের মত ভক্তি, রূপে মদনের সমান এবং প্রতাপে সুর্য্যের সমান। ৫-৬

অথবা বহুনোক্তেন কিম্বা তেন বরাননে।
ন তস্ত ছ্রিভং কিঞ্চিৎ মহাকালীং স্মরেদ্ধিয়া।। ৮
শব্দব্রহ্মময়ীং স্বাহাং ভোগমোক্ষৈকদায়িকাম্।
ভোগেন মোক্ষমাপ্রোতি শ্রুত্বা গুরুমুখাৎ পরম্।। ৯
ভাং বিভাং শৃণু বক্ষ্যামি যয়া ভৈরবভাং ব্রজেৎ।। ১
কোধীশং ক্ষতজারূঢ়ং ধূমভৈরবলক্ষিতম্।
নাদবিন্দুসমাযুক্তং মন্ত্রং স্বর্গেহপি ছর্লভম্॥ ১১
একাক্ষরীসমা নাস্তি বিভা ত্রিভুবনে প্রিয়ে।
মহাকালী গুহুবিভা কলিকালে চ সিদ্ধিদা॥ ১২
অথাত্যৎ সংপ্রবক্ষ্যামি দক্ষিণাং কালিকাং পরাম্।
বাগ্ভবং বীজমুচ্চার্য্য কামরাজং ততঃ পরম্।
মায়াবীজং ততো ভদ্রে ত্যক্ষরং মন্ত্রমীরিতম্॥ ১৩

শাস্ত্রচর্চায় অঙ্গিরসের তুল্য, প্রভিজ্ঞায় পরশুরাম, সিদ্ধদিগের মধ্যে যেন সাক্ষাৎ ভৈরব, আর গঙ্গার মত মল-নাশক। ৭

হে বরাননে ! অনেক কথায় কি প্রয়োজন, যে সাধক মহাকালীর স্মরণ করে, তাহার কোনরূপ পাপ থাকিতে পারে না । ৮

তিনি শব্দব্রহ্মমন্ত্রী, স্বাহারপণী, ভোগ ও মোক্ষের একমাত্র তিনিই প্রাদারিনী। শুরুম্খে তাঁহার আরাধনারীতি শুনিলে ভোগের দ্বারাই মোক্ষ প্রাপ্তি হইয়া থাকে। সেই বিদ্যা আমি তোমাকে বলিব শোন, যাহার দ্বারা আমি ভৈরবত্ব প্রাপ্ত হয়। ১-১০

ক্রোধীশকে ক্ষতজ্ঞারত করিয়া ধূমভৈরবী সংযুক্ত করিয়া উহাতে নাদ ও বিন্দু যোগ করিলে যে মন্ত্র হয়, উহা স্বর্গেও গ্র্লভ। 'ক্রী' মন্ত্র—ক্রোধীশ-ক্ ক্ষতজ্ঞ-র, ধূমভিরবী-ঈ। ১১

উক্ত একাক্ষর মন্ত্রের শায় হে প্রিয়ে। ত্রিভ্বনেও কোন বিদ্যা নাই। কলিকালে গুহুবিদাররূপিণী মহাকালী সিদ্ধিদাত্রী, এইবার কালিকার বিষয়ে। ভোমায় বলিব। ১২

প্রথমে বাগ্তব বীজ উচ্চারণ করিয়া, কামবীজ উচ্চারণ করিবে; পরে মারাবীজ উচ্চারণ করিলেই তিন অক্ষরের মহামন্ত্র হইয়া থাকে অর্থাৎ ঐং ক্লীং ক্লীং। বাগ্বীজ—ঐং, কামবীজ—ক্লীং, মায়াবীজ—হ্লীং। ১৩

কামরাজং ততো কৃষ্ঠং মায়াবীজ্ঞমতঃ পরম্।
অপরং ত্র্যক্ষরং প্রোক্তং পূর্ব্বোক্তং ফলদং প্রিয়ে॥ ১৪
হালাহলং সমুচ্চার্য্য মায়াদ্বয়মতঃ পরম্।
এতত্ত্র্ ত্র্যক্ষরং দেবি সর্ব্বকামফলপ্রদম্॥ ১৫
এতেষাঞ্চিব মন্ত্রাণাং ফলমন্তং শৃণু প্রিয়ে।
ন কালনিয়মো নাস্তি নারিমিত্রাদিদৃষণম্॥ ১৬
কায়ক্রেশকরং নৈব প্রয়াসো নাস্ত্র সাধনে।
দিবা বা যদি বা রাত্রৌ জপঃ সর্ব্বত্র শোভনঃ॥ ১৭
ভোগেমোক্ষবিরোধোহত্র সাধনে নাস্তি নিশ্চিতম্।
ভোগেন লভতে মোক্ষং নরোহপি বিভয়ানয়া॥ ১৮
অস্তা জপাত্রথা ধ্যানাৎ লভেন্মুক্তিং চতুর্ব্বিধাম্।
নানয়া সদৃশী বিভা নানয়া সদৃশো জপঃ॥ ১৯

কামবীজ উচ্চারণ করিয়া কুর্চ, পরে মায়াবীজ উচ্চারণ করিলে আর একটি তিন অক্ষরের মন্ত্র হইয়া থাকে, যাহা পূর্বেরই মত ফলপ্রদ। ক্লীং, হুঁ, হ্রীং। কামবীজ – ক্লীং, কুর্চ— হুঁ, মায়াবীজ—হ্লীং। ১৪

হালাহল উচ্চারণ করিয়া তুইটি মায়াবীজ উচ্চারণ করিলে যে ভিন অক্ষরের মন্ত্রহয়, হে দেবি! এই ভিন অক্ষরের মন্ত্রটি সকলপ্রকার কাম ও ফলপ্রদ। অর্থাৎ ওঁ হীং হীং। হালাহল—ওঁ, মায়া—হীং।১৫

হে প্রিয়ে! এই সকল মন্ত্রের অন্যান্য ফল শোনো। এই সকল মন্ত্রের উচ্চারণে কোনরূপ সময়ের নিয়ম নাই এবং শত্রু মিত্র প্রভৃতি নিবন্ধন কোনরূপ দূষণও হইতে পারে না। ১৬

ইহার সাধনে কোনরূপ শারীরিক পরিশ্রম অথবা কোনরূপ বিশেষ চেষ্টারও প্রয়োজন নাই। দিনে অথবা রাত্তিতে যে কোন সময়ে হউক না কেন, সর্বক্ষণ মন্ত্র জপ করাই শোভন। ১৭

ইহা সুনিশ্চিত যে উপরি উক্ত মন্ত্রসাধনে ভোগ ও মোক্ষের মধ্যে কোনরূপ বিরোধ নাই। এই বিলার দ্বারা যে কোন মানুষ ভোগের দ্বারাও মোক্ষ লাভ করিতে পারে। ১৮

উক্ত মন্ত্রগুলির জপের দারা অথবাধ্যানের দারা চারি প্রকার মৃক্তি (সালোক্য, সাযুজ্য, সারূপ্য, সান্তি) লাভ করিতে পারে। ইহার সমান বিদ্যা অথবা ইহার সমান জপ নাই।১৯ নানয়া সদৃশং ধ্যানং নানয়া সদৃশং তপঃ।
সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যপুর্বং বদাম্যহম্॥ ২০
অনয়া সদৃশী বিত্যা নাস্তি সিদ্ধিঃ স্থগোচরে।
অথ সংক্ষেপতো বক্ষ্যে পূজাবিধিমহুত্তমম্।। ২১
বিস্তারে কস্ম বা শক্তিঃ কো বা জানাতি তত্ততঃ।
পূজা চ ত্রিবিধা প্রোক্তা নিত্য-নৈমিত্তি-কাম্যতঃ।। ২২
তত্রৈব নিত্যপূজাঞ্চ বক্ষ্যে তাঞ্চ নিশাময়।
ভৈরবোহস্ম ঋষিঃ প্রোক্তঃ উষ্ণিক্ ছন্দ উদাহাতম্।। ২০
দেবতা মুনিভিঃ প্রোক্তা মহাকালী পুরাতনী।
বিনিয়োগস্ত বিত্যায়াঃ পুরুষার্থচত্তুইয়ে।। ২৪
পঞ্চজি-বিহীনেন যৎ কৃতং ন চ তৎ কৃতম্।
পঞ্চজিং বিনা পূজা অভিচারায় কল্লাতে।। ২৫
আত্মজিঃ স্থানশুদ্ধির ব্যস্ম শোধনস্তথা।
মন্ত্রজি-র্দেবশুদ্ধিঃ পঞ্চজিরিতীরিতা।। ২৬

ইহার সমান ঝান অথবা তপ নাই। আমি তোমায় সভ্যা সভাই শপথ পূর্বক বলিভেছি। ২০

ইহার সমান বিদ্যা বা সিদ্ধি ত্রিভূবনে দৃষ্টিগোচর হয় না। এইবার সংক্ষেপে ভোমাকে অনুভ্তম পূজাবিধির বর্ণন করিব। ২১

বিস্তৃতভাবে পূজা করিতে কাহারই বা শক্তি আছে, কে বা ইহার ভাত্ত্বিক বিধান জানে? পূজা তিন প্রকার উক্ত হইয়াছে—নিত্য, নৈমিত্তিক ও কাম্য । ২২

উহার মধ্যে নিভ্য পূজার বর্ণন করিব, তাহা শ্রবণ কর। এর ঋষি হইল ভৈরব, আর হন্দ উফিক্ নামে ধ্যাভ। ২৩

পুরাতনী মহাকালীকে উহার দেবতারূপে মুনিগণ কর্তৃ ক উক্ত হইয়াছে।
আর এই বিদার বিনিয়োগ হইল পুরুষার্থ-চতুইটেয়ে (ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চারিটি পুরুষার্থে)। ২৪

পঞ্জজি ব্যতীত পূজা করা না করার সমান। পঞ্জজি ব্যতীত পূজা করিলে কেবল অভিচারই করা হয়। ২৫

আত্মশোধন, স্থানশোধন, জ্বব্যের শোধন, মন্ত্রশোধন, এবং দেবভার শোধন—এই পাঁচটিকে পঞ্চন্তবি বলা হয়। ২৬ ভূপ্রদেশে সমে শুদ্ধিः পূষ্প-প্রকর-সংকৃশে।

আসনং কল্লয়েদাদো কোমলং কম্বলম্ভ বা ॥ ২৭

বামে গুরুন্ পুনর্নত্বা দক্ষিণে গণপতিং বিভূম্।

ভূতশুদ্ধিং তথা কুর্য্যাৎ পূজাযোগ্যে যথা ভবেৎ ॥ ২৮
প্রাণায়ামাদি বিধিবং ঋষ্যাদি-স্থাসমাচরেং।

আদৌ শুদ্ধিভরবায় ঋষয়ে নম ইত্যুথ ॥ ২৯
উষ্ণিক্ ছন্দসে নমসা মুখে ছন্দো বিনির্দ্দিশেং।

মম প্রিয়ে মহাকালী দেবভায়ে নমো ছদি ॥ ৩০

হ্রীং বীজায় নমঃ পূর্বাং হুং শক্তয়ে নমোহপ্যুথ।

কবিত্বার্থে বিনিয়োগ ইতি বিক্তস্থ বাঞ্চয়া ॥ ৩১

কেবলাং মাতৃকাং ক্রস্থ বীজন্থাসং সমাচরেং।

ওঁ ক্রোং অঙ্কুর্গয়োর্নস্থ ওঁ ক্রীং ভর্জ্জন্থোর্নমঃ ॥ ৩২

ওঁ ক্রেং মধ্যময়োর্নস্থ ওঁ ক্রেং অনামিকা-দ্বয়োঃ।

ওঁ ক্রোং কনিষ্ঠা-মুগলে ওঁ ক্রঃ করতলে ভথা।। ৩৩

সমতল ভূমিতে শোধন করিয়া উপকরণ সমুদায়েরও শোধন করিতে হয়, উহার জন্ম কেবল প্রপাই একমাত্র শোধকরণ। প্রথমে কোনো কোমল আসন অথবা কম্বল স্থাপন করিবে।২৭

বামভাগে গুরুকে নমস্কার করিয়া, দক্ষিণে গণেশকে প্রণাম করিবে। পরে সেইরূপভাবে ভূতগুদ্ধি করিবে, যাহাতে পূজার উপযুক্ত হওয়া যায়। ২৮

বিধিবং প্রাণায়ামাদি করিয়া, ঋষিখ্যাস অঙ্গভাস প্রভৃতির অনুষ্ঠান করিবে। আদিতে শুদ্ধির ঋষি ভৈরবকে নমস্কার করিয়া উষ্ণিক্ ছন্দের নমস্কারের ছারা মুখে ছন্দের নির্দেশ করিবে। হে প্রিয়ে! হৃদয়ে মহাকালী-দেবভার উদ্দেশে নমস্কার করিবে। ২৯-৩০

পূর্বে ত্রীং বীজ্ঞকে নমস্কার 'হ্রীং বীজ্ঞায় নমঃ' এই মন্ত্রের ছারা করিবে। পরে 'হুং শক্তয়ে নমঃ' এই মন্ত্রের ছারা শক্তিকে নমস্কার করিবে। কবিছের জন্ম এইরূপ কামনা অনুসারে শাস করিবে। ৩১

কেবল মাতৃকাতাস করিয়া বীজতাসের অনুষ্ঠান করিবে। ওঁ ক্রাং এই মন্ত্রের দারা অঙ্গুষ্ঠদয়ের তাস করিয়া 'ওঁ ক্রীং'—এই মন্ত্রের দারা হুইটি ভর্জনীর ত্যাস করিবে। ৩২

'ওঁ জুং'—এই মন্তের ঘারা মধ্যমা অঙ্গুলির ভাস, 'ওঁ জৈং'—এই মন্তের

পूनक्र नियानि (घरिल-क्रां िव्रिकः ध्वनवर्गि खं विकासन ।। ४८ वर्गि क्रां क्रिं क्रिं क्रिं व्यनवर्गि खं विकासन ।। ४८ वर्गि क्रां क्रिं क्र

শ্বারা অনামিকার, 'ওঁ ক্রোং' এই মন্ত্রের দারা কনিষ্ঠাদ্রের এবং 'ওঁ ক্রঃ কর্ন তলে ফট্' এই মন্ত্রের দারা করতলের গ্রাস করিবে।

মন্ত্রগুলির শুদ্ধ উচ্চারণ করিতে হইলে 'নমস্' শব্দযোগে চতুর্থ্যশু পদ করিয়া পাঠ করিতে হইবে যথা—

ওঁ জুন্মধ্যমাভ্যাং নমঃ, ওঁ জ্বৈং অনামিকাভ্যাং নমঃ, ওঁ জ্বোং কনিষ্ঠি-কাভ্যাং নমঃ, ওঁ ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ তর্জনীভ্যাং নমঃ ইত্যাদি। ৩৩

পুনরায় হৃদয়াদি অকে অর্থাং ছয়স্থানে যথাক্রমে হৃদয়, মন্তক, শিখা, কবচ, নেত্র ও করতলে—এই অকণ্ডলিতে শ্রাস করিতে হয়। তাহাতে প্রণবাদি স্ববীজ্বের ধারাই অক্সন্থাস করা বিধেয়। যথা—ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ শিরুসে স্বাহা, ওঁ শিখায়ৈ নমঃ (বষট্), ওঁ কবচায় হুঁ, ওঁ নেত্রতায়ায় নমঃ (বৌষট্), ওঁ করতল-পৃষ্ঠাভ্যাং ফট্ ইত্যাদি। স্ব-বাজ অর্থাং নিজের বীজ্মন্ত্র, উহার আদিতে ওঁ-কার। ৩৪

বর্ণস্থাস এইভাবে করিতে হইবে যাহাতে সাধক দেবীময় হইয়া যায়। যথা, অং আং ইং ঈং উং উং ঋং ঋং ১ং ১ং নমঃ—এই বলিয়া হৃদয়ে স্থাস করিবে। ৩৫

बर बेर खर खर खर कर थर गर घर नमः—मिकन खूटक । कर हर घर घर बर बर कर हैर हेर छर हर नमः—नाम खूटक । ७७ नर छर धर मर धर नर भर कर वर छर नमः—मिकन छेक्नटि । मर यर दर कर वर भर वर मर इर कर कर नमः—नाम छेक्नटि । ७०

এইগুলির সহিত মূল বীজ উচ্চারণ করিয়া পাঁচবার অথবা সাভবার স্থাস করিবে। মস্তক হইতে পাদদেশ পর্যান্ত উত্তমরূপে ব্যাপক্তাস করিতে হয়। ৩৮ নিত্যন্তাস ইতি প্রোক্তঃ সর্ব্ব এব স্থাবহঃ।
অথ ধ্যানং প্রবক্ষ্যামি ভৈরবাকার-দায়কম্।। ৩৯
হিমালয়গিরে-র্মধ্যে নগরে ভৈরবস্ত চ।
দিব্যস্থানে মহাপীঠে মণিমগুপ-রাজিতে।। ৪০
নারদাত্তিমু নিশ্রেষ্ঠেঃ সংসেবিত-পদাস্থলাম্।
তত্র ধ্যায়য়হাকালীমান্তাং ভৈরববন্দিতাম্।। ৪১
নীলেন্দীবর-বর্ণিনীং যুগ্মাপীন-তুল-স্তনীম্।
স্থ্যশ্রীহরিপীঠ-রাজিতবতীং ভীমাং ত্রিনেত্রাং শিবাম্ন।
মুদ্রা-খড়াকরাং বরাভয়য়ুতাং চিত্রাম্বরোদ্দীপনীং,
বন্দে চঞ্চল-চন্দ্রকাস্ত-মণিভি-র্মালাং দধানাং পরাম্।। ৪২
ধ্যানাস্তরং প্রবক্ষ্যামি শৃণু গৌরি গিরেঃ স্কৃতে।
তত্র পীঠে মহাদেবীং কালীং দানব-সেবিতাম্।। ৪৩
মেঘালীং বিগতাম্বরাং শব-শিবারাঢ়াং ত্রিনেত্রাং পরাম্।
কর্ণালম্বিত-বাণযুগ্য-লসিতাং মুগ্রাবলী-মণ্ডিতাম্।। ৪৪

এইভাবে নিভাগাস বলা হইল যাহা সকল সাধকেরই সুখপ্রদ। এইবার ধ্যানের বর্ণন করিব, যাহার দারা ভৈরবের আকার প্রাপ্ত হইয়া থাকে। ৩৯

হিমালয়ে পর্বতশৃক্তে অথবা ভৈরবের নগরে অর্থাং বারাণসী প্রভৃতি স্থানে, দিব্যস্থানে, মণিমগুপের ঘারা শোভিত মহাপীঠে, নারদ প্রভৃতি মূনিগণের ঘারা বাঁহার চরণকমল সেবিত এবং ভৈরববন্দিত আদা মহাকালীর নিত্য ধ্যান করিবে। ৪০-৪১

যাঁহার বর্ণ নীল ইন্দীবরের মড, যাঁহার পয়োধরষুগল অভি উন্নড, যিনি
সৃপ্ত প্রীহরির শন্ধন শেষনাগের স্থায় শোভায়মান, সৃভরাং অভি ভয়য়র অথচ
শিবস্থরূপ ও ত্রিনেত্রা, যাঁহার হস্তে মুদ্রা ও ঋড়গ রহিয়াছে, যিনি বরাভয়প্রদায়িনী এবং যিনি চিত্রাম্বরের ঘারা উদ্দীপনী। যিনি চঞ্চল চম্রকান্তমণির
ঘারা রচিত মালা ধারণ করিয়া আছেন, তাঁহাকে আমরা সভত বন্দনা
করি। ৪২

হে হিমালয়-ছহিভা গৌরি! এইবার আর একটি ধ্যানের বর্ণনা করিব, ভাহা শ্রবণ কর। যিনি দানবগণের ঘারা সেবিত এইরূপ মহাদেবী কালী। ৪৩ হাঁহার অঙ্গ মেঘের মত, যিনি দিগম্বরী, যিনি শ্বরূপ শিবিকায় আরুঢ়া, বামাধোর্দ্ধ-করামুজে নরঃশিরঃ খড়গঞ্চ সব্যেতরে।
দানাভীতি-বিমৃক্ত-কেশ-নিচয়া ধ্যেয়া সদা কালিকা ॥ ৪৫
অপরঞ্চ প্রবক্ষ্যামি ধ্যানং পরমহল্প ভম্ ।
কালীং করালবদনাং ঘোরদংষ্ট্রাং ত্রিলোচনাম্ ।
স্মরেচ্ছব-কর-শ্রেণি-কৃত-কাঞ্চীং দিগম্বরাম্ ॥ ৪৬
বীরাসন-সমাসীনাং মহাকালোপরি-স্থিতাম্ ।
শ্রুতিমূল-সমাকীর্ণ-স্কুণীং ঘোরনাদিনীম্ ॥ ৪৭
মৃত্তমালা-গলদ্রক্ত-চচ্চিতাং পীবর-স্তুনীম্ ।
মদিরামোদিতা-স্ফাল-কিপতাখিল-মেদিনীম্ ॥ ৪৮
বামে খড়গং ছিল্লমৃত্যং ধারিণীং দক্ষিণে করে ।
বরাভয়মৃতাং ঘোর-বদনাং লোল-জিহ্বিকাম্ ॥ ৪৯
শকুস্তপক্ষ-সংমৃক্ত-বাণকর্ণ-বিভূষিতাম্ ।
শিবাভি-র্ঘোররাবাভিঃ সেবিতাং প্রলয়োদিতাম্ ॥ ৫০

ষিনি তিন নয়নযুক্তা, যাঁহার কর্ণ লম্বায়মান বাণযুগ্ম দ্বারা শোভত এবং যিনি যুগ্তাবলীর দ্বারা মণ্ডিত। ৪৪

যাঁহার বাম করকমলের উর্দ্ধে ও অধোভাগে নরম্প্ত এবং দক্ষিণ হস্তে খড়গ সুশোভিত! যাঁহার কেশরাণি বিমৃক্ত-এইরূপ কালিকাদেবীকে সভত ধ্যান করিবে। ৪৫

অপর আর একটি ধ্যানের বর্ণন করিতেছি যাহা জগতে অতি হর্লভ। করোলবদনা, ত্রিলোচনা, ঘোরদংস্থা, শবের করপঙ্জির ঘারা যিনি রশনা করিয়াছেন এবং যিনি দিগম্বরী এইরূপ কালীকে নিত্য শারণ করিবে। ৪৬

ষিনি মহাকালের উপরে বীরাসনে সমাসীনা, যাঁহার স্কণী (ওঠের প্রান্তভাগ) কর্ণমূল পংয়ন্ত বিস্তৃত এবং যিনি ঘোর নাদ করিতে থাকেন। ৪৭

যিনি মৃশুমালা হইতে চ্যুত রক্তের দ্বারা চর্চিত, যাঁহার স্থন পীবর (স্থুল)। বিনি মদিরাপানে মন্ত হইয়া সমগ্র মেদিনীকে কম্পিত করেন। ৪৮

যিনি বামহত্তে খড়া ও দক্ষিণ হত্তে ছিল্লমুগু ধারণ করিয়া আছেন। বিনিব্রাভন্ন-প্রদায়িনী, ঘোর-বদনা এবং যাঁহার জিহ্বা চপল—এইরূপ কালীকে ধ্যান করিবে। ৪৯

যাঁহার কর্ণ পক্ষীপালকযুক্ত বাণের ছারা ভূষিত, যিনি আগত প্রলয়ের মন্ত ছোর রবকারী শিবাদিগের ছারা সেবিতা। ৫০ চগুহাস-চগুনাদ-চগুাখ্যানৈশ্চ ভৈরবৈ:।
গৃহীত্বা নরক্ত্বালং জ্বরশন্ধ-প্রায়ণৈ:॥ ৫১
দেবিভাখিল-সিন্ধোহৈ মুনিভি: দেবিভাং পরাম্।
এষামস্থতমং ধ্যানং কৃত্বা চ সাধকোত্তমং॥ ৫২
মানসৈরূপচারৈশ্চ সোহহুমাত্মানমর্চ্চয়েং।
তভো দেবীং সমভ্যর্চ্য অর্যাদ্বয়ং নিবেদরেং।। ৫৩
দশ্ব-পঞ্চার-পদ্মেমু পীঠপুজাং সমাচরেং।
ভত্রাবাহ্য মহাদেবীং নিয়মেন সমাহিত্তঃ।
ভভো ধ্যাক্সেহাদেবীং কালিকাং কৃত্তভূষণম্।। ৫৪
মহাকালং যজেং যত্নাং পীঠশজিং ভভো যজেং।। ৫৫
কালীং কপালিনীং কৃত্নাং কৃত্তকৃত্বাং বিরোধিনীম্।
বিপ্রচিত্তাং ভবা চৈব বহিঃ ষট্কোণকে পুনঃ।। ৫৬
উগ্রাম্গ্র-প্রভাং দীপ্তাং ভত্র ত্রিকোণকে পুনঃ।
নীলাং দনাং বলাকাঞ্চ ভবা পর-ত্রিকোণকে ॥ ৫৭

প্রচণ্ড হাস্ক, প্রচণ্ড নাদ ও প্রচণ্ড কলরবের ঘারা জয়শব্দ-পরায়ণ ভৈরবন্ধণ যাহার সমীপে নরকঙ্কাল ধারণ করিয়া আছেন। ৫১

ষিনি নিখিল সিদ্ধ ও মুনিগণ কর্তৃক সেবিভা—এইরূপ কালীকে কান করিবে। সাধকোত্তম উপরি উক্ত যে কোন একটি ধ্যান করিবা মানস উপচারের ঘারা 'সোহহম্' উল্লেখপূর্বক আত্মার অর্চনা করিবে। ইলার পর দেবীর পূজা সমাপন করিয়া হুইটি অর্হ্যের নিবেদন করিবে। ৫২-৫৩

দশদলপদ্মে (মণিপুরে) পূজা করিয়া পীঠপুজা করিবে। তথায় দেবীর আবাহন করিয়া নিয়মপুর্বক সমাহিত হইয়া কৌলিকগণের ভূষণস্করাণা মহাদেবী কালিকার ধ্যান করিবে। ৫৪

পূর্বে মহাকালের যাগ (পূজা) করিয়া পরে পীঠছিতা শক্তির সমতে পূজা করিবে। ৫৫

যিনি কালী, কপালিনী, কুল্লা, কুরুকুলা ও বিরোধিনী। বিবিধ প্রকৃষ্ট চিতত্ত্বক্তা কালীর বহিঃপূজা করার পর পুনরায় ষট্কোণে (স্বাধিষ্ঠানে) পূজা করিবে। ৫৬

বাধিষ্ঠানে পৃত্র। করিবার পর পুনরার ত্রিকোণে অর্থাৎ মূলাধারে উগ্রপ্রভা,

মাত্রাং মৃদ্রাং নিত্যাফৈব তথৈবান্তন্ত্রিকোণকে।
শর্কা শ্যামা অসিকরা মৃগুমালা-বিভূষণা।। ৫৮
তর্জনীং বামহন্তেন ধারমন্ত্রী শুচিস্মিতা।
ব্রাহ্ম্যাছান্তথা বাহ্যে যজেৎ পূর্বেদল-ক্রমাৎ।। ৫৯
ব্রাহ্মী নারায়পী চৈব তথৈব চ মহেশ্বরি।
চাম্গুণিপি চ কৌমারী তথা চৈবাপরাজিতা।। ৬•
বারাহী চ তথা পূজ্যা নারসিংহী তথৈব চ।
সর্ক্রাসামপি দাতব্যা বলিঃ পূজা তথৈব চ।। ৬১
অনুলেপনকং গন্ধং ধূপদীপো চ পানকম্।
ব্রিন্ত্রিঃ পূজা চ কর্ত্ব্যা সর্ক্রাসামপি সাধকৈঃ।। ৬২
পুনর্গন্ধাদিভিঃ পূজ্য জপ্ত্রা শেষং সমর্পয়েং।
সময়ং চার্চ্চয়েং দেব্যা যোগিনী-যোগিভিঃ সহ॥ ৬৩
মধু মাংসং তথা মংস্তাং যৎ কিঞ্চিং কুলসাধনম্।
শক্ত্যৈ দত্বা ততঃ পশ্চাৎ গুরবে বিনিবেদয়েই।। ৬৪

নীপ্তা ও উগ্রমৃত্তি কালিকার অর্চনা করিবে। পুনরার পর-ত্রিকোণে নীল ও ঘন

(মেঘপঙ্ভি) বলাকারূপিণীর পূজা সমাপন করিয়া অন্তঃ-ত্রিকোণে মুদ্রা
প্রদর্শনপূর্বক ধ্যান করিবে। (ত্রিকোণ, পরত্রিকোণ ও অন্তঃ-ত্রিকোণ—
এইভাবে ত্রিকোণেরও ভিনটি ভেদ করা হইয়াছে)। ধ্যান—শর্বা, স্থামা,
- বাঁহার করে অসি আছে, গলায় যাঁহার মৃশুমালা বিভূষিত। ৫৭-৫৮

বামহন্তের দ্বারা যিনি ভর্জনী ধারণ করিয়া আছেন এবং শুদ্রন্সিতা। ব্রাক্ষী প্রভৃতি দেবীগণের পূর্বদলের ক্রম অনুসারে বাহ্যপূক্ষা করিবে। ৫৯

ব্রাহ্মী, নারায়ণী, মহেশ্বরী প্রভৃতির পূজা করিবে। চাম্ণা, কৌমারী, অপরাজিতা, বারাহী ও নারসিংহীকেও সেইরূপ পূজা করিবে। সকল দেবীকেই বলি দিয়া পূজা করিবে। ৬০-৬১

অনুলেপন, গন্ধ, ধৃপ, দীপ এবং পান—এইসকল বস্তু উপহত করিবে।
পুর্বোক্ত সকল দেবীকেই তিন তিনবার পৃজা করা সাধকের কর্তব্য। ৬২

পুনরার গন্ধ প্রভৃতির দারা পূজা করিয়া যথাশক্তি জপ করিবে এবং শেষে জপ সমর্পণ করিবে। যোগীসহ যোগিনীদেবীর কুলানুসারে পূজা করিবে। ৬৩ মধু (মদ্য), মাংস, মংস্য প্রভৃতি যাহা যাহা কুল-সাধন অর্থাং কুলাচারী

তদস্জ্ঞাং মৃদ্ধি কৃত্বা শেষং চাত্মনি ষোজ্ঞাং ।

মধু মাংসং বিনা যম্ভ কৃলপ্জাং সমাচরেৎ।

জন্মান্তর-সহস্রত্য স্কৃতিস্তস্ত নশ্যুতি।। ৬৫

তত্মাৎ সর্বপ্রয়ত্মেন মকার-পঞ্চকৈ-র্যজ্ঞেৎ।

মধুনা ন বিনা মন্ত্রং ন মন্ত্রেণ বিনা মধু।

পরস্পর-বিরোধেন কথং সিদ্ধ্যন্তি সাধকাঃ।। ৬৬

কৃত্ত-কৃত্ত-কপালাদি-পদার্থানাং নিষেবনম্।

সৌরে তন্ত্রে বিরুদ্ধি শৈবে শাক্তে মহাকলম্।। ৬৭

বক্ষাত্তথত্ত-সংভূত-মশেষ-রত্ম-সম্ভবম্।

শ্বেতং পীতং সুগন্ধিঞ্চ নির্মালং ভূরি-তেজ্ঞসম্।। ৬৮

অথবা কৃত্তমধ্যেই ত্মিন্ স্রবন্তং পরমামৃতম্।

অস্তর্ল য়ো বহির্মধ্যে ত্রিকোণোদর-বর্ত্তিনি।। ৬৯

ভদ্বাহাং স্ফাটিকোদার-মণিচন্দ্রঞ্চ মণ্ডলম্।

তেনামৃতেন তদ্ব'হ্যে চিস্তয়েৎ পরমামৃতম্।। ৭০

সম্প্রদায়ানুসারী উপচার, তদ্ধারা পৃঞ্জা করিবে। পূর্বে শক্তিকে নিবেদন করিয়া শুরুকে নিবেদন করিবে। ৬৪

পরে তাঁহার আদেশ মস্তকে ধারণ করিয়া নিজে প্রসাদ গ্রহণ করিবে। মল-মাংস ব্যতীত যে সাধক কুল-পূজার অনুষ্ঠান করে তাহার সহস্র জন্মান্তরের সঞ্চিত সুকৃতিও বিনাশপ্রাপ্ত হইয়া থাকে। ৬৫

সেইজন্য সকলপ্রকার প্রয়ত্ত সহকারে মকার পঞ্চকের ছারা (মংস্ত, মুদ্রা, মাংস, মদ্য ও মৈথুন—পঞ্চ মকার) পূজা করিবে। মদ্য ব্যতীত মন্ত্র এবং মন্ত্র ব্যতীত মদ্য পরস্পর বিষ্ঠে হইলে সাধকের মন্ত্রসিদ্ধি কিরপে সম্ভব হইতে পারে ? ৬৬

কুও, কুভ, কপাল প্রভৃতির সেবন করা সৌরভত্তে বিরুদ্ধ হইলেও শৈব ও শাক্ত তত্তে উহাদের ব্যবহার করিলে মহাফল লাভ হইরা থাকে। ৬৭

ব্রন্ধাণ্ড-খণ্ড-সভ্ত অশেষ রত্নজাত, শ্বেত, পীত, সুগন্ধি, নির্মণ ও প্রভ্ততে তেজ্মৃক্ত এই কুন্তমধ্যে অর্থাৎ শরীরের উদ্ধাদেশে সহস্রারে পরমায়ত সর্বদা চ্যুত হইতেছে এবং সহস্রারেই বর্তমান যে ত্রিকোণ রহিয়াছে উহার মধ্যে ষে পরমায়ত চ্যুত হইতেছে—এইরূপ ধ্যান করিলে অন্তর্গর হইয়া থাকে। ৬৮-৬৯

স্ফটিকের মত স্বচ্ছ মণিখচিত পাত্রে স্থিত যে বাহ্য অমৃত, সেই অমৃতের বারাই পরমামৃতের চিন্তা করিবে। ৭০ আরম্ভন্তরুগং প্রেচিন্তদন্তে তু ন্থাসঃ পুনঃ।
এতিরুল্লাসবান্ যোগী স্বয়ং শিবময়ো যতঃ॥ ৭১
সর্ববেশষে চ দেবেশি সামান্থার্ঘ্যং পদেহর্পয়েৎ।
বিশেষার্ঘ্যং শিরে দত্ত্বা দেব্যাঃ প্রিয়তমো ভবেৎ॥ ৭২
সাক্ষক্রিয়া পদে দত্ত্বা সামান্থার্ঘ্যং শিরে ভবেং।
ইত্যুক্ত্বা স পরাময়ী-শক্তিতোষণ-কারকঃ॥ ৭৩
ভোগেন লভতে মোক্ষং বহুনা জল্লিভেন কিম্।
নিয়মঃ পুরুষে জ্রেয়ো ন যোষিংস্থ কদাচন॥ ৭৪
যদ্বা ভদ্বা যেন কেন সর্ব্বদা সর্বতোহপি চ।
যোষিতাং ধ্যানযোগেন শুদ্ধশেষং ন সংশয়ঃ॥ ৭৫
বালাম্বা যৌবনোম্বত্তাং বৃদ্ধাম্বা মুবতীং ভপা।
কুৎসিতাম্বা মহাত্বস্তাং নমস্কৃত্য বিসর্জ্জয়েং॥ ৭৬
ভাসাং প্রহারো নিল্পাঞ্চ কৌটিল্যমপ্রিয়ং ভপা।
সর্ব্বপা ন চ কর্ত্ব্যং অন্থপা সিদ্ধি-রোধ-কুৎ॥ ৭৭

আরম্ভ, তরুণ ও প্রোঢ়, তাহার পর স্থাস করিবে। এইরূপ অনুষ্ঠানের বারা যে উল্লাসপ্রাপ্ত হয়, উহাতে সাধক যোগী সাক্ষাং শিবে পরিণত হয়। ৭১

হে দেবেশি। সর্বশেষে শক্তির চরণে সামান্যার্ঘ্য অর্পণ করিতে হয়। মস্তকে বিশেষার্ঘ্য অর্পণ করিলে দেবীর প্রিয়তম হওয়া যায়। ৭২

সাক্ষ ক্রিয়া চরণে অপ'ণ করার পর মস্তকে সামাশার্ঘ্য দিতে হয়। পরাশক্তির ভোষণকারী শিব এইরপ বলিয়া কহিলেন যে ভোগের ছারাই মোক্ষলাভ হইতে পারে—এ সম্বন্ধে বেশী ব্লিবার কি প্রয়োজন? যা কিছু নিয়ম সে সব পুরুষের বিষয়েই বুঝিতে হইবে, মহিলার ক্ষেত্রে কোন নিয়ম নাই। ৭৩-৭৪

ভাহারা যে কোন ভাবে সর্বদাই সর্বক্ষেত্রে ধ্যান করিতে পারে। ধ্যান-যোগের দারা মহিলাগণ বিশুদ্ধ হইয়া যায় ইহাতে কোন সন্দেহ নাই। ৭৫

বালিকা, যৌবনোশ্মন্তা যুবতী, বৃদ্ধা, কুংসিতা অথবা মহাত্বতী যে কোন প্রকারের মহিলা হউক না কেন, উহাদের নমস্কার করিয়া বিসর্জন দিবে। ৭৬ মহিলাদের প্রহার করা, ভাহাদের প্রতি কুটিল আচরণ করা এবং যে ইতি তে কশিতং শেষমাচরেৎ লক্ষণং প্রিয়ে।
নিত্যপূজাক্রমং ভক্ত্যা জ্ঞাত্বা সিদ্ধিমবাপুরাৎ।। ৭৮
ইতি দক্ষিণায়ায়ে কন্ধালমালিনীতন্ত্রে সার্ধলক্ষগ্রন্থে
মহাকালী-মন্ত্রপূজা-কথনং নাম চতুর্থঃ পটলঃ।

কোনরূপ অপ্রিয় আচরণ করা সর্বথা ভ্যাগ করা উচিত, অশুথা সাধকের সিদ্ধিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। ৭৭

হে প্রিয়ে ! মহাকালীর মন্ত্রসাধন কহিলাম। পূর্বোক্ত নিত্যপূজার ক্রম ভক্তিপূর্বক জানিয়া আচরণ করিলে সিদ্ধিপ্রাপ্তি হইয়া থাকে। ৭৮

> দক্ষিণায়ায়ে কন্ধালমালিনীভন্তে সাৰ্ধ্বলক গ্ৰন্থে মহাকালী-মন্ত্ৰ-পূজা-কথন নামক চতুৰ্ব পটল সমাপ্ত।

পঞ্চমঃ পটলঃ

[পুরশ্চরণবিধি-কথনম্]

শ্রীপার্ব্বভূয়বাচ—

কথয়স্ব মহাভাগ পুরশ্চরণমৃত্তমম্।
কিস্মিন্ কালে চ কর্ত্তব্যং কলো সিদ্ধিদমন্তুতম্।। ১
ভীঈশ্বর উবাচ—

সামান্ততঃ প্রবক্ষ্যামি পুরশ্চর্য্যাবিধিং শৃণু।
নাশুভো বিহাতে কালো নাশুভো বিহাতে কচিং।। ২
ন বিশেষো দিবারাত্রো ন সন্ধ্যায়াং মহানিশি।
কালাকালং মহেশানি ভ্রান্তিমাত্রং ন সংশয়ঃ।। ৩
প্রলয়ে মহতি প্রাপ্তে সর্বাং গচ্ছতি ব্রহ্মণি।
ভংকালে চ মহাভীমে কো গচ্ছতি শুভাশুভম্॥ ৪
কলিকালে মহামায়ে ভবস্তাল্লায়্ষো জনাঃ।
অনিদ্ধিষ্টায়ুষঃ সর্বের্ব কালচিন্তা কথং প্রিয়ে॥ ৫

[পুরশ্চরণবিধি কথন]

শ্রীপার্যন্তী বলিলেন—হে মহাভাগ। এইবার পুরশ্চরণ বিষয়ে আমাকে বল। যাহা কলিকালে অনুত সিদ্ধিপ্রদ। উহার কোন সময়ে অনুষ্ঠান করা উচিত। ১

শ্রীমহাদেব বলিলেন—সাধারণভাবে পুরশ্চরণবিধি বলিভেছি, শ্রবণ কর। উহার অনুষ্ঠানে কোনো সময় অগুড নয় এবং কোনো স্থানও অগুড নয়। ২

দিবসে বারাত্রিতে কোন বিশেষত থাকে না, আর মহানিশিতে অথবা সন্ধ্যাতেও উহার অনুষ্ঠানে কোনো বিশেষত দেখা যায় না। হে মহেশানি ! অনুষ্ঠানের সময় বা অসময় সংই ভ্রান্তি-মাত্র। ৩

মহাপ্রলয় আসিলে সকল বস্তুই ব্রন্ধে লীন ২ইয়া যায়। হে মহাভীমে 🕫 সেই কাল প্রাপ্ত হইলে শুভ বা অশুভ কোথায় থাকে ? ৪

হে মহামায়ে! কলিকালে মানুষ অল্লায় হইয়া থাকে। সকল প্রাণীই অনির্দ্ধিটায় অর্থাৎ কাহারও আয়ুর কোন নির্দ্ধিট কাল নেই; সুভরাং হে প্রিয়ে! কালবিষয়ক চিন্তা কি করিয়া থাকিতে পারে? ৫ যৎকালং ব্রহ্মচিস্তায়াং তৎকালং সফলং প্রিয়ে।
পুরশ্চর্য্যাবিধে দেবি কালচিস্তাং ন চাচরেৎ॥ ৬
নাত্র শুদ্ধ্যাতপেক্ষাস্তি ন নিষিদ্ধ্যাদি ভূষণম্।
দিক্কালনিয়মো নাত্র স্থিত্যাদি-নিয়মো ন হি॥ ৭
ন জপেৎ কালনিয়মো নার্চ্চাদিদ্বিপি স্কর্মের।
স্বেচ্ছাচারোহত্র নিয়মো মহামন্ত্রস্থ সাধনে॥ ৮
নাধর্ম্মো বিভাতে স্কর্ম্ম প্রচরেৎ ছৃষ্টমানসং।
জম্বুলীপে চ বর্ষে চ কলো ভারতসংজ্ঞকে॥ ৯
য়য়াসাদপি গিরিজে জপাৎ সিদ্ধিন সংশয়ঃ।
মস্ত্রোজং স্বর্বতন্ত্রেষ্ তদভ কথয়ামি তে॥ ১০
স্কুলো শূণু চার্বেঙ্গি কল্যাণি কমলেক্ষণে।
কলো চ ভারতে বর্ষে যেন সিদ্ধিঃ প্রজায়তে॥ ১১
তৎ সর্ব্বং কথয়াম্যভ সাবধানাবধারয়।
কলিকালে বরারোহে জপমাত্রং প্রশস্ততে॥ ১২

যে কালে ব্রহ্মচিন্তা হইতে পারে, সেই কালই হইল ফলদায়ক। হে দেবি ! পুরশ্চরণ বিধিতে কোন প্রকার কালচিন্তা করা উচিত নয়।৬

এবিষয়ে কোন শুদ্ধি প্রভৃতির অপেক্ষা নেই আর নিষিদ্ধাদি ভূষণও নয়। ইহাতে নিক্-কালের কোন প্রকার নিয়ম নেই আর স্থিভি অর্থাৎ স্থানেরও কোন নিয়ম নেই। ৭

হে সুন্দরি । জপে যেমন কোন কালনিয়ম নেই, সেইরূপ পূজাতেও কোন কালের নিয়ম নেই। ওই মহামন্ত্রের সাধনে স্বেচ্ছাচারই হইল নিয়ম।৮

হে সুক্র। জন্ত্রীপে ভারত নামক বর্ষে কলিকালে কোন অধর্ম নাই। কেবল হুইট মনে সকলেই ঘুরিতে থাকে।১

হে গিরিজায়া। ছয় মাসের মধ্যেই জপের ঘারা সিদ্ধি লাভ হয়—ইহাতে কোন সন্দেহ নাই। সকল ডল্লে যে মন্ত্র বলা হইয়াছে, ভাহা আজ ভোমায় বলিব।১০

হে সুভগে পদ্মলোচনে, চার্বাঙ্গি, কল্যাণি। এই কলিকালে ভারভবর্ষে যে ভাবে সিদ্ধিপ্রাপ্ত হয়, আজ ভোমাকে সেই সকল সাধনা বলিব; সাবধান

১। বল্লোফ্রং।

ন তিথিন বিভং হোমং স্নানং সন্ধ্যা প্রশস্ততে।
পুরশ্চর্য্যাং বিনা দেবি কলো মন্ত্রং ন সাধয়েং।। ১৩
সত্যত্রেতার্গং দেবি দ্বাপরং স্থপসাধনম্।
কলিকালে ছরাধর্ষং সর্ব্বছঃখময়ং সদা॥ ১৪
সারং হি সর্ব্ব ভন্ত্রাণাং মহাকালীয়ু কথ্যতে।
প্রাতঃকৃত্যাদিকং কৃত্বা ততঃ স্নানং সমাচরেং॥ ১৫
কৃত্বা সন্ধ্যাং তর্পণঞ্চ সংক্ষেপেণ বরাননে।
পূজাং চৈব বরারোহে যস্তা যৎ পটলক্রমাং।। ১৬
পূজাদ্বারে চ বিত্যস্তা বলিং দত্যাৎ যথাক্রমম্।
প্রাণায়ামত্রয়ক্ষৈব মাষভক্তবলিং তথা।। ১৭
সংকল্পোপাস্তা দেবেশি বলিদানস্তা সাধকঃ।
আদৌ গণপতেবীজং গমিত্যেকাক্ষরং বিছঃ।। ১৮

্হইয়া শ্রবণ কর। হে বরারোহে! কলিকালে কেবল জপমাত্রই প্রশংসনীয়। ১১-১২

তিথি, ব্রত, হোম, স্নান, সন্ধ্যা প্রভৃতির দারা বিশেষ কোন লাভ হয় না। হে দেবি! পুরশ্চরণের অনুষ্ঠান ব্যতীত কলিকালে কোন মন্ত্রসাধনা করা উচিত নয়। ১৩

হে দেবি ! সভা, ত্রেভা ও দ্বাপরযুগ—এই সকল যুগ সুখসাধন অর্থাৎ সভাযুগে, ত্রেভাযুগে ও দ্বাপরযুগে সুখপূর্বক সাধন। হইয়া থাকে—সে যুগের সাধনা কোন কফসাধ্য নয়; কিন্তু কলিকালে সাধনা অভ্যন্ত হঃখময় ও কফ-সাধ্য। ১৪

- মহাকালীর সাধনাতে সকলভন্তের সার কথিত হইতেছে। প্রাভঃকালে প্রাভঃকৃত্যাদি কার্য্য করিয়া স্নান করিবে।১৫

হে বরাননে ৷ পরে সংক্ষেপে সন্ধ্যাও তপ^ৰণ সারিয়া, পৃর্বোজ্ঞ পটলে বাঁহার পৃজাষে ক্রম বলা হইয়াছে, সেই ক্রমে পৃজ্ঞাসমাপন করিবে । ১৬

পূজাদারে যথাক্রমে বলিদান করিবে। তাহার পর ভিনবার প্রাণায়াম করিয়া মাষভক্ত অর্থাৎ মাষকলাই ডালের থিচুরী ইউদেবীকে উপহার দিবার জন্ম প্রস্তুত করিবে। ১৭

হে দেবেশি। সাধক পূর্বোক্ত বলিদানের উদ্দেশ্যে সঙ্কল্প করিয়া, প্রথমতঃ
পং'— এই একাক্ষর গণেশের বীজ লিখিতে হয়—ইহা তন্ত্রবিদ্গণ জানেন। ১৮

^{)।} **श्रृका**टेर्व ।

কন্ধালমালিনীতম্ব্ৰম্

ভূমৌ বিলিখ্য গুপ্তেন বলিং পিণ্ডোপমং ভতঃ ।। ১৯
ওঁ গং গণপতয়ে স্বাহা ইতি মন্ত্রেণ সাধকঃ ।
বলিমিখঞ্চ সর্বত্র বীজোপরি প্রদাপয়েং ।। ২০
ওঁ ভৈববায় ততঃ স্বাহা ভৈরবায় বলিস্ততঃ ।
ওঁ ক্ষং ক্ষেত্রপালায় স্বাহা ক্ষেত্রপাল-বলিং ভতঃ ।। ২১
ওঁ যাং যোগিনীভ্যো নমঃ স্বাহা চ যোগিনী-বলিম্ ।
সংপ্জ্য বিধিনা দ্যাং পূর্ববং ক্রমতো বলিম্ ॥ ২২
কথোপকথনং দেবি ভ্যজেদত্র স্বরালয়ে ॥ ২০
পূর্বের গণপতের্ভদ্রে উত্তরে ভৈরবায় চ ।
পশ্চিমে ক্ষেত্রপালায় যোগিলৈ দক্ষিণে দদেং ॥ ২৪
ইন্দ্রাদিভ্যো বলিং দ্যাং আত্মকল্যাণহেতবে ।
ভদা সিদ্ধিমবাপ্নোভি চাত্রপা হাস্ত-কেবলম্ ॥ ২৫

ভূমিতে সেই একাক্ষর গণপভির বীজমন্ত্রটিকে উপাংগুভাবে লিখিবে, ভাহার পর সাধক সেই মাষকলাইযুক্ত ভাতকে পিণ্ডের আকারে পরিণভ করিবে। ১৯

সাধক 'ওঁ গং গণপভয়ে বাহা'—এই মন্ত্রটির উচ্চারণ করিয়া পূর্বোক্ত ভূমিতে লিখিত বীব্দের উপরে পিশুাকারে পরিণত বলি প্রদান করিবে। ২০

ইহার পর ভৈরব, ক্ষেত্রপাল ও যোগিনীর উদ্দেশে যথাক্রমে 'ওঁ ভিরবায় নমঃ'—এই মন্ত্রের ছারা ভৈরবের উদ্দেশে বলি দিবে। 'ওঁ ক্ষং ক্ষেত্রপালায় নমঃ'—এই মন্ত্রের ছারা ক্ষেত্রপালের এবং 'ওঁ যাং যোগিনীভ্যো নমঃ হাহা'—এই মন্ত্রের ছারা যোগিনীর উদ্দেশে একটি বলি দিবে। বিধিপূর্বক প্রত্যেকটির পূজা করিয়া পূর্বেরই মন্ত ক্রমশঃ বলিদান করিবে। হে ছেবি!' এই দেবালয়ে কখনো কথোপকথন করিবে না। ২১-২৩

হে ভদ্রে । পূর্বদিকে গণপভির, উত্তরদিকে ভৈরবের, পশ্চিমদিকে ক্ষেত্র-পালের এবং দক্ষিণদিকে যোগিনীর উদ্দেশ্যে পূর্বোক্ত বলি প্রদান করিবে । ১৪

নিজের কল্যাণ কামনায় ইন্দ্র প্রভৃতির উদ্দেশ্যেও বলিদান করিবে। এই প্রকার বিধিপূর্বক পূজা ও বলিদান করিলেই সিদ্ধিপ্রাপ্তি হইয়া থাকে। অক্তথাঃ কেবল হাস্তাম্পদই হইতে হইবে। ২৫

পলৈকং মাষকল্পঞ্চ পলমেকঞ্চ তপুলম্।
অৰ্দ্ধতোলং ঘৃতঞ্চিৰ দ্বিমৰ্দ্ধাৰ্দ্ধতোলকম্॥ ২৬
শক্ষিক-তোলকেন বলিং দ্যাং স্থানদ্ধয়ে।
এতেষাং সহযোগেন বলিভ বিভি শাস্তবি॥ ২৭
প্জাস্থানে তথা ভদ্ৰে কৃৰ্ম্মবীজং লিখেন্ততঃ।
চন্দ্ৰবিন্দুময়ং বীজং কৃৰ্মবীজং ইতীরিভম্॥ ১৮
স্থাপয়েদাসনং তত্ত পূজ্য়েৎ পটলক্রমাৎ।
ভূতশুল্ধং ততঃ কৃত্বা প্রাণায়ামং ততঃ পরম্॥ ২৯
অঙ্গভাসং করন্সাসং মাতৃকান্সাসমেব চ।
যঃ কৃর্য্যামাতৃকান্সাসং স শিবো নাত্র সংশয়ঃ॥ ৩০
তত্তম্ভ ভত্মতিলকং ক্রন্তাক্ষং ধারয়েন্ততঃ।
ক্রন্তাক্ষয়ত চ মাহাত্ম্যং ভত্মনশ্চ শৃণু প্রিয়ে॥ ৩১
আগ্রেয়মূচ্যতে ভত্ম ত্র্ম-গোময়-সম্ভবম্।
শোধয়েমূলমন্ত্রেণ অস্টোত্তরশতং জপন্॥ ৩২

একপল পরিমিত মাষকলাই, একপল পরিমিত তত্ত্ব, অর্থতোলা পরিমিত কৃত এবং সিকিতোলা পরিমিত দধি এবং উৎকৃষ্ট সিদ্ধির জন্ম উহাতে একতোলা পরিমিত শর্করা। হে শান্তবি। উপরি উক্ত দ্রবাগুলির মিলনে যে বলিদ্রব্য প্রস্তুত হর, উহার দারা বলিদান করিবে। ২৬-২৭

হে ভয়ে ! পূজাস্থানে এইবার কুর্মবীজ লিখিবে। কেবল চন্দ্রবিন্দুকেই কুর্মবীজ বলা হয়। ২৮

সেহলে আসন পাতিয়া পূর্বোক্ত পটলক্রমে পূজা করিবে। প্রথমতঃ ভূতগুদ্ধি করিয়া পরে প্রাণায়াম করিবে। ২৯

অক্তরাস, করতাস ও মাতৃকাতাস যথাক্রমে করিতে হয়। যিনি মাতৃকা-তাস করেন ভিনি সাক্ষাং শিব—ইহাতে কোন সন্দেহ নাই।৩০

ইহার পর ভস্মের ভিঙ্গক ধারণ করিয়া রুদ্রাক্ষ ধারণ করিবে। রুদ্রাক্ষের ও ভস্মের মাহাম্ম বর্ণন করিভেছি ; ভাহা শ্রবণ কর। ৩১

হৃত্ধ ও গোময়ের দারা নির্মিত ভদ্মকে আগ্নেয় ভদ্ম বলা হয়। সেই ভদ্মকে অক্টোন্তরশত মূল মন্ত্রের জপ করিয়া শোধন করিবে। ৩২ শিরোদেশে ললাটে চ ক্ষন্ধয়োজ্র-প্রদেশকে।
বাহ্বোঃ পার্শ্বরে দেবি কণ্ঠদেশে হৃদি প্রিরে।
ক্রুতির্গা পৃষ্ঠদেশে নাভৌ তুণ্ডে মহেশ্বরি॥ ৩৩
কূর্পরাঘান্তপর্যান্তং কক্ষে গ্রীবাম্ম পার্ব্বতি।
সর্বাঙ্গে লেপয়েৎ দেবি কিমন্তং কথয়ামি তে॥ ৩৪
মধ্যমানামিকাঙ্গুলাঙ্গুর্চেন ভিলকং ততঃ ।
ভিলকং ভিত্ররেখা স্থাৎ রেখানাং নবধা মতঃ।
পৃথিব্যগ্রিস্তথা শক্তিঃ ক্রিয়াশক্তির্মহেশ্বরঃ॥ ৩৫
দেবঃ প্রথমরেখায়াং ভক্ত্যা তে পরিকীর্ত্তিতঃ।
নভস্বাংকৈচব সভগে দ্বিতীয়া চৈব দেবতা।
পরমাত্মা শিবো দেবস্তৃতীয়ায়াশ্চ দেবতা।
এতান্নিত্যং নমস্কৃত্য ব্রিপুণ্ডুং ধারয়েৎ যদি।। ৩৬
মহেশ্বর-ব্রতমিদং কৃত্য সিদ্ধীশ্বরো ভবেৎ।
ব্রহ্মচারী গৃহস্থো বা বনস্থো বা যতিন্তথা।। ৩৭

মস্তকে, ললাটে, স্কন্ধে, ভ্রুপদেশে, গৃই বাহুতে, গৃই পার্শ্বে, কণ্ঠদেশে ও হৃদয়ে হে মহেশ্বরি! গৃই কর্ণে, পৃষ্ঠদেশে, নাভিতে, মুখে, কনুই থেকে বাহু পর্যান্ত ও কক্ষে। হে পার্বতি! উক্ত প্রকারে স্বাক্তে ভন্ম লেপন করা বিধেয়। এ বিষয়ে আর আমার কিছু বলিবার নেই। ৩৩-৩৪

সেই সঙ্গে মধ্যমা, অনামিকা ও অঙ্গুণ্ঠাঙ্গুলির দ্বারা ভিলকও করিতে হয়।
ভিলক করিতে হইলে ভিনটি রেখা করিতে হয়, আর নয়টি রেখা ভদ্ধবিদ্গণের দ্বারা অঙ্গাকৃত হইয়া থাকে। উহা ভিন দেবের প্রভীক—পৃথিবী, অগ্নি
ও শক্তি অথবা ক্রিয়াশক্তি মহেশ্বর। ৩৫

প্রথম রেখার দেবতা মহাদেব; দ্বিতীয় রেখার দেবতা নভয়ান্ এবং তৃতীয় রেখার দেবতা প্রমান্মারূপী শিব। এ দের নমস্কার করিয়া ত্রিপ্তু ধারণ করিবে। ৩৬

এই মাহেশ্বব ব্রভের অনুষ্ঠান করিলে শ্রেষ্ঠ সিদ্ধ হইরা যায়। যে কেহই হউক—ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থী অথবা সন্ন্যাসী। ৩৭

১। छवा। २। नमचारेक्टर।

মহাপাতক-সংঘাতৈর্চ্যতে সর্ব্বপাতকাং।
তথাসক্ষত্রবিট্শুদ্রা-স্ত্রীহত্যাদিষু পাতকৈ:।। ৩৮
বীর-ব্রাহ্মণ-হত্যাভ্যাং মৃচ্যতে স্ব্তগেশ্বরি।
অমস্ত্রেণাপি যঃ কুর্য্যাৎ জ্ঞাত্বা চ মহিমোন্নতিম্।। ৩৯
ত্রিপুণ্ড্র—ভাল-ভিলকো মৃচ্যতে সর্ব্বপাতকৈ:।
পরদ্রব্যাপহরণং পরদারাভিমর্বণম্।। ৪০
পরিনন্দা পরক্ষেত্র-হরণং পরপীড়নম্।
অসত্য-বাক্য-পৈশুস্থাং পারুষ্যং দেববিক্রয়ম্।। ৪১
কুটসাক্ষ্যং ব্রত্যাগং কৈতবং নীচসেবনম্।
গো-মুগাণাং হিরণ্যস্থ তিল-কম্বল-বাসসাম্।। ৪২
অন্ন-ধান্য-কুশাদীনাং নীচেভ্যোহপি পরিগ্রহম্।
দাসীবেশ্যামু কৃষ্ণামু বৃষলীমু নটীমু চ।। ৪০
রজস্বলামু ক্যামু বিধ্বামু চ সঙ্গমে।
মাংস-চর্ম্ম-রসাদীনাং লবণস্য চ বিক্রয়ম্।। ৪৪

উক্তরতের অনুষ্ঠান করিলে মহাপাতক সজ্বাত হইতে মুক্ত হইতে পারে। সকল প্রকার পাতক হইতে মুক্তি পাওয়া সম্ভব। ক্ষত্রিয়া, বৈশ্যা, শুদ্রা ও ষে কোন স্ত্রীহত্যা প্রভৃতি পাতক হইতেও মুক্তিপ্রাপ্তি হইতে পারে। ৩৮

হে সুভগেশ্বরি ! ভশ্মধারণের মহিমা জানিয়া মস্ত্রোচ্চারণ ব্যতীতও যে ব্যক্তিভশ্মধারণ করে, তাহার বীর ও ব্রাহ্মণ হত্যা হইতেও মৃক্তি–প্রাপ্তি হইতে পারে । ৩৯

ললাটে যাঁহার ত্রিপুণ্ডুভিলক শোভিত, তিনি সর্বপ্রকার পাভক হইছে। মৃক্ত হন ; এমনকি, পরদ্রব্যের অপহরণ ও পরস্ত্রীগমনজনিত পাপ হইতেও মৃক্তি। পাওয়া যায়। ৪০

পরনিন্দা, অপরের ক্ষেত্রহরণ, পরপীড়ন, অসত্য ও কঠোর বাগ্ব্যবহার, পিশুনতা এবং দেববিক্রয়। ৪১

কুটসাক্ষ্য, ব্রভত্যাগ, খলতা, নীচ ব্যক্তির সেবা, গো-মৃগ, সুবর্ণ, ভিল, কম্বল ও বস্ত্র, অন্ন, ধাল্য এবং কুল প্রভৃতির নিমন্তরের ব্যক্তি হইতে দান গ্রহণ। দাসী, বেশ্যা, কৃষণা, বৃষলী, নটা, রজম্বলা কল্যা ও বিধবার সঙ্গে সঙ্গম। মাংস, চর্ম, রস প্রভৃতির এবং লবণের বিক্রম—এইসকল পাপ হইতেও মুক্তি লাভ হয়। ৪২-৪৪

এবং রূপাণ্যসংখ্যানি পাপানি বিবিধানি চ। সম্ভ এব বিনশ্যস্তি ত্রিপুগুস্য চ ধারণাৎ।। ৪৫ শিব-দ্রব্যাপহরণাৎ শিবনিন্দাঞ্চ কুত্রচিৎ। নিন্দায়াঃ শিবভক্তানাং প্রায়শ্চিত্রৈর্ন শুদ্ধ্যতি ॥ ৪৬ ত্রিপুগুং শিরসা ধৃত্বা তৎক্ষণাদেব শুদ্ধ্যতি। দেব-দ্রব্যাপহরণে ব্রহ্মস্ব-হরণেন চ।। ৪৭ কুলান্যগ্নয় এবাত্র বিনশ্যস্তি সদাশিবে। মহাদেবি মহাভাগে ব্ৰাহ্মণাতিক্ৰমেণ চ। কুলরক্ষা ভবত্যত্মাৎ ত্রিপুগুস্ত চ সেবনাৎ ॥ ৪৮ ক্লদ্রাক্ষং যস্তা দেহেষু ললাটেষু^১ ত্রিপুণ্ড কম্। যদি স্থাৎ স চ চাণ্ডাল: সর্ব্ব-বর্ণোত্তমোত্তমঃ ॥ ৪৯ যানি ভীর্থানি লোকে**হিমিন্ গঙ্গান্তা সরিভশ্চ যাঃ**। স্নাতো ভবতি সর্বত্ত যল্পলাটে ত্রিপুণ্ড, কম্।। ৫• সপ্ত-কোটি-মহামন্ত্ৰা উপ-মন্ত্ৰান্তথৈব চ। শ্রীবিষ্ণো: কোটি-মন্ত্রশ্চ কোটি-মন্ত্র: শিবস্থা চ। তে সর্বেত ভেন জপ্তা চ যো বিভর্তি ত্রিপুণ্ডুকম্॥ ৫১

এইপ্রকার সকলপ্রকার অসংখ্য বিবিধ পাপ ত্রিপুণ্ড, ধারণের দারা বিনাশ প্রাপ্ত হয়। শিবদ্রব্যাপহরণ অথবা কোনস্থলে শিবনিন্দার আচরণ বা শিব-ভজ্জের নিন্দার দারা যে পাপ হইরা থাকে, ভাহা প্রায়শ্চিত করিলেও বিক্ট হয় না। ৪৫-৪৬

দেবতার দ্রব্যাপহরণ ও ত্রহ্মহহরণ হইতে যে পাপ উৎপন্ন হয়, উহা মন্তকে ত্রিপুণ্ড্রারণ করার সঙ্গে সঙ্গে বিন্ফ হইয়া যায়। ৪৭

হে সদাশিবে! হে মহাদেবি! হে মহাভাগে! ব্রাহ্মণদিগকে অপমান করিলে এই জন্মেই অপমানকারীর বংশ বিনাশপ্রাপ্ত হয়, কিন্তু ত্রিপুশুধারণ করিলে কুলরকা হইয়া থাকে। যাহার শরীরে রুদ্রাক্ষ এবং ললাটে ত্রিপুশু থাকে সে চণ্ডাল হইলেও সকল বর্ণের শ্রেষ্ঠ। ৪৮-৪৯

যাহার ললাটে ত্রিপুণ্ড্র শোভায়মান হয়, সে এই মর্দ্রলোকে স্থিভ যাবভীয় তীর্থ এবং গঙ্গা প্রভৃতি পবিত্র নদীতে কৃতস্থানের তুল্য। ৫০

^{)।} **न**नाष्ट्रेग्र।

সহস্রং পূর্বজাতানাং সহস্রং চ জনিয়্যতাম্।
স্বংশজাতান্ মর্ত্যানাং উদ্ধরেং যন্ত্রিপুশু কুং । ৫২
মিড়েশ্বর্য-গুণোপেতঃ প্রাপ্য দিব্য-বপুস্ততঃ।
দিব্যং বিমানমারুহ্য দিব্যন্ত্রী-শতসেবিতঃ ॥ ৫৩
বিভাগরাণাং সিদ্ধানাং গন্ধর্বাণাং মহৌজসাম্।
ইন্যাদি-লোকপালানাং লোকেষু চ যথাক্রমম্ ॥ ৫৪
ভূক্ত্বা ভোগান্ স্থবিপুলং প্রদেশানাং পুরেষু চ।
ব্রহ্মণঃ পদমাসান্ত তত্র কল্লাযুতং বসেং ॥ ৫৫
বিষ্ণুলোকে চ রমতে আব্রহ্মণঃ শভায়ুষ্ম্।
শিবলোকং ততঃ প্রাপ্য রমতে কালমক্রয়ম্॥ ৫৬
শিব-সাযুজ্যমাপ্নোতি ন স ভূয়োহপি জায়তে।
শৈবে বিষ্ণৌ চ সৌরে চ গাণপত্যেষু পার্বতি।। ৫৭

যে ব্যক্তি ললাটে ত্রিপুণ্ড ধারণ করিয়া থাকে ভাহার, শ্রীবিষ্ণুর কোটি মহামন্ত্র উপমন্ত্র এবং শিবেরও কোটি মহামন্ত্র উপমন্ত্র জপ করিলে যে ফল হয়, সেই ফল প্রাপ্তি হইয়া থাকে। ৫১

সহস্র পুরুষ পূর্ববন্তী এবং সহস্র পুরুষ পরবর্তী হাঁহার। জন্মগ্রহণ করিয়াছেন
ভাষা জন্মগ্রহণ করিবেন ভাঁহাদের সকলকেই ললাটে গৃভ ত্রিপৃণ্ড্র উদ্ধার
করিতে সমর্থ। ৫২

অণিমা, মহিমা, লখিমা প্রভৃতি ষড়ৈশ্বর্যায়ুক্ত হইয়া, দিব্য শরীর ধারণ করিয়া এবং দিব্য বিমানে আরোহণ করিয়া, শত শত দেবাঙ্গনা কর্ত্তক সেবিত হইয়া থাকে। ৫০

বিদাধর, সিদ্ধ, গন্ধর্ব এবং মহাডেজম্বী ইন্দ্র প্রভৃতি লোকপালদিগের লোকে যথাক্রমে। ৫৪

যথেচছ ভোগ করিয়া, অযুভ কল্প পর্যান্ত ব্রহ্মার পদে অধিষ্ঠিত হইয়া বাস করিয়া থাকেন। ৫৫

ৰক্ষার শতায় পর্য্যন্ত বিষ্ণু লোকে রমণ করেন এবং অক্ষয়কাল পর্য্যন্ত শিবলোকে বাস করিয়া থাকেন। ৫৬

হে পার্বতি ৷ শৈব, বৈষ্ণব, সৌর অথবা গাণপত্য—যে কোন সম্প্রদায়ভুক্ত

>। স্বৰংশকাতানাং স্প্র্যানাং উদ্ধরেৎ ব্লিপুঙ্কুকম্।

শক্তিরপা চ যা গোঁঃ স্থাৎ তন্তা গোমর-সম্ভবম্।
তন্ম তেমু মহেশানি বিশিষ্টং পরিকীর্ত্তিতম্।। ৫৮
শৈবোহপি চ বরারোহে সাগুণ্যং বরবর্ণিনি।
শক্তো প্রশক্তমোক্ষং হি তন্ম যৌবন-জীবনে।। ৫৯
অন্যেষাং গো-করীষেণ ভন্ম শক্ত্যাদিকেম্বপি।
সামান্তমেতৎ স্থগ্রোণি বিশেষং শৃণু মৎপ্রিয়ে।। ৬০
করীষ-ভন্মাদনঘে হোমং ভন্ম মহাফলম্।
হোম-ভন্মাৎ কোটিগুণং বিষ্ণু-যোগং মহেশ্বরি।। ৬১
শিব হোমং তদ্বিগুণং তন্মান্ত, শৃণু সুন্দরি।
স্বীয়েষ্ট-দেবতা-হোম-মনস্তং প্রিয়বাদিনি।। ৬২
তন্মাহান্ম্যমহং বক্তুং বক্তু-কোটিশতৈরপি।
ন সমর্থো যোগমার্গে কিমন্তাৎ কথ্য়ামি তে।। ৬৩

হউক না কেন শিবসাযুজ্য প্রাপ্ত হইয়া থাকেন। তি:ন আর এ সংসারে জন্ম-গ্রহণ করেন না। ৫৭

গাভী শক্তি শ্বরূপা, তাহা হইতে উৎপন্ন গোমরজাত ভত্মও বিশিষ্ট শক্তি-উৎপাদক—হে মহেশানি! ইহা তন্ত্রে কীর্ত্তিত হইয়াছে। ৫৮

হে বরবর্ণিনি বরারোহে। শৈবগণও সাগুণ্য লাভ করেন। শাক্তদের পক্ষে তো ভম্ম যৌবন ও জীবনে প্রশস্ত মোক্ষপ্রদ। ৫৯

ভস্মধারণ বিশেষতঃ গোময়ের দ্বারা নির্মিত ভস্ম অস্থা ব্যক্তির পক্ষেও হিতকর—ইহা সাধারণভাবে বলা হইয়াছে। হে সুশ্রোণি! মংপ্রিয়ে! এইবার বিশেষরূপে বলিব, ডাহা শ্রবণ কর। ৬০

হে অনঘে। করীষ অর্থাং ঘুটের ভন্মের অপেক্ষা হোম করিয়া যে ভন্ম হইরা থাকে, তাহা মহাফলপ্রদ। হে মহেশ্বরি। হোমভন্মের অপেক্ষাও কোটিগুণ বিষ্ণুযোগ এবং শিবের উদ্দেশ্যে হোম করিলে যে ভন্ম হইয়া থাকে, উহা পূর্বোক্ত ভন্মের অপেক্ষা দিগুণ ফলপ্রদ। হে সুন্দরি। সেই কারণে উহার প্রক্রিয়া শ্রবণ কর। হে প্রিয়বাদিনি। শ্রীয় ইফাদেবভার উদ্দেশ্যে হোম করিলে, যে ভন্ম নির্মিত হয়, উহা অনন্ত ফলপ্রদ। ৬১-৬২

শতকোটি মৃখের দারাও উহার মাহাত্ম্য বর্ণন করিতে অক্ষম। যোগমার্গের কথা আর কি বলিব ? ৬৩ হোম: কলিষ্গে দেবি জন্থ-দ্বীপস্থ বর্ষকে।
ভারতাখ্যে মহাকালি দশাংশং ক্রমতঃ শিবে॥ ৬৪
নান্তিকান্তে মহামোহে কেবলং হোমমাচরেৎ।
লক্ষ্মাগ্যবৃত্ত্বাপি সহস্রদ্মা বরাননে॥ ৬৫
অষ্টাধিক-শতদ্মপি কাম্যহোমং প্রকল্পয়েং।
নিত্যহোমঞ্চ কর্ত্তব্যং শক্ত্যা চ পরমেশ্বরি॥ ৬৬
প্রজপেরিত্য-পূজায়ামষ্টোত্তর-সহস্রকম্।
অষ্টোত্তর-শতং বাপি অষ্ট-পঞ্চাশতং চরেৎ।। ৬৭
অষ্টবিংশং-সংখ্যকত্বা অষ্টাবিংশতিমেব চ।
অষ্টাদশ দ্বাদশ্চ দশাষ্টো চ বিধানতঃ॥ ৬৮
হোমঞ্চৈব মহেশানি এতৎসংখ্যা-বিধানতঃ।
এবং সর্বত্ত দেবেশি নিত্য-কর্ম-মহোৎসবঃ॥ ৬৯
ইত্থং প্রকারং যৎ ভত্ম অক্টে সংলিপ্য সাধকঃ।
মালাঞ্চৈব মহেশানি নরাস্যান্তুত-পূজিতম্॥ ৭০

হে দেবি ৷ কসিযুগে জম্মনীপের অন্তর্গত এই ভারতবর্ষে হে মহাকালি শিবে ৷ ক্রমশঃ দশাংশ ফললাভ হইয়া থাকে । ৬৪

হে মহামোহে। যাহারা নাস্তিক, তাহারা কেবল হোমের অনুষ্ঠান করিবে। হে বরাননে। সেই হোম লক্ষ অযুত অথবা সহস্রও হইতে পারে। ৬৫

কোন কামনার উদ্দেশ্যে যে কাম্য হোম তাহা অফৌত্তরশত করিলেও চলিবে। হে পরমেশ্বরি। শক্তি অনুসারে নিত্য হোমের অনুষ্ঠান করিতে হয়।৬৬

নিভ্যপ্দাকালে অফোন্তর সহস্র সংখ্যক জপ করিবে। ভাহাতে অক্ষম হইলে অফোন্তর শত, অফোন্তর পঞ্চাশং, অফজিংশং অথবা অফাবিংশতি সংখ্যক জপ করিবে। অফাদশ, ঘাদশ, দশ অথবা অফসংখ্যক জপ ন্যুনপক্ষে অবশ্বই করিবে। ৬৭-৬৮

হে মহেশানি। জপের সংখ্যা অনুসারে হোমও করিবে। হে দেবেশি! এইভাবে সর্বত্র নিত্যকর্মরূপ মহোংসবের অনুষ্ঠান করিবে। ৬৯

উক্ত প্রকারে হোম করিলে যে ভন্ম নির্মিত হয়, সেই ভন্ম সাধক নিজের অঙ্গে লেপন করিয়া মালা ধারণ করিবে। ৭০ গলে দতাদ্বারোহে শক্তশ্চেৎ দিব্যনাসিকে।
ক্রুদ্রাক্ষ-মাল্যং সংধার্য্যং ততঃ শৃণু মম প্রিয়ে॥ ৭১
এবং কৃত্বা তয়া সার্দ্ধং পিতৃ-ভূমৌ স্থিতং ময়া।
মুভগে শৃণু মুক্রোণি ক্রুদ্রাক্ষং পরমং পদম্॥ ৭২
সর্বপাপ-ক্রমকরং ক্রুদ্রাক্ষং ব্রহ্মণীশ্বরি।
অভূক্তো বাপি ভূক্তো বা নীচা নীচতরোহপি বা॥ ৭৩
ক্রুদ্রাক্ষং ধারয়েৎ যস্ত মুচ্যতে সর্বপাতকাৎ।
ক্রুদ্রাক্ষ-ধারণং পুণ্যং কৈবল্য-সদৃশং ভবেৎ॥ ৭৪
মহাব্রতমিদং পুণ্যং ত্রিকোটি-তীর্থ-সংযুত্ম্।
সহস্রং ধারয়েৎ যস্ত ক্রুদ্রাক্ষাণাং শুচিন্মিতে॥ ৭৫
তং নমস্তি মুরাঃ সর্বের্ব যথা ক্রুদ্রস্তবিব সঃ।
অভাবে ভূ সহস্রস্থ বাহেরাঃ ষোড়শ ষোড়শঃ॥ ৭৬
একং শিখায়াং কবচয়োর্ছ দেশ দ্বাদশ ক্রমাৎ।
দ্বাক্রংশৎ কণ্ঠদেশে ভূ চত্বারিংশৎ শিরে তথা॥ ৭৭

হে দিব্যনাসিকে। সামর্থ্য থাকিলে নরান্থির মালা ধারণ করিবে। সরান্থি মাল্য ধারণ করার পর গলার রুদ্রাক্ষের মালাও ধারণ করিবে। ৭১

হে প্রিয়ে! এই প্রকার মালা ধারণ করিয়া আমি তোমার সহিত শ্বশানে নিবাস করিয়া থাকি। হে সুশ্রোণি! হে সুভগে! রুদ্রাক্ষ হইন সাধকের পরম পদ। ৭২

হে ত্রন্ধণীশ্বরি । রুদ্রাক্ষ হইল সকলপ্রকার পাপক্ষরকারী । অভুক্ত অবস্থার,
ভুক্তাবস্থায় যে কোন অবস্থার হউক না কেন নীচ এবং নীচ হইতেও অভি নীচ
ব্যক্তি । ৭৩

রুদ্রাক্ষ ধারণ করিলে সর্বপ্রকার পাপ হইতে মৃক্ত হইরা থাকে। রুদ্রাক্ষ ধারণ অত্যন্ত পুণ্য কর্ম, ইহা ধারণ করিলে কৈবল্যপ্রাপ্ত সদৃশ হইরা যায়। ৭৪

ইহা ত্রিকোটি তীর্থ পর্যাটন-সদৃশ মহাত্রত। হে শুচিন্মিডে! যে সাধক সহস্রসংখ্যক রুদ্রাক্ষ ধারণ করে তাহাকে দেবগণও নমস্কার করিয়া থাকেন। কারণ তাহাতে ও রুদ্রে কোন ভেদ থাকে না। সহস্রের অভাবে হুই বাহুতে যোড়শ যোড়শ করিয়া, একটি শিখাতে, ছাদশ ছাদশ কষ্টে, কণ্ঠদেশে স্থাত্রংশং (৩২) এবং মস্তকে চছারিংশং (৪৪) ধারণ করিবে। ৭৫-৭৭ উভয়েঃ কর্ণয়াঃ ষট্ ষট্ হৃদি অষ্টোত্তরং শতম্।
যো ধারয়তি রুদ্রাক্ষান্ রুদ্রবং স চ পৃজিতঃ ॥ ৭৮
মৃক্তা-প্রবাল-ক্ষটিকৈঃ সূর্য্যেন্দু-মণি-কাঞ্চনৈঃ।
সমেতান্ ধারয়েং যস্ত রুদ্রাক্ষান্ শিব এব সঃ ॥ ৭৯
কেবলানপি রুদ্রাক্ষান্ যো বিভর্তি বরাননে।
তং ন স্পৃশস্তি পাপানি তিমিরাণীব ভাস্করঃ ॥ ৮॰
রুদ্রাক্ষমালয়া জপ্তো মস্তোহনস্ত-ফলপ্রদঃ।
যস্তাক্ষে নাস্তি রুদ্রাক্ষং একোহপি বরবর্ণিনি।
তস্ত জন্ম নিরর্থং স্থাৎ ত্রিপুণ্ড্র-রহিতং যথা॥ ৮১
রুদ্রাক্ষং মস্তকে বদ্ধা শির-মানং করোতি যঃ।
গঙ্গাম্মান-ফলং তস্ত জায়তে নাত্র সংশয়ঃ ॥ ৮২
রুদ্রাক্ষং পৃজয়েৎ যস্ত বিনা তোয়াভিষেচনৈঃ।
যৎ ফলং শিব-পৃজায়াং তদেবাপ্লোতি নিশ্চিতম্॥ ৮৩

ষট্ ষট্ ছয়টি ছয়টি করিয়া গৃইকর্ণে এবং হাদরে অফ্টোন্তর শত (১০৮)।
বৈ সাধক উক্তসংখ্যক রুদ্রাক্ষ ধারণ করে, সে জগতে রুদ্রের ন্যায় পৃঞ্জিত হইয়া
থাকে। ৭৮

মৃক্তা, প্রবাল, ফাটিক, সূর্য্যকান্তমণি, চন্দ্রকান্তমণি অথবা সুবর্ণের ছারা। গ্রে**থিত রুদ্রাক্ষ** যে ব্যক্তি ধারণ করে সে সাক্ষাং শিব। ৭৯

হে বরাননে। যে সাধক কেবল রুদ্রাক্ষও ধারণ করে, তাহাকে কোন পাপ স্পর্শ করিতে পারে না। যেমন অন্ধকার সুর্য্যকে স্পর্শ করিতে পারে না। ৮০

রুদ্রাক্ষের মালার ইউমন্ত্র জপ করিলে অনন্ত ফল প্রাপ্তি হইরা থাকে। হে বরবর্ণিনি! যাহার অঙ্গে একটিও রুদ্রাক্ষ থাকে না, তাহার জন্মই নির্থক বেষন ত্রিপুণ্ড, ধারণ না করিলে। ৮১

মস্তকে রুদ্রাক্ষ বন্ধন করিয়া যে ব্যক্তি শিবের স্থান করিয়া থাকে, তাহার প্রসাসানের তুল্য ফললাভ হইরা যার, ইহাতে কোন সংশয় থাকিতে পারে না। ৮২

ষে ব্যক্তি জলের অভিষেকের দারা রুদ্রাক্ষের পূজা করে তাহার শিবপূজার ক্ষেত্রভাভ হইয়া থাকে। ইহাতে কোন প্রকার সন্দেহ নাই। ৮৩ একবলৈ পঞ্চবলৈ স্থানে শ-মুখেন্তথা।
চতুদদশ-মুখৈর্জপুনা সর্ববিদ্ধিঃ প্রজায়তে ॥ ৮৪
কিং বহুত্যা বরারোহে কৃষা গতিকমন্তুত্য।
রুদ্রাক্ষং যতুতো ধৃষা শিব এব স সাধকঃ ॥ ৮৫
ভত্মনা তিলকং কৃষা পশ্চাৎ রুদ্রাক্ষ-ধারণম্।
প্রাণায়ামং ততঃ কৃষা সংকল্প্যোপাস্থ সাধকঃ ॥ ৮৬
মূলমন্ত্র-সিদ্ধিকামঃ কুর্য্যাচ্চ বর্ণ-পূজনম্।
ঘট্ত্রিংশৎ-বর্ণ-মালার্চা বিস্তারোন্নতি-শালিনি ॥ ৮৭
বিলিপ্য চন্দনং শুদ্ধং সর্ববর্ণাত্মকে ঘটে।
সর্ববাবয়-সংযুক্তান্ বিলিখ্য মাতৃকাক্ষরান্ ॥ ৮৮
গুরুং সংপৃজ্য বিধিবৎ ঘট-স্থাপনমাচরেৎ।
পঞ্চাশনাত্বা-বর্ণান্ পূজ্য়েৎ বিভব-ক্রমাৎ ॥ ৮৯
পঞ্চোপচারৈঃ সংপৃজ্য ধ্যানং কৃষা প্রসন্নধীঃ।
শুক্ল-বিদ্যুৎপ্রতীকাশাং দ্বিভূজাং লোল-লোচনাম্।
কৃষ্ণাম্বর-পরীধানাং শুক্ল-বন্ত্রোত্তরীয়িনীম্ ॥ ৯০

একটি মৃখের দারা, পঞ্চমুখের দারা, ত্রোদেশ মৃখের দারা <mark>অথবা চতুর্দশ্দ</mark> মুখের দারা জপ করিলে সকল প্রকার সিদ্ধিপ্রাপ্তি হইয়া থাকে। ৮৪

্রিপ্রাক্ষ অনেক প্রকার—কাহারও একটি মুখ, কাহারও পাঁচটি মুখ, ১৩টি মুখ ও ১৪টি মুখ)।

হ বরারোহে! অনেক কথনের কোন প্রয়োজন নাই, যে সাধক রুদ্রাক্ষ ধারণ করে, সে সাক্ষাৎ শিবম্বরূপ। ৮৫

ভদ্মের ভিলক ধারণ করিয়া রুদ্রাক্ষ ধারণ করিবে, তাহার পর সাধক এশগায়াম ও সঙ্কল করিয়া উপাসনা আরম্ভ করিবে। ৮৬

্ মূলমন্ত্রের সিদ্ধিলাভের কামনায় বর্ণমালার পূজা করা উচিত। হে বিস্তারোয়তশালিনি! ষট্.তিংশং (৩৬) বর্ণমালার পূজা করা বিধেয়। ৮৭

সর্ববর্ণাত্মক ঘটে বিশুদ্ধ চন্দন লেপন করিয়া সকল অবয়বযুক্ত মাতৃকাক্ষর লিখিবে। (ঘট বলিতে নিজের পঞ্চতাত্মক শরীরকেও বুঝায়, সুভরাং সর্ববর্ণাত্মক এই পঞ্চতাত্মক শরীরে মাতৃকাক্ষর লিখিবার বিবান দেওরা হইয়াছে, ইহা বুঝিতে হইবে)। ৮৮

বিধি অনুসারে গুরুপ্জা করিয়া ঘটস্থাপন করিবে। অনন্তর অনুলোমক্রমে পঞ্চাশং (৫০) মাতৃকাবর্ণগুলির পূজা করিবে। ৮৯

প্রফুল্লবদনে পঞ্চোপচারে পূজা সমাপন করিয়া ধ্যান করিবে –বিহ্যুৎসমূশ

নানাভরণ-ভূষাত্যাং সিন্দুর-তিলকোজ্জ্বলাম্।
কটাক্ষ-বিশিখোদীপ্ত অঞ্জনাঞ্চিত-লোচনাম্॥ ১১
মন্ত্র-সিদ্ধি-প্রদাং নিত্যাং ধ্যায়েৎ সত্ত্ব-স্বরূপিণীম্।
রক্ত-বিহ্যুৎপ্রতীকাশাং দ্বিভূজাং লোল-লোচনাম্॥ ১২
শুক্রাম্বর-পরীধানাং কৃষ্ণ-বস্ত্রোক্তরীয়িনীম্।
নানাভরণ-ভূষাত্যাং সিন্দুর-তিলোকজ্জ্বলাম্॥ ১৩
কটাক্ষ-বিশিখোদীপ্ত-অঞ্জনাঞ্চিত-লোচনাম্।
মন্ত্র-সিদ্ধি-প্রদাং নিত্যাং ধ্যায়েৎ রজ্ঞঃ-স্বরূপিণীম্॥ ১৪
ভ্রমৎ-ভ্রমর-সন্ধাশাং দ্বিভূজাং লোল-লোচনাম্।
রক্ত-বন্ত্র-পরীধানাং কৃষ্ণ-বস্ত্রোক্তরীয়িনীম্॥ ৯৫
নানাভরণ-ভূষাত্যাং সিন্দুর-তিলকোজ্জ্বলাম্।
কটাক্ষ-বিশিখোদীপ্ত-ক্র-লতা-পরিসেবতাম্॥ ৯৬

ভাষর প্রকাশযুক্তা, চপলনয়না, বিভূজা, কৃঞ্চাম্বর-পরিধানা এবং যিনি শুজ্র বসনের মারা উত্তরীয় রচনা করিয়াছেন। ১০

বিনি বিবিধ আভরণ-ভূষণের দারা শোভায়মান, সিন্দুরের ডিলকের দারা বিনি উজ্জ্বল, কটাক্ষবাণের দারা বিনি উদ্দীপ্ত, যাঁহার লোচন অঞ্চনের দারা চর্চিত। ১১

ষিনি সতত মন্ত্রসিদ্ধিপ্রদা, সত্ত্বরূপিণী লোহিতবিহ্যং সদৃশ যাঁহার প্রভা, দ্বিভূজা ও চপলনয়না। ১২

বিনি শুক্লবস্ত্রপরিহিতা, কৃষ্ণবস্ত্রের দারা যিনি উত্তরীয় করিয়াছেন, বিবিধ আভরণ ও ভূষণের দারা বিনি শোভায়মান, বিনি সিন্দুর তিলকের দারা উচ্ছেল। ১৩

কটাক্ষ বাণের দারা যিনি উদ্দীপ্ত, যাঁহার নয়ন অঞ্নের দারা চর্চিত, যিনি সভত মন্ত্রসিদ্ধিপ্রদা, এইরূপ রজঃশ্বরূপিণীকে ধ্যান করিবে। ১৪

ভাম্যমাণ ভ্রমরতুল্য যাঁহার বর্ণ, যিনি চপলনয়না এবং দ্বিভুজা, যিনি রক্ত-বস্ত্র পরিহিতা এবং যাঁহার স্কন্ধে কৃষ্ণবসনে উত্তরীয় শোভায়মান। ১৫

যিনি নানাপ্রকার আভরণ-ভূষণের দারা বিরাজমান, সিন্দ্রের দারা রচিত তিলকোজ্জান, যিনি কটাক্ষ বিশিখের দারা উদ্দীপ্ত, বৃক্ষের শাখা ও লভাদারা বিনি পরিসেবিতা। ১৬

মন্ত্র-সিদ্ধি-প্রদাং নিত্যাং ধ্যায়েন্তমঃ-স্বরূপিণীম্।
ধ্যাত্বা পাত্যাদিকং দত্বা ত্রিগুণাং পৃক্তয়েৎ ক্রমাৎ॥ ৯৭
ওঁ অক্কার-রূপিণ্যৈ নমঃ পাত্যিঃ প্রপৃক্তয়েৎ।
আদি-ধ্যানেন স্কৃভগে যক্তেৎ সন্ত্ব-ময়ীং পরাম্॥ ৯৮
ওঁ কক্কার-রূপিণ্যৈ নমঃ পাত্যাদিভির্যক্তেৎ।
ক্রমাৎ সপ্তদশার্ণং হি দ্বিভীয়ং ধ্যানমাচরন্। ৯৯
ওঁ দক্কার-রূপিণ্যৈ নমঃ পাত্যাদিভির্যক্তেৎ।
ক্রমাৎ সপ্ত-দশার্ণং হি তৃতীয়ং ধ্যানমাচরন্।। ১০০
এবং ক্রমেণ পঞ্চাশৎ-বর্ণং হি পরিপৃক্তয়েৎ।
ইতি তে কথিতং ভদ্রে পঞ্চাশদ্বর্ণপৃক্রমম্।। ১০১
বর্ণানাং পৃক্রনাৎ ভদ্রে দেব-পৃক্তা প্রক্রায়তে।
অনিমান্তিই-সিদ্ধীনাং পৃক্তা স্থাৎ বর্ণ-পৃক্রনাৎ।। ১০২
সপ্ত-কোটি-মহাবিতা উপবিত্যা তথেব চ।
জীবিষ্ণোঃ কোটি-মন্ত্রশ্চ কোটি-মন্ত্রঃ শিবস্ত চ।। ১০৩

বিনি মন্ত্রসিজিদারিনী, বিনি ভ্রমস্বরূপিণী এইরূপ বর্ণমালাকে ধ্যান করিরা।
পান্ত অর্ধ্য প্রভৃতি প্রদান করিরা। যথাক্রমে সত্ত্ব, রজঃ ও তমোগুলের পূজা
করিবে। ১৭

ওঁ অঙ্কারক্রপিণ্যৈ নমঃ—এই মন্তের উচ্চারণ করিয়া পাদ্যের ছারা পৃজ্ঞা করিয়া হে সুভগে! প্রথম ধ্যানের ছারা সম্বুময়ী বর্ণমালার যাগ করিবে। ১৮

ওঁ কন্ধাররূপিণ্যৈ নমঃ—এই মন্ত্রের উচ্চারণ করিয়া পাদ্য প্রভৃতির দার। পূজা করিয়া যথাক্রমে সপ্তদশবর্ণের শ্বিভীয় ধ্যান করিবে। ১১

ওঁ দক্ষারক্রপিল্যৈ নমঃ—এই মন্ত্রের উচ্চারণ করিয়া পাদ্য প্রভৃতির ছারা। পূজন করার অনন্তর যথাক্রমে সপ্তদশ বর্ণের তৃতীয় ধ্যান করিবে। ১০০

এই ক্রমে পঞ্চাশং (৫০) বর্ণের পূজন করিবে। হে ভদ্রে! পঞ্চাশং বর্ণের পূজাবিধি ভোমায় বলিলাম। ১০১

হে ভদ্রে। বর্ণমালার পূজা করিলে দেবপূজা করা হয়। বর্ণমালার পূজার বারা অণিমা, গরিমা, লঘিমা প্রভৃতি অউসিদ্ধিরও পূজা হইয়া থাকে। ১০২

সপ্তকোটি মহাবিদা, উপবিদা, শ্রীবিষ্ণুর কোটি মন্ত্র এবং শিবের কোটি মন্ত্র। ১০৩ প্জনাৎ পৃদ্ধিতং সর্বাং বর্ণানাং সিদ্ধি-দায়কম্।
প্রথমং প্রণবং দ্বা সহস্রং কৃগুলী-মুখে।। ১০৪
মূলবিত্যাং ততা ভদ্রে সহস্র-মুগলং জপেৎ।
ততপ্ত স্বভগে মাতজ্জ পিচ্চ দীপনী-পরাম্।। ১০৫
আদৌ গায়ত্রীমূচ্চার্য্য মূল-মন্ত্রং ততঃ পরম্।
প্রণবঞ্চ ততো ভীমে ত্রয়াণাং সহযোগতঃ।। ১০৬
সদৈবেনাং মহেশানি দীপনীং পরিকীর্ত্তিম্।
এতামপি সহস্রঞ্চ প্রজপেৎ কৃগুলী-মুখে।। ১০৭
